

সহিংসতা, নিপীড়ন ও অধিকারহরণ

আগস্ট ২০২৪ থেকে মে ২০২৬ পর্যন্ত বাংলাদেশে নারী ও শিশুর বিরুদ্ধে সংঘটিত ঘটনাবলীর দলিল

ড. নওরীন তামান্না | রানা মেহের

সহিংসতা, নিপীড়ন ও অধিকারহরণ

আগস্ট ২০২৪ থেকে মে ২০২৬ পর্যন্ত

বাংলাদেশে নারী ও শিশুর বিরুদ্ধে সংঘটিত ঘটনাবলীর দলিল

এই রিপোর্টটি প্রস্তুত করেছেন:

ড. নওরীন তামান্না
(আইনের শিক্ষক; নারী অধিকার ও মানবাধিকার বিষয়ে গবেষক),

রানা মেহের
(শিক্ষক ও হিউম্যান রাইটস একটিভিস্ট)

তারিখ: ০৭.০৬.২০২৬

সহিংসতা, নিপীড়ন ও অধিকারহরণ

আগস্ট ২০২৪ থেকে মে ২০২৬ পর্যন্ত
বাংলাদেশে নারী ও শিশুর বিরুদ্ধে
সংঘটিত ঘটনাবলীর দলিল

প্রথম সংস্করণ/সংক্ষেপিত সংস্করণ: নভেম্বর ২০২৬
কপিরাইট: নওরীন তামান্না, রানা মেহের

প্রচ্ছদ ও অলংকরণ: স্যাম
প্রকাশক: ইন্টারন্যাশনাল ক্রাইমস স্ট্রাটেজি ফোরাম

সর্বস্বত্ব সংরক্ষিত:
এই প্রতিবেদনের সকল স্বত্ব ও মেধাস্বত্ব লেখকদের সংরক্ষিত। লেখকদের পূর্বানুমতি ব্যতীত এই প্রতিবেদনের সম্পূর্ণ বা আংশিক প্রকাশ, পুনঃপ্রকাশ, পুনর্মুদ্রণ, অনুলিপি, বিতরণ বা অন্য কোনো মাধ্যমে ব্যবহার নিষিদ্ধ। স্বত্ব লঙ্ঘনের ক্ষেত্রে লেখকগণ আইনানুগ ব্যবস্থা গ্রহণের অধিকার সংরক্ষণ করেন।

সূচিপত্র

প্রেক্ষাপট ও সার্বিক মূল্যায়ন · 1

অধ্যায় ১ — ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা এবং অন্যান্য সহিংসতা · 5

অধ্যায় ২ — কন্যাশিশুর প্রতি সহিংসতা · 32

অধ্যায় ৩ — সংখ্যালঘু নারীদের ওপর সহিংসতা · 50

অধ্যায় ৪ — মব সংস্কৃতি, মোরাল পুলিশিং ও জনসমক্ষে হয়রানি · 58

অধ্যায় ৫ — প্রো-৭১ ও আওয়ামী লীগ-সংশ্লিষ্ট নারীদের ওপর হামলা, মামলা ও হয়রানি · 70

শেষকথা · 77

প্রতিটি অধ্যায়ের ভেতরে ঘটনাগুলো মাস অনুযায়ী সাজানো হয়েছে। প্রতিটি এন্ট্রিতে মূল পাণ্ডুলিপির প্রকাশের তারিখ ও উৎসের নাম হুবহু রাখা হয়েছে।

প্রেক্ষাপট ও সার্বিক মূল্যায়ন

যখন একটি শিশুর শৈশব ধর্ষণ, সহিংসতা বা ভয়ের কাছে পরাজিত হয়; যখন একজন নারীকে তার পরিচয়, বিশ্বাস বা রাজনৈতিক মতের কারণে লাঞ্ছিত, নির্যাতিত বা নীরব হতে বাধ্য করা হয়; যখন একটি সংখ্যালঘু পরিবার তাদের উপাসনালয়, ঘরবাড়ি বা নিরাপত্তাবোধ হারায়, তখন ক্ষতিগ্রস্ত হয় শুধু কিছু ব্যক্তি নয়, ক্ষতিগ্রস্ত হয় একটি রাষ্ট্রের মানবিক ও নৈতিক ভিত্তি।

আগস্ট ২০২৪ থেকে মে ২০২৬ পর্যন্ত বাংলাদেশে নারী ও শিশুর বিরুদ্ধে সংঘটিত সহিংসতা, নিপীড়ন এবং অধিকারহরণের ঘটনাবলীর একটি দলিল এই প্রতিবেদন। এটি প্রস্তুত করা হয়েছে সংবাদমাধ্যম ও মানবাধিকার সংগঠন সূত্রে প্রকাশিত তথ্যের ভিত্তিতে । একই সঙ্গে এই গবেষণার ফলাফল এবং সংগৃহীত তথ্য-উপাত্তের আরও বিশ্লেষণ নিয়ে একটি গ্রন্থ প্রকাশের কাজ বর্তমানে চলমান রয়েছে।

প্রতিবেদনে নথিভুক্ত ঘটনাগুলো নির্দেশ করে যে আগস্ট ২০২৪-এর রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে নারীর নিরাপত্তা, শিশুদের সুরক্ষা এবং নাগরিক অধিকারের পরিস্থিতির ধারাবাহিক অবনতি ঘটেছে। মুহম্মাদ ইউনূসের নেতৃত্বে একটি অনির্বাচিত ও অসাংবিধানিক প্রশাসন রাষ্ট্রক্ষমতায় অধিষ্ঠিত হয়, যার গণতান্ত্রিক বৈধতা এবং সাংবিধানিক ভিত্তি শুরু থেকেই প্রশ্নবিদ্ধ ছিল। পরবর্তী মাসগুলোতে রাষ্ট্রীয় শাসনের দুর্বলতা, আইন প্রয়োগে শৈথিল্য ও অসমতা, রাজনৈতিক প্রতিশোধ পরায়নতা, বিচারহীনতার সংস্কৃতির বিস্তার এবং মব-নির্ভর সামাজিক ও রাজনৈতিক নিয়ন্ত্রণের উত্থান ক্রমশ স্পষ্ট হয়ে ওঠে। এর ফলে রাষ্ট্রের সুরক্ষা ও জবাবদিহির প্রাতিষ্ঠানিক কাঠামো দুর্বল হয়ে পড়ে এবং অরক্ষিত জনগোষ্ঠীগুলোর নিরাপত্তা মারাত্মকভাবে বিঘ্নিত হয়। এই পরিবর্তিত বাস্তবতার সবচেয়ে বড় মূল্য পরিশোধ করতে হয়েছে নারী, শিশু, ধর্মীয় সংখ্যালঘু এবং রাজনৈতিক পরিচয়ের কারণে লক্ষ্যবস্তুতে পরিণত হওয়া জনগোষ্ঠীগুলোকে। নথিভুক্ত তথ্য-উপাত্ত ইঙ্গিত করে যে আগস্ট ২০২৪-এর পর পরিস্থিতির একটি গুণগত পরিবর্তন ঘটেছে। সহিংসতার ঘটনা শুধু সংখ্যার বিচারে নয়, বরং তার বিস্তৃতি, নৃশংসতা এবং বিচারহীনতার মাত্রার দিক থেকেও নতুন উদ্বেগ সৃষ্টি করেছে।

এই সময়ে ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা, যৌন নিপীড়ন, শিশুদের বিরুদ্ধে যৌন সহিংসতা, জনসমক্ষে নারীদের অপমান ও শারীরিক লাঞ্ছনা, মোরাল পুলিশিং, সংখ্যালঘু নারীদের বিরুদ্ধে সহিংসতা এবং রাজনৈতিক পরিচয়ের কারণে নারীদের লক্ষ্যবস্তুতে পরিণত করার অসংখ্য ঘটনা সামনে এসেছে। একই সঙ্গে দেখা গেছে, বহু ক্ষেত্রে ভুক্তভোগীরা

কার্যকর প্রতিকার, নিরাপত্তা বা ন্যায়বিচার পেতে ব্যর্থ হয়েছেন। ফলে এমন একটি পরিবেশ সৃষ্টি হয়েছে, যেখানে আইনের শাসনের পরিবর্তে মানুষের জীবনকে নিয়ন্ত্রণ করতে শুরু করেছে ভয়, অনিশ্চয়তা এবং মবের শক্তি ।

বিশেষভাবে উদ্বেগজনক হলো শিশু ও কন্যাশিশুদের বিরুদ্ধে সহিংসতার মাত্রা। প্রতিবেদনে নথিভুক্ত ঘটনাগুলোতে দেখা যায়, ধর্ষণ, গণধর্ষণ, যৌন নিপীড়ন, হত্যা এবং অন্যান্য সহিংস অপরাধের শিকারদের মধ্যে বিপুল সংখ্যকই শিশু ও কিশোরী। বিভিন্ন মানবাধিকার সংগঠন ও নারী অধিকার সংগঠনের পরিসংখ্যানও ইঙ্গিত করে যে যৌন সহিংসতার শিকারদের একটি উল্লেখযোগ্য অংশ অপ্রাপ্তবয়স্ক। আরও উদ্বেগজনক হলো, পর্যালোচ্য সময়কালের তথ্যগুলো যাচাই করলে দেখা যায় যে শিশুদের বিরুদ্ধে এসব অপরাধ বিচ্ছিন্ন ঘটনা হিসেবে নয়, বরং একটি ধারাবাহিক ও ক্রমবর্ধমান প্রবণতা হিসেবে সামনে এসেছে। এই প্রতিবেদনে আরও দেখা যায়, শিশু ও কিশোরী, প্রতিবন্ধী নারী, ধর্মীয় সংখ্যালঘু নারী, নারী সাংবাদিক, শিক্ষাবিদ, শিল্পী, ক্রীড়াবিদ, সাংস্কৃতিক ব্যক্তিত্ব, রাজনৈতিক কর্মী এবং প্রো-৭১ পরিচয়ের নারীরা বিশেষভাবে ঝুঁকির মধ্যে পড়েছেন। তাঁদের অনেকেই কেবল সহিংসতা বা হয়রানির শিকারই হননি; বরং শিক্ষা, কর্মসংস্থান, সামাজিক অগ্রগতি এবং নাগরিক অংশগ্রহণের সুযোগ থেকেও বঞ্চিত হয়েছেন।

উদ্বেগের বিষয় হলো, ২০২৬ সালের ফেব্রুয়ারিতে বিএনপি নেতৃত্বাধীন সরকারের ক্ষমতা গ্রহণের পরও পরিস্থিতির কোনো অর্থবহ উন্নতি পরিলক্ষিত হয়নি। বরং এই প্রতিবেদনের তথ্য-উপাত্ত ইঙ্গিত করে যে আগস্ট ২০২৪-এর পর ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বাধীন অনির্বাচিত প্রশাসনের আমলে যে বিচারহীনতা, মব-নির্ভর নিয়ন্ত্রণ, সাম্প্রদায়িক অনিরাপত্তা এবং নারী ও শিশুদের প্রতি সহিংসতার পরিবেশ তৈরি হয়েছিল, তা পরবর্তী সরকারও কার্যকরভাবে প্রতিরোধ করতে ব্যর্থ হয়েছে। ফলস্বরূপ, বহু ক্ষেত্রে সেই একই প্রবণতা অব্যাহত থেকেছে এবং কিছু ক্ষেত্রে আরও গভীর হয়েছে। এই বাস্তবতা দেখায় যে নারী, শিশু এবং সংখ্যালঘুদের নিরাপত্তা আজ কেবল একটি আইনশৃঙ্খলা প্রশ্ন নয়; এটি রাষ্ট্রের রাজনৈতিক সদিচ্ছা, জবাবদিহিতা এবং নাগরিক সুরক্ষা প্রদানের সক্ষমতার প্রশ্ন।

এই প্রতিবেদনে পাঁচটি প্রধান বিষয়ে সংগৃহীত তথ্য ও পরিসংখ্যান উপস্থাপন করা হয়েছে:

১. ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা এবং অন্যান্য সহিংসতা

২. কন্যাশিশুর প্রতি সহিংসতা

৩. সংখ্যালঘু নারীদের ওপর সহিংসতা

৪. মব সংস্কৃতি, মোরাল পুলিশিং ও জনসমক্ষে হয়রানি

৫. প্রো-৭১ ও আওয়ামী লীগ-সংশ্লিষ্ট নারীদের ওপর হামলা, মামলা ও হয়রানি

সব মিলিয়ে এই প্রতিবেদন এমন একটি বাস্তবতার চিত্র তুলে ধরে, যেখানে নারী ও শিশুদের বিরুদ্ধে ক্রমবর্ধমান সহিংসতা, সংখ্যালঘু সম্প্রদায়ের অনিরাপত্তা এবং রাজনৈতিকভাবে চিহ্নিত নারীদের বিরুদ্ধে নিপীড়ন একই বৃহত্তর সংকটের ভিন্ন ভিন্ন প্রকাশ। এটি কেবল কিছু অপরাধমূলক ঘটনার সমষ্টি নয়; বরং আইনের শাসন, জবাবদিহিতা, মানবাধিকার সুরক্ষা এবং গণতান্ত্রিক অংশগ্রহণের গভীরতর সংকটের প্রতিফলন। এই অর্থে নারী ও শিশু কেবল একটি জনগোষ্ঠী নয়; তাদের প্রতি আচরণই আমাদের দেখায় ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের চেতনা এবং একটি অন্তর্ভুক্তিমূলক ও গণতান্ত্রিক বাংলাদেশের আদর্শ কতটা সুরক্ষিত বা কতটা ঝুঁকির মধ্যে রয়েছে।

এই প্রতিবেদন তাই শুধু অতীতের ঘটনাবলীর রেকর্ড নয়; এটি একটি জরুরি সতর্কবার্তা। কারণ, কোনো সমাজে যখন নারী, শিশু এবং সংখ্যালঘুরা নিরাপত্তাহীন হয়ে পড়ে, তখন তা কেবল মানবাধিকার সংকটের নয়; রাষ্ট্রের নৈতিক, সামাজিক এবং প্রাতিষ্ঠানিক ভিত্তি দুর্বল হয়ে পড়ারও সতর্কবাণী শোনায়।

১

ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা এবং অন্যান্য সহিংসতা

অধ্যায় ১

ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা এবং অন্যান্য সহিংসতা

আগস্ট ২০২৪-এর রাজনৈতিক পটপরিবর্তনের পর বাংলাদেশে ধর্ষণ, গণধর্ষণ, ধর্ষণের পর হত্যা এবং অন্যান্য যৌন সহিংসতার ঘটনা উদ্বেগজনকভাবে বৃদ্ধি পায়। এই প্রতিবেদনে নথিভুক্ত ঘটনাগুলো দেখায় যে বহু নারী ও কন্যাশিশুর জন্য জনপরিসর, কর্মক্ষেত্র, শিক্ষাপ্রতিষ্ঠান এমনকি নিজ ঘরও নিরাপদ থাকেনি। ধর্ষণ ও গণধর্ষণের বহু ঘটনার সঙ্গে চরম শারীরিক নির্যাতন, হত্যা এবং অপরাধের আলামত গোপনের চেষ্টা জড়িত ছিল।

এই ঘটনাগুলো যৌন সহিংসতাকে কেবল বিচ্ছিন্ন অপরাধ হিসেবে নয়, বরং ভয় সৃষ্টি, নারীদের দমিয়ে রাখা এবং তাদের ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার একটি নির্মম হাতিয়ার হিসেবে তুলে ধরে। বিশেষভাবে উদ্বেগজনক হলো ধর্ষণের পর হত্যা এবং অপরাধের চিহ্ন মুছে ফেলার প্রবণতা। প্রতিবেদনে নথিভুক্ত একাধিক ঘটনায় ধর্ষণের পর মরদেহ গোপন, নির্জন স্থানে ফেলে রাখা কিংবা অপরাধ আড়াল করার চেষ্টা দেখা গেছে। এসব ঘটনা শুধু অপরাধের নৃশংসতাই নয়, বরং অপরাধীদের বিচার এড়িয়ে যাওয়ার আত্মবিশ্বাস এবং ভুক্তভোগীদের প্রতি গভীর অবমাননাও প্রকাশ করে।

প্রতিবেদনটি আরও দেখায় যে সংখ্যালঘু নারী, বিশেষ করে হিন্দু এবং পাহাড়ি ও আদিবাসী সম্প্রদায়ের নারীরা অতিরিক্ত ঝুঁকির মধ্যে ছিলেন। বহু ক্ষেত্রে যৌন সহিংসতা কেবল একজন নারীর বিরুদ্ধে অপরাধ ছিল না; বরং একটি পরিবার, একটি সম্প্রদায় বা একটি জনগোষ্ঠীর মধ্যে ভয় ও নিরাপত্তাহীনতার বার্তা পৌঁছে দেওয়ার মাধ্যম হিসেবেও ব্যবহৃত হয়েছে।

সব মিলিয়ে এই অধ্যায়ে নথিভুক্ত ঘটনাগুলো দেখায় যে যৌন সহিংসতা কেবল আইনশৃঙ্খলার প্রশ্ন নয়; এটি নারী অধিকার, মানবিক মর্যাদা, সামাজিক নিরাপত্তা এবং আইনের শাসনের একটি গভীর সংকটের প্রতিফলন।

আগস্ট, ২০২৪

১. প্রকাশিত: ১১ অগাস্ট, ২০২৪/আরটিভিঅনলাইন: রাজধানীর কেরানীগঞ্জে পানগাঁও এলাকায় রাস্তা থেকে ২ তরুণীকে তুলে নিয়ে সংঘবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। দুই তরুণীকে উদ্ধার করে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

২. প্রকাশিত: ২২ আগস্ট, ২০২৪/ the daily Campus: ২২ আগস্ট ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসির রাজু ভাস্কর্যে অবস্থান নিয়ে ও বিক্ষোভ সমাবেশ করে শিক্ষা প্রতিষ্ঠানে হিজাব বিরোধী ১০০ শিক্ষকের তালিকা প্রকাশ করেছে `অধিকার সচেতন শিক্ষার্থী সমাজ' নামক একটি সংগঠন।

৩. প্রকাশিত: ৩১ অগাস্ট, ২০২৪/প্রথম আলো: ২৯ অগাস্ট কুমিল্লার তিতাস উপজেলায় ত্রাণ দেওয়ার কথা বলে মানসিক ভারসাম্যহীন এক নারীকে (৩৫) দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটেছে ।

৪. প্রকাশিত: ৩১ অগাস্ট, ২০২৪/প্রথম আলো: রাজশাহীতে প্রকাশ্যে বিদ্যুতের খুঁটিতে বেঁধে দুই নারীকে নির্যাতন করা হয়।

সেপ্টেম্বর, ২০২৪

১. প্রকাশিত: ১ সেপ্টেম্বর ২০২৪/ প্রথম আলো: ঢাকার ভাসমান যৌনকর্মীরা অভিযোগ করেছেন, কয়েক দিন ধরে বিভিন্ন এলাকায় তাঁদের মারপিট করছেন কিছু যুবক।

২. প্রকাশিত: ২ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: মহিলা পরিষদের সেপ্টেম্বর ২০২৪-এর প্রতিবেদন অনুযায়ী, ২০২৪ সালের সারাদেশে ২২৩ জন নারী ও কিশোরী সহিংসতার শিকার হয়েছেন, যার মধ্যে হত্যা ও ধর্ষণের ঘটনাই ছিল সর্বাধিক। এদের মধ্যে ১১৫ জন নারী ও কিশোরী হয় খুন হয়েছেন অথবা ধর্ষণের শিকার হয়েছেন। হত্যার শিকারদের মধ্যে নারীরাই ছিলেন সর্বাধিক, অন্যদিকে ধর্ষণের ক্ষেত্রে কিশোরীদেরকেই তুলনামূলকভাবে বেশি লক্ষ্যবস্তু করা হয়েছে।

৩. প্রকাশিত: ৭ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: ৫ আগস্ট রাজশাহীর পঞ্চবটি শ্মশানঘাট এলাকায় ৫ আগস্টে মিছিল থেকে এক ছাত্রীকে তুলে নিয়ে ধর্ষণের পর হত্যা করে লাশ পদ্মা নদীতে ভাসিয়ে দেওয়ার অভিযোগে দুই তরুণকে আটক করে পিটুনি দিয়ে পুলিশে দিয়েছে জুলাই ২০২৪ এর নেতারা। ধর্ষণ ও হত্যার অভিযোগে তাদের আটক করা হলেও ভুক্তভোগী ছাত্রীর বিষয়ে নিশ্চিত করে কেউ কিছু বলতে পারেনি। পুলিশও বলছে, ৫ আগস্ট তারা এমন ঘটনার কথা শোনেনি। এ পর্যন্ত কোনো অভিভাবকও এমন ঘটনার কথা থানা-পুলিশকে জানায়নি।

৪. প্রকাশিত: ৭ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: ৫ সেপ্টেম্বর পঞ্চগড়ের তেঁতুলিয়া উপজেলায় বুদ্ধিপ্রতিবন্ধী এক কিশোরীকে (১৪) দলবদ্ধ ধর্ষণের অভিযোগে চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৫. প্রকাশিত: ১১ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: ৬ সেপ্টেম্বর চট্টগ্রামে এক নারী চলন্ত বাসে চালক ও সহকারী (হেলপার) দ্বারা ধর্ষণের শিকার হয়েছেন।

৬. প্রকাশিত: ১২ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: ৮ সেপ্টেম্বর নারায়ণগঞ্জের ফতুল্লা থেকে ঢাকায় কয়েকজন নারীর সঙ্গে ত্রাণ নিতে এসে রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ধর্ষণের শিকার হন ৬৫ বছর বয়সী এক নারী।

৭. প্রকাশিত: ১৮ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: ১৭ সেপ্টেম্বর নাটোরে এক গৃহবধূকে ধর্ষণের সাথে জড়িত থাকার অভিযোগে ছয় যুবককে আটক করেছে পুলিশ।

৮. প্রকাশিত: ১৯ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: চট্টগ্রামে বিধবা এক নারীকে ধর্ষণের চেষ্টা করেন স্বামী এবং তা তাঁর স্ত্রী মুঠোফোনে ভিডিও ধারণ করেন।

৯. প্রকাশিত: ১৯ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: গণপরিবহন ও জনপরিসরে ধর্ষণ-হত্যাসহ নারী ও মেয়েশিশুর প্রতি সব ধরনের সহিংসতা বন্ধের দাবি জানিয়েছে বাংলাদেশ মহিলা পরিষদ প্রেসক্লাবের সামনে এক মানববন্ধন থেকে। মানববন্ধনে বক্তারা বলেন, জুলাই ২০২৪ এর অগ্রভাগেও নারীরা ছিলেন। সেই নারীরা এখন নিরাপত্তাহীনতায় রয়েছেন। দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির যে অবনতি হয়েছে, এর ফলাফল শুধু অর্ধেক জনগোষ্ঠীর নারী সমাজের ওপর বর্তাবে, এটা কোনোভাবেই কাম্য নয়। বিশ্ববিদ্যালয়গুলোতে নারীর প্রতি সহিংসতা, যৌন নিপীড়ন ও নির্যাতনমুক্ত হিসেবে গড়ে তুলতে আহ্বান জানানো হয়।

১০. প্রকাশিত: ২০ সেপ্টেম্বর ২০২৪/প্রথম আলো: ১৮ সেপ্টেম্বর কিশোরগঞ্জের কুলিয়ারচরে সিএনজিচালিত অটোরিকশায় করে বাড়িতে ফেরার পথে চালক এবং সহযোগীর বিরুদ্ধে এক কলেজছাত্রীকে এক দলবদ্ধ ধর্ষণের ঘটনা ঘটে ।

১১. প্রকাশিত: ২২ সেপ্টেম্বর ২০২৪/প্রথম আলো: সাতক্ষীরার দেবহাটা উপজেলায় ৬৭ বছরের এক বৃদ্ধা ধর্ষণের শিকার হয়েছেন বলে অভিযোগ উঠেছে। গুরুতর অবস্থায় ওই বৃদ্ধাকে সাতক্ষীরা সদর হাসপাতালে ভর্তি করা হয়েছে। তাঁর অস্ত্রোপচার দরকার বলে জানিয়েছেন চিকিৎসক।

১২. প্রকাশিত: ২৪ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: চট্টগ্রাম নগরের পাহাড়তলী রেলস্টেশনে বন্ধুর সঙ্গে কুমিল্লা থেকে চট্টগ্রামে আসা এক ১৫ বছর বয়সী কিশোরীকে দলবদ্ধ ধর্ষণ করা হয়।

১৩. প্রকাশিত: ২৬ সেপ্টেম্বর ২০২৪/প্রথম আলো: ২৫ সেপ্টেম্বর কুমিল্লার বরুড়ায় রাস্তা থেকে এক গৃহবধূকে (২২) তুলে নিয়ে গিয়ে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

অক্টোবর, ২০২৪

১. প্রকাশিত: ৫ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ৩ অক্টোবর লালমনিরহাটের হাতীবান্ধা উপজেলার একটি শালবনে নিয়ে গিয়ে কলেজছাত্রীকে দলবদ্ধভাবে ধর্ষণের ঘটনা ঘটে। জানা গেছে, এক ব্যবসায়ীর ছেলে ওই ছাত্রীকে বিয়ের প্রলোভন দেখিয়ে প্রথম ধর্ষণ করেন এবং ধর্ষণের ভিডিও মুঠোফোনে ধারণ করেন। পরে ওই ভিডিও দেখিয়ে তাঁকে কয়েকজন সংঘবদ্ধভাবে ধর্ষণ করে।

২. প্রকাশিত: ২০ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ১৯ অক্টোবর বরিশালে স্বামীর সঙ্গে আবাসিক হোটেলে রাতযাপনের ভিডিও ধারণ করে তা সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে ছড়িয়ে দেওয়ার হুমকি দিয়ে এক গৃহবধূকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে।

৩. প্রকাশিত: ২১ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ধর্ষণকারীদের দ্রুত শাস্তি নিশ্চিত, সংশ্লিষ্ট আইনের সংস্কারসহ পাঁচ দফা দাবিতে বিক্ষোভ সমাবেশ করেছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

৪. প্রকাশিত: ২২ অক্টোবর ২০২৪/প্রথম আলো: নারীর নিরাপত্তা নিশ্চিত করা এবং নির্যাতন ও ধর্ষণের দ্রুত বিচারের দাবিতে সমাবেশ ও মশালমিছিল করেছেন নারী শিক্ষার্থীরা।

৫. প্রকাশিত: ২৫ অক্টোবর ২০২৪/প্রথম আলো: রাজবাড়ীর কালুখালীতে ধানখেত থেকে নারীর অর্ধগলিত মরদেহ উদ্ধার হওয়ার দুই সপ্তাহ পর পরিচয় পাওয়া গেছে। জানা গেছে প্রেমের ফাঁদে ফেলে ওই নারীকে ধর্ষণ ও হত্যা করা হয়েছে।

৬. প্রকাশিত: ২৬ অক্টোবর ২০২৪/প্রথম আলো: নোয়াখালীর কোম্পানীগঞ্জ উপজেলার চর এলাহী ইউনিয়নের একটি দুর্গম চরে মা ও মেয়েকে ঘর থেকে তুলে নিয়ে ২০ অক্টোবর দলবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে।

নভেম্বর, ২০২৪

১. প্রকাশিত: ৮ নভেম্বর ২০২৪/প্রথম আলো: ১০ সেপ্টেম্বর জামালপুরের মেলান্দহে গৃহবধূকে ধর্ষণ ও হত্যার ঘটনায় এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাব। ধর্ষণের পর ওই গৃহবধূকে হত্যা করা হয়। প্রতিবেশীরা মুখে কাপড় গোঁজা এবং হাত-পা বাঁধা অবস্থায় তার মরদেহ উদ্ধার করে।

২. প্রকাশিত: ৮ নভেম্বর ২০২৪/প্রথম আলো: চট্টগ্রামের মিরসরাইয়ে ৭ নভেম্বর এক কিশোরীকে (১৭) দলবদ্ধ ধর্ষণের অভিযোগে রিয়াজ উদ্দিন (২৭) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ।

৩. প্রকাশিত: ৯ নভেম্বর ২০২৪/প্রথম আলো: ৫ আগস্টের পর দেশের বিভিন্ন থানায় হামলা ও পুলিশ হতাহতের ঘটনা ঘটে। নিরাপত্তাহীনতার মধ্যে পুলিশের অনুপস্থিতিতে কোনো কোনো থানায় কার্যক্রম বন্ধ হয়ে যায়। ফলে কোনো

কোনো নির্যাতনের ঘটনায় মামলা হয়নি, কোনো ঘটনায় আবার মামলা করতে দেরি হয় ভুক্তভোগীদের। পুলিশ সদর দপ্তরের তথ্য অনুযায়ী

ক. নারী ও শিশু নির্যাতনের ঘটনায় থানাগুলোতে সবচেয়ে কম মামলা হয়েছে আগস্টে।

খ. অন্য মাসের তুলনায় এ মাসে ১৩ থেকে ৪৭ শতাংশ মামলা কম হয়েছে।

৪. প্রকাশিত: ১৩ নভেম্বর ২০২৪/প্রথম আলো: ৮ নভেম্বর রাতে ঢাকা জেলার দোহারে ওয়াজ মাহফিল থেকে ফেরার পথ পূর্বপরিচিত এক তরুণ বাসায় পৌঁছে দেওয়ার নাম করে রাস্তায় অন্য দুই তরুণ সহ তিনজন মিলে তরুণীকে ধর্ষণ করেন।

ডিসেম্বর, ২০২৪

১. প্রকাশিত: ৩ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: ২৪ নভেম্বর বগুড়ার ধুনট উপজেলায় বিদেশে পাঠানোর লোভ দেখিয়ে এক ব্যক্তিকে অন্য জায়াগায় পাঠিয়ে এক রিকশাচালকের বাড়িতে গিয়ে আদম পাচারকারী অস্ত্রের মুখে জিম্মি করে তাঁর স্ত্রীকে ধর্ষণ করেন।

২. প্রকাশিত: ৪ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: ১২টি সংগঠনের প্ল্যাটফর্ম দ্য সিভিল সোসাইটি অর্গানাইজেশন (সিএসও) আয়োজিত সম্মেলনে বলা হয় ধর্ষণের প্রমাণ হিসেবে দেশে 'টু ফিঙ্গার টেস্ট' (টিএফটি) নিষিদ্ধ হয়েছে ২০১৮ সালে। নিষিদ্ধের ছয় বছর পরও দেশের বিভিন্ন স্থানে ধর্ষণের শিকার হওয়ার অভিযোগকারী নারী ও শিশুর মেডিকেল পরীক্ষা হিসেবে টিএফটি চলছে। প্রচার ও সচেতনতার অভাবে অভিযোগকারীকে আইনি সহায়তা দেওয়ার লক্ষ্যে অনেক সরকারি হাসপাতালে এই পরীক্ষা করা হচ্ছে। টিএফটিকে অমানবিক, অনৈতিক, অবৈজ্ঞানিক ও অনির্ভরযোগ্য উল্লেখ করে এর প্রয়োগ বন্ধে তদারকি বাড়ানোর ওপর জোর দিয়েছেন গবেষক, চিকিৎসক, আইনজীবী ও অধিকারকর্মীরা।

৩. প্রকাশিত: ১১ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে পূর্ব প্রেমিক চা পানের কথা বলে ডেকে নিয়ে শহরের শালগাড়িয়া ফরেস্টপাড়ায় একটি পরিত্যক্ত ঘরে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

৪. প্রকাশিত: ১২ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: কিশোরগঞ্জের ভৈরবে এক তরুণীকে (১৯)ধর্ষণ ও ধর্ষণের ভিডিও ধারণ করে ছড়িয়ে দেওয়ার অভিযোগে হুমায়ুন আহমেদ নামের এক প্রবাসী ও তাঁর স্ত্রীকে গ্রেপ্তার করেছে পুলিশ। পরকীয়ার রেশ ধরে ৩ অক্টোবর হুমায়ুনের অনুরোধে দেখা করতে গেলে সেখানে তাকে ধর্ষণ করেন এবং ভিডিও ও ছবি তুলে রাখেন। বাড়াবাড়ি করলে ভিডিও ছড়িয়ে দেওয়ার হুমকি দেন। এ ঘটনায় মেয়েটি মানসিকভাবে ভেঙে

পড়েন। কয়েক দিন পর হুমায়ুন আবার মেয়েটিকে দেখা করতে বলেন। মেয়েটি রাজি না হওয়ায় ভিডিও ও ছবি মেয়েটির স্বজনদের পাঠিয়ে সম্মানহানি করেন।

৫. প্রকাশিত: ২৮ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: ২৪ ডিসেম্বর নড়াইল সদর উপজেলায় সংরক্ষিত ওয়ার্ডের এক নারী ইউপি সদস্যকে দলবদ্ধ ধর্ষণের পর মুখে বিষ ঢেলে দেওয়ার অভিযোগ পাওয়া গেছে। ঘটনার দুই দিন পর যশোর জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বৃহস্পতিবার রাতে তাঁর মৃত্যু হয়। টিসিবির মালামাল বিতরণ শেষে বাড়ি ফেরার পথে স্থানীয় যুবক রাজিবুল পাওনা টাকা দেওয়ার জন্য ওই ইউপি সদস্যকে ফোন করেন। এরপর তিনি টাকা আনতে তাঁর ইউনিয়নের এক ব্যক্তির বাড়িতে গেলে রাজিবুলসহ কয়েকজন তাঁকে ধর্ষণ করে এবং দুই লাখ টাকা চাঁদা দাবি করে। ভুক্তভোগী নারী বিষয়টি সবাইকে জানিয়ে দেওয়ার হুমকি দিলে তাঁর মুখে বিষ ঢেলে দেওয়া হয়।

জানুয়ারী, ২০২৫

১. প্রকাশিত: ৯ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: কক্সবাজারের মহেশখালীতে ঘরে ঢুকে এক গৃহবধূকে (২২) নির্যাতন ও ধর্ষণ করে ঘরে রাখা সাড়ে তিন লাখ টাকা লুট করে নিয়ে গেছে দুর্বৃত্তরা।

২. প্রকাশিত: ১৪ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: কুমিল্লার নাঙ্গলকোটে এক যুবকের সঙ্গে দেখা করতে গিয়ে এক তরুণী ও তাঁর বান্ধবী দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন।

৩. প্রকাশিত: ১৪ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: নওগাঁর মহাদেবপুর উপজেলায় একটি বাড়িতে ডাকাতির পর গৃহবধূকে তুলে নিয়ে দলবদ্ধ ধর্ষণের ঘটনায় জড়িত থাকার অভিযোগে সাতজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৪. প্রকাশিত: ১৪ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: পঞ্চগড়ের আটোয়ারী উপজেলায় রেলপথের ওপর থেকে অজ্ঞাতপরিচয় এক নারীর খণ্ডিত লাশ উদ্ধার করেছে পুলিশ। ট্রেনে কাটা পড়লেও ওই নারীকে ধর্ষণের পর হত্যা করে দুর্ঘটনা হিসেবে দেখাতে রেলপথে ফেলে দেওয়া হয়েছে বলে ধারণা করা হচ্ছে।

৫. প্রকাশিত: ১৫ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: সহকর্মীকে ধর্ষণচেষ্টার অভিযোগে চট্টগ্রাম নগরের চান্দগাঁও থানাধীন মোহরা এলাকায় একটি শিক্ষাপ্রতিষ্ঠানের প্রধান শিক্ষককে আটকে রেখে মারধর করেছেন এলাকাবাসী। এলাকাবাসীর অভিযোগ, বিভিন্ন সময় ছাত্রীদের শ্লীলতাহানি করেছেন ওই শিক্ষক। সর্বশেষ আজ দুপুরে শিক্ষাপ্রতিষ্ঠানে একজন সহকর্মীকে ধর্ষণের চেষ্টা করেন তিনি।

৬. প্রকাশিত: ১৮ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: হবিগঞ্জের শায়েস্তাগঞ্জ উপজেলায় অটোরিকশা করে বাড়ি ফেরার পথে ধর্ষণের শিকার হন এক তরুণী। তাঁর সঙ্গে থাকা অপর এক তরুণীকেও লাঞ্ছিত ও ধর্ষণের চেষ্টা করা হয়। যে

তরুণী ধর্ষন হয়েছেন, তার বিয়ে উপলক্ষ্যে সে এবং তাঁর বান্ধবী ছুটি নিয়ে ঢাকা থেকে বাড়ি ফিরছিলেন। বাস থেকে নেমে বাড়ি ফেরার পথে অটোরিক্সাচালক এবং আরও দুজন মিলে তাদের নির্যাতন এবং ধর্ষন করে।

৭. প্রকাশিত: ১৯ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: ঢাকার ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরির (এনএফডিপিএল) বিভিন্ন বছরের ডিএনএ পরীক্ষার তথ্য বিশ্লেষণ করে দেখা গেছে, ধর্ষণের মামলার ৯২ শতাংশ ডিএনএ পরীক্ষার প্রতিবেদন নিয়ে জট তৈরি হয়েছে। প্রকল্প নিয়ে অনিশ্চয়তা, জনবল-সংকট ও প্রয়োজনের তুলনায় পরীক্ষার ব্যবস্থা কম থাকায় ডিএনএ পরীক্ষার প্রতিবেদন তৈরিতে দীর্ঘ জট তৈরি হয়েছে। সবচেয়ে বেশি জট তৈরি হয়েছে ধর্ষণের মামলার। ল্যাবে এখন ২০২২ সালের ধর্ষণের মামলার ডিএনএ প্রতিবেদনগুলো ছাড় করা হচ্ছে। ২০২৩ ও ২০২৪ সালের ১ হাজার ৩০৪টি পরীক্ষার মধ্যে ১০০টির মতো প্রতিবেদন দিতে পেরেছে ল্যাব।

৮. প্রকাশিত: ২২ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: সারা দেশে আটটি বিভাগীয় স্ক্রিনিং ল্যাবরেটরিতে ডিএনএ পরীক্ষার আলামত সংগ্রহের ব্যবস্থা থাকলেও একমাত্র ঢাকায় প্রোফাইলিং হয়। সিলেট, বরিশাল, খুলনা, ফরিদপুর, রাজশাহী, চট্টগ্রাম ও রংপুরে অবস্থিত সাতটি ল্যাব শুধু নমুনা সংরক্ষণ করে। সাতটি ল্যাব নমুনা সংরক্ষণ করে প্রোফাইলিংয়ের জন্য পাঠায় ঢাকা মেডিকেল কলেজের নিউক্লিয়ার মেডিসিন ভবনের ১১ তলায় স্থাপিত ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরিতে (এনএফডিপিএল)।

৯. প্রকাশিত: ২৪ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: ময়মনসিংহে মুঠোফোনে পরিচয়ের সূত্র ধরে এক তরুণীকে ডেকে নিয়ে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে চার তরুণের বিরুদ্ধে। ধর্ষণের পর ওই তরুণীকে মাঠে নিয়ে মারধরের সময় স্থানীয় এক কৃষক দেখতে পেয়ে তাঁকে উদ্ধার করেন।

ফেব্রুয়ারি, ২০২৫

১. প্রকাশিত: ১ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: ধর্ষণের শিকার হওয়া নারীদের শারীরিক পরীক্ষায় ‘টু ফিঙ্গার’ (দুই আঙুলের পরীক্ষা) পদ্ধতি নিষিদ্ধ করেছেন হাইকোর্ট। বিশেষজ্ঞ চিকিৎসকেরা, মেডিকো-লিগ্যাল পরীক্ষার সঙ্গে যাঁরা কাজ করেন, তাঁদের অনেকেই রায়টি সম্পর্কে জানেন না। এ বিষয়ে স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগও সীমিত আকারের। রায়টি বাস্তবায়নে সচেতনতা তৈরি প্রয়োজন। আজ শনিবার বাংলাদেশ মহিলা পরিষদ আয়োজিত এক মতবিনিময় সভায় এসব কথা উঠে আসে।

২. প্রকাশিত: ৩ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: বাংলাদেশ মহিলা পরিষদ মনে করে, ঘরে–বাইরে নারী ও কন্যার নিরাপত্তা হুমকির মুখে। দেশের বিভিন্ন স্থানে নারী ও কন্যারা প্রতিনিয়ত হত্যা, ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণ ও ধর্ষণের পর হত্যার মতো নৃশংস সহিংসতার শিকার হচ্ছে। এ ধরনের ঘটনা উত্তরোত্তর বাড়ছে, যা দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতিকে

প্রশ্নবিদ্ধ করছে। নারী ও কন্যার প্রতি সহিংসতার ঘটনা সামগ্রিকভাবে তাদের স্বাভাবিক জীবনযাপন ও সামনে এগিয়ে যাওয়ার পথকে সংকুচিত করছে।

৩. প্রকাশিত: ৪ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: ১৮ জন বিদ্রোহী ফুটবলার সম্প্রতি বাফুফেকে কোচ বাটলারকে বাংলাদেশে নিয়োগের জন্য চিঠি দিয়েছিলো। বাফুফের বিশেষ কমিটি বিদ্রোহী ফুটবলারদের ডেকে জিজ্ঞাসা করেছিল, চিঠিটি কে লিখেছিল। মাতসুশিমা সুমাইয়ার নাম উঠে আসার পর থেকে সুমাইয়া তার ভেরিফায়েড ফেসবুক পেজে জানিয়েছেন, গত কয়েক দিনে তিনি অসংখ্যবার ধর্ষণ ও হত্যার হুমকি পেয়েছেন।

৪. প্রকাশিত: ৫ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: বরিশাল বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রের বিরুদ্ধে ধর্ষণচেষ্টার অভিযোগ এনে মামলা করেছেন এক ছাত্রী। তাঁকে টেনেহিঁচড়ে সিঁড়ির ওপরের ছাদে নিয়ে যান অভিযুক্ত ছাত্র। এরপর বেঞ্চের ওপর বসিয়ে জোরপূর্বক ধর্ষণের চেষ্টা করেন।

৫. প্রকাশিত: ৮ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: জয়পুরহাট কারিগরি প্রশিক্ষণকেন্দ্রে (টিটিসি) তিন দিনের প্রশিক্ষণ চলাকালে এক প্রশিক্ষণার্থী গৃহবধূকে নিজ বাড়িতে পৌঁছে দেওয়ার কথা বলে তাঁর বাড়িতে নিয়ে যান। সেখানে মারধর করেন। মারধরের পর ওই গৃহবধূকে সে তার আরও দুই বন্ধুকে খবর দিয়ে এনে তাঁকে ধর্ষণ করে। একপর্যায়ে গৃহবধূ জ্ঞান হারিয়ে ফেলেন।

৬. প্রকাশিতঃ ১৩ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৩ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ শাহবাগ, ঢাকাঃ সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক পদে নিয়োগ ফিরে পাওয়ার দাবিতে ১৩ ফেব্রুয়ারিতে শাহবাগ অবরোধ করা চাকুরি প্রত্যাশী নারীদের ওপর পুলিশী নির্যাতনের অভিযোগ এনেছেন কয়েকজন। এক নারী আন্দোলনকারী বলেন, ‘লাঠিচার্জের সময় মহিলা পুলিশগুলো বলেছে, “একে ধর, একে ধর। এক পুলিশ এসে আমাকে লাথি দেয়। পুলিশ আমার আপত্তিকর জায়গায় হাতও দিয়েছে। আরও অনেক নারীর সঙ্গেই এমন ঘটনা ঘটেছে।’ আন্দোলনকারী সামিরা বেগম বলেন, ‘পুলিশ আমাদের ওপর লাঠিচার্জ করে। পাঁচজন নারী শিক্ষক আহত হন। অনেক নারী শিক্ষককে পুলিশ লাথি মেরেছে। লাথি দিয়ে পুলিশ তাদের বলেছে, “স্বামীর সংসার কর, এখানে আসছোস ক্যান?”’

৭. প্রকাশিত: ১৫ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: চট্টগ্রামের রাঙ্গুনিয়া উপজেলায় ধর্ষণ মামলার এক আসামি ধরতে গিয়ে স্থানীয় লোকজনের বাধার মুখে ফিরে এসেছে র‍্যাবের একটি দল। স্থানীয় লোকজন জড়ো হয়ে র‍্যাব সদস্যদের বাধা দেন। একপর্যায়ে তাঁরা র‍্যাবের গাড়ির সামনে অবস্থান নিয়ে তা আটকে দেন। এই পরিস্থিতিতে র‍্যাবের দলটি আসামি গ্রেপ্তার না করে ঘটনাস্থল ত্যাগ করে।

৮. প্রকাশিত: ২১ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: মুন্সিগঞ্জের লৌহজং উপজেলায় এক গৃহবধূকে (২২) ট্রলারে করে বাড়ি পৌঁছে দেওয়ার কথা বলে পদ্মার চরে নিয়ে দলবদ্ধ ধর্ষণ করা হয়েছে।

৯. প্রকাশিতঃ ২২ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৪ অগাস্ট; স্থানঃ নারায়নগঞ্জঃ ২২ ফেব্রুয়ারি ঢাকায় আয়োজিত একটি অনুষ্ঠানে এক তরুণী জানান, "২০–২৫ জন নারায়ণগঞ্জের কলেজ রোডের একটা অফিসে নিয়ে যায়। পরে ওখান থেকে সবাইকে বের করে দিয়ে দুজন মিলে পরে আমাকে ধর্ষণ করে।" জুলাই সমন্বয়কেরা এই কথা জানতো উল্লেখ করে তিনি বলেন,, '১০ নভেম্বর আমি কনসিভ করি। উমামা ফাতেমা বলেন, "তোমার সাথে না অনেক খারাপ হইছে। আচ্ছা, দেখবোনে বিষয়টা।" নুসরাত তাবাসসুম আপু বলেন, "তুই আমাকে হোয়াটসঅ্যাপে নক দিস।" তিনি হোয়াটসঅ্যাপের মেসেজগুলো দেখলেও কোনো রিপ্লাই করেননি।'

১০. প্রকাশিত: ২৩ ফেব্রুয়ারি – ২৬ ফেব্রুয়ারি ২০২৫//প্রথম আলো: জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, সিদ্ধেশ্বরী গার্লস কলেজের শিক্ষার্থীরা, কুমিল্লার বিভিন্ন শিক্ষাপ্রতিষ্ঠানের শিক্ষার্থীরা, ঢাকা বিশ্ববিদ্যালয়ের বিপ্লবী ছাত্র মৈত্রী, শাবিপ্রবির সম্মিলিত সাংস্কৃতিক জোট দেশে চলমান ধর্ষণ, ছিনতাই ও সন্ত্রাসের বিরুদ্ধে বিক্ষোভ মিছিল করেছেন। স্বরাষ্ট্র উপদেষ্টার ব্যর্থতার দায় নিয়ে পদত্যাগের দাবিতে চট্টগ্রামে গণ–অনশন কর্মসূচি পালন করেছেন শিক্ষার্থীরা।

১১. প্রকাশিত: ২৩ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: স্বামীর নির্যাতনের বিচার চাইতে গিয়ে পরিচিত এক ব্যাক্তি সহায়তার কথা বলে তার বাসায় নিয়ে গিয়ে এক নারীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে এবং ঘটনা প্রকাশ না করার ভয় দেখিয়েছে।

১২. প্রকাশিতঃ ২৭ ফেব্রুয়ারি ২০২৫, ঢাকা পোস্ট; ঘটনার তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ নারায়নগঞ্জঃ এক নারী ও তার দেবর ২৫ ফেব্রুয়ারি আত্মীয়ের বাড়ি যাচ্ছার সময় রাত সাড়ে ১১টার দিকে দুবৃত্তদের একটি দল সিএনজির গতিরোধ করে। তারপর দৈলেরবাগ এলাকার একটি টিনশেড বাড়িতে নিয়ে ভুক্তভোগী ওই নারীকে পালাক্রমে ধর্ষণ করে।

১৩. প্রকাশিত: ২৪ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: দেশের বিভিন্ন স্থানে ধর্ষণ, ধর্ষণের চেষ্টা এবং ডাকাতিসহ বাসে নারী যাত্রীর শ্লীলতাহানির ঘটনায় উদ্বেগ প্রকাশ করেছে বাংলাদেশ মহিলা পরিষদ।

১৪. প্রকাশিত: ২৪ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: দিঘিরচালা এলাকায় বসবাসকারী ভাওয়াল বদরে আলম সরকারি কলেজের দ্বিতীয় বর্ষের এক ছাত্রীকে এক নিরাপত্তাকর্মী দ্বারা ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

১৫. প্রকাশিত: ২৫ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: ফেনীর সোনাগাজীতে আপত্তিকর ছবি তোলার পর তা ছড়ানোর হুমকি দিয়ে এক প্রবাসীর স্ত্রীকে একাধিবার ধর্ষণ করেন কয়েকজন যুবক। পরে চক্রটি ছবি প্রকাশের ভয় দেখিয়ে ওই গৃহবধূর কাছ থেকে ৫৮ লাখ টাকা আত্মসাৎ করেন।

মার্চ ২০২৫

১. প্রকাশিতঃ ৯ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৫ মার্চ ২০২৫; স্থানঃ মাগুরা- নভেম্বর ২০২৪ এ মাগুরায় বিয়ে হওয়া এক তরুণীকে বিয়ের পর থেকেই অনৈতিক প্রস্তাব দিয়ে আসছিলেন তাঁর শ্বশুর। ১ মার্চ সেই তরুণীর আট বছর বয়েসী বোন তার শ্বশুরবাড়িতে বেড়াতে আসে। ৫ মার্চ রাতে বড় বোন ঘুম থেকে জেগে দেখেন, ছোট বোন মেঝেতে পড়ে আছে। শিশুটি বড় বোনকে জানায়, তার যৌনাঙ্গে জ্বালাপোড়া হচ্ছে। সকালে সে বোনকে জানায়, রাতে দুলাভাই (বোনের স্বামী) দরজা খুলে দিলে তাঁর বাবা (শ্বশুর) তার মুখ চেপে ধরে তার কক্ষে নিয়ে ধর্ষণ করেন। সে চিৎকার করতে গেলে তার গলা চেপে ধরা হয়। পরে তাকে আবার বোনের কক্ষের মেঝেতে ফেলে রেখে যায়। শিশুটিকে স্থানীয় হাসপাতালে ভর্তির পর পুরো দেশে ব্যাপক আলোড়ন তৈরী হলে তাকে সম্মিলিত সামরিক হাসপাতালে ভর্তি করা হয়। ১৩ মার্চ য়াছিয়া নামের শিশুটি মৃত্যুবরণ করে।

২. পরিসংখ্যান

মহিলা পরিষদের নারী ও কন্যা নির্যাতন বিষয়ক জানুয়ারির মাসিক প্রতিবেদন অনুযায়ী, ২০২৫ সালের জানুয়ারি মাসেই মোট ৮৫ জন কন্যা ও ১২০ জন নারী নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছেন ৬৭ জন। তার মধ্যে ১৪ জন কন্যাসহ ২০ জন দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন, ১ জন কন্যাসহ ২ জনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। এ ছাড়া ২ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে। ফেব্রুয়ারি মাসে সারা দেশে ১৮৯টি নারী নির্যাতনের ঘটনা ঘটেছে; যার মধ্যে ধর্ষণের ঘটনা ৪৮টি। সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে ১১ জন। বিভিন্ন কারণে ১০ জন কন্যাসহ ৪৬ জন হত্যার শিকার হয়েছেন।

৩. প্রকাশিতঃ ১০ মার্চ ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ৯ মার্চ ২০২৫;, স্থানঃ সাভার, ঢাকা- কালিয়াকৈর থানায় কর্মরত নারী কনস্টেবল ইতি খানম জানান, কর্মস্থলে যাওয়ার পথে থানা রোডে জ্যামে পড়ি। এসময় সোহেল নামের ওই ড্রাইভারকে অনুরোধ করে বলি, কালিয়াকৈর থানায় আমার ডিউটি চলে। আমাকে (রিকশাকে) একটু সাইড দিয়ে যেতে দেন। একথা বলার সঙ্গে সঙ্গে সে আমাকে ও পুলিশকে নিয়ে বকা দেয় আর আমাকে লোহার রড দিয়ে এলোপাথারিভাবে মারতে শুরু করে। রিকশায় বসা অবস্থায় সমানে আমার দুই পায়ে পিটাতে থাকলে স্থানীয়রা আমাকে উদ্ধার করেন। অভিযুক্ত সোহেল বাবু সাভার পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক আহসান উল্লাহর গাড়িচালক।

৪. প্রকাশিতঃ ১২ মার্চ, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১২ মার্চ; স্থানঃ মাইজদি, নোয়াখালি- ১২ মার্চ সন্ধায় টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজের ইফতার অনুষ্ঠান শেষে এক নারী শিক্ষার্থি একটি অটোরিকশায় ওঠেন। ওই ছাত্রী অটোরিকশায় ওঠার কয়েক মিনিট পরই পেছনে থাকা দুই পুরুষযাত্রী তাঁকে যৌন নিপীড়ন করতে থাকেন। একপর্যায়ে তাঁর চোখে মলমজাতীর কিছু লাগিয়ে তাঁর সঙ্গে থাকা স্বর্ণালংকার, নগদ টাকা এবং মুঠোফোন ছিনিয়ে নেন।

৫. প্রকাশিতঃ ১৩ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১২ মার্চ ২০২৫; স্থানঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়- ১২ মার্চ ইংরেজি বিভাগের এক ছাত্রী ও তাঁর সহপাঠী ছাত্রাবাসে ফেরার সময় ধরম্পুর এলাকার বাসিন্দা তন্ময় ও তাঁর সহযোগীরা ছাত্রীকে নিয়ে কটূক্তি করেন। এর প্রতিবাদ করলে তন্ময় মারার জন্য তেড়ে আসেন। ওই ছাত্র বাধা দিলে তন্ময় ও তাঁর সহযোগীরা তাঁদের ওপর চড়াও হন। এ সময় ছাত্রকে মারধর করা হয় এবং ছাত্রীকে শারীরিকভাবে হেনস্তা করা হয়।

৬. প্রকাশিতঃ ১৫ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৫ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - ঢাকা মহানগর পুলিশ কমিশনার শেখ মো. সাজ্জাত আলী বলেন, ‘আমি দুটো শব্দ খুব অপছন্দ করি, এর মধ্যে একটি হলো ধর্ষণ। আপনাদের কাছে অনুরোধ, এটা ব্যবহার করবেন না। আপনারা “নারী নির্যাতন” বা “নিপীড়ন” বলবেন। আমাদের আইনেও নারী ও শিশু নির্যাতন বলা হয়েছে। যে শব্দগুলো শুনতে খারাপ লাগে, সেগুলো আমরা না বলি।’

৭. প্রকাশিতঃ ১৮ মার্চ, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৭ মার্চ ২০২৫; স্থানঃ পল্লবী, ঢাকা- একটি নির্মাণাধীন ভবনে অশ্লীল ভিডিও ধারণ করা হচ্ছে, এমন খবর পেয়ে একজন নারী সাংবাদিক রাত ১১টার দিকে সেখানে যান। তখন কয়েকজন যুবক তাঁকে ধরে বারনটেকের গ্রিন সিটি এলাকার একটি নির্মাণাধীন ১২ তলা ভবনের তৃতীয় তলায় নিয়ে যায়। তারা দিবাগত রাত একটা থেকে সকাল সাড়ে আটটা পর্যন্ত ওই নারী সাংবাদিককে ধর্ষণ করে। পুলিশ প্রধান আসামী এনামুল হক ও হামিদুর রহমানকে গ্রেফতার করে।

৮. প্রকাশিতঃ ১৯ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৯ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - মহিলা পরিষদের কেন্দ্রীয় সহ–সভাপতি মাখদুমা নার্গিস রত্না বলেন, ‘আমরা অতীতেও নারীর প্রতি সহিংসতা দেখেছি। কিন্তু সাম্প্রতিক সময়ে নারীরা যে মাত্রায় ধর্ষণ ও নির্যাতনের শিকার হচ্ছে, তা অবর্ণনীয়।’ নারী নির্যাতনের এমন রূপ বাংলাদেশে আগে কখনো ছিল না বলে মনে করেন তিনি।

এপ্রিল ২০২৫

১. প্রকাশিতঃ ৩ এপ্রিল ২০২৫, বাংলা ট্রিবিউন; ঘটনার তারিখঃ ২ এপ্রিল ২০২৫, স্থানঃ বনশ্রী, ঢাকা- নিউ এইজ পত্রিকার সাংবাদিক রাফিয়া তামান্না বলেন, ২ এপ্রিল "রাত সাড়ে সাতটা থেকে আটটার দিকে কয়েকজন স্থানীয় যুবক আমাকে উত্যক্ত করতে শুরু করে। আমার ভাই প্রতিবাদ করলে তারা প্রথমে তাকে মারধর করে। আমি বাধা দিতে গেলে তারা আমাকেও শারীরিকভাবে লাঞ্ছিত করে, শরীরের স্পর্শকাতর স্থানে আঘাত করে।" এমনকি তারা আমাকে হেনস্তা করার পরও অকপটে বলে, ‘হ্যাঁ, আমরা রেপ করেছি, কী করবে?’" এই বিষয়ে তামান্না ফেইসবুকে লেখেন, 'আমার চুল টেনে ধরে আমাকে হ্যাচকা টান দেওয়া হলো, বুকে আঘাত করা হলো, লাথি মারা হলো।

চারপাশের সবাই দাঁড়িয়ে দেখছিল, কেউ কিছু বলেনি। একজন সাংবাদিক হয়েও যদি আমি এরকম হামলার শিকার হই, তাহলে সাধারণ নারীদের নিরাপত্তার কী অবস্থা?'

২. প্রকাশিতঃ ৪ এপ্রিল ২০২৫, ডিবিসি নিউজ; ঘটনার তারিখঃ ৪ এপ্রিল ২০২৫; স্থানঃ পুটাইল, মানিকগঞ্জ - ৪ এপ্রিল এক পরিত্যাক্ত এসির কার্টন থেকে দুর্গন্ধ ছড়ালে পুলিশ এসে কার্টনটির ভেতরে ২০ থেকে ২৫ বছর বয়েসী এক অজ্ঞাতনামা তরুণীর লাশ উদ্ধার করে।

৩. প্রকাশিতঃ ৯ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৭ এপ্রিল ২০২৫; স্থানঃ রায়পুরা, নরসিংদী - ৭ এপ্রিল রায়পুরার দুই স্কুল ছাত্রী দুই তরুণের সঙ্গে বেড়াতে যায়। সন্ধ্যায় কৌশলে দুই ছাত্রীকে নির্জন স্থানে নিয়ে আরও ছয় বন্ধুকে ডেকে ওই দুই ছাত্রীকে ধর্ষণ করেন। ভুক্তভোগী দুই ছাত্রীর বাবা জানিয়েছেন, অভিযুক্ত আটজন এলাকায় প্রভাবশালী এবং তাঁদের পূর্বপরিচিত। তাদের মামলার করার মতো সামর্থ্য নেই।

৪. প্রকাশিতঃ ৯ এপ্রিল, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৯ এপ্রিল; স্থানঃ দুর্গাপুর, রাজশাহী- ৯ এপ্রিল দুর্গাপুরে পরকীয়ার অভিযোগ এনে তরুণ–তরুণীকে আটক করে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত আমগাছের সঙ্গে বেঁধে রাখেন এলাকাবাসী।

৫. প্রকাশিতঃ ১১ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১০ এপ্রিল ২০২৫; স্থানঃ পটিয়া, চট্টগ্রাম - ১০ এপ্রিল চন্দনাইশে নানার বাড়ির শৌচাগার থেকে এক তরুণীর মরদেহ উদ্ধার করা হয়। তাঁকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে বলে পুলিশের ধারণা এবং আসামী নাজিম উদ্দীনকে গ্রেফতার করা হয়।

৬. প্রকাশিতঃ ১২ এপ্রিল ২০২৫, কালের কণ্ঠ; ঘটনার তারিখঃ ১০ এপ্রিল ২০২৫; স্থানঃ টঙ্গী, গাজীপুর - কারখানার সহকর্মী সাইফুল ইসলামের সাথে প্রেমের সম্পর্ক হয় এক তরুণীর। সাইফুল ভুক্তভোগীকে বাসায় ডেকে নিয়ে বিবাহের প্রলোভন দেখিয়ে ধর্ষণ করেন। এ ছাড়া সাইফুল বিভিন্ন সময়ে ভুক্তভোগীকে বিবাহের প্রলোভন দেখিয়ে একাধিকবার ধর্ষণ করেন। ধর্ষণের ফলে ভুক্তভোগী দুই মাসের অন্তঃসত্ত্বা হয়ে পড়ে।

৭. প্রকাশিতঃ ১২ এপ্রিল ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ৯ এপ্রিল ২০২৪; স্থানঃ ফতুল্লা, নারায়নগঞ্জ - স্বামী ও সন্তানের সাথে বাইরে যাবার সময় সজিব রাকিব, নয়ন, নজরুলসহ পাঁচজন এক নারীকে ধরে নিয়ে শিশুকে জিম্মি করে তাকে ধর্ষণের ভিডিও ধারণ করে। ধর্ষণের ভিডিও ছড়িয়ে দেওয়ার ভয় দেখিয়ে তাঁকে প্রায় এক মাস ধরে দফায় দফায় ধর্ষণ করে বখাটেরা। সর্বশেষ ৯ এপ্রিল ধর্ষণে অসুস্থ হয়ে পড়েন ওই নারী।

৮. প্রকাশিতঃ ১৩ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৯ এপ্রিল ২০২৫; স্থানঃ বসুন্ধরা, ঢাকা - মডেল মেঘনা আলমকে ৯ এপ্রিল আটক করে হেফাজতে নেয় ডিবি। ১০ এপ্রিল রাত বিশেষ ক্ষমতা আইনে তাঁকে ৩০ দিনের আটকাদেশ দেওয়া হয়।

৯. প্রকাশিতঃ ১৪ এপ্রিল ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ১৩ এপ্রিল ২০২৫; স্থানঃ আখাউড়া, ব্রাহ্মণবাড়িয়া - আখাউড়া সড়ক বাজারে সুমন দাস ও মোঃ রাব্বি চুরির অভিযোগ এনে ১৩ এপ্রিল তিনজন নারীর চুল কেটে দেন। একই সাথে সঙ্গে থাকা একটি শিশুসহ তিনজন নারীকে প্লাস্টিকের পাইপ ও রড দিয়ে বেধড়ক মারধর করা হয়।

১০. প্রকাশিতঃ ১৫ এপ্রিল ২০২৫, বাংলা ট্রিবিউন; ঘটনার তারিখঃ ১৪ এপ্রিল ২০২৫; স্থানঃ শর্শদি, ফেনী - থাইল্যান্ডের এক নারীর সাথে ২০২০ সাল থেকে হংকংয়ে ফেনীর মোখসুদুর রহমানের প্রেমের সম্পর্ক গড়ে ওঠে এবং মোখসুদুর তাকে বিয়ের প্রতিশ্রুতি দেন। মোখসুদুরকে ব্যবসা ও বাংলাদেশে জমি কেনার জন্য দুই লাখ ১০ হাজার হংকং ডলার ও কিছু স্বর্ণালঙ্কার দেন ভুক্তভোগী ওই নারী। মোখসুদুর বাংলাদেশে চলে আসলেও তাদের মধ্যে যোগাযোগ ছিল।। বিয়ের কথা বলে মোখসুদুর ১২ অক্টোবর ২০২৪ এ ওই নারীকে বাংলাদেশে নিয়ে এসে ধর্ষণ করেন।

১১. প্রকাশিত ১৯ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৭ এপ্রিল ২০২৫, স্থানঃ নাঙ্গলকোট, কুমিল্লা - ইমাম হোসেন এবং তার লোকজন ভুক্তভোগী গৃহবধূকে বেশ কয়েকবার ধর্ষণের হুমকি দিয়েছিলেন। ১৭ এপ্রিল ইমাম হোসেন এবং আরো দুজন দরজা ভেঙে গৃহবধূর কক্ষে ঢুকে ওড়না দিয়ে তাঁর মুখ বেঁধে ফেলেন। একপর্যায়ে লোহার শিকল দিয়ে গৃহবধূর হাত–পা বেঁধে তালা মেরে দেন তাঁরা। এরপর ইমাম হোসেনের সহায়তায় মুখোশ পরা এক ব্যক্তি গৃহবধূকে ধর্ষণ করেন। পাশে থাকা অন্যজন গৃহবধূর মাথার চুল কেটে ফেলেন।

১২. প্রকাশিত ২১ এপ্রিল ২০২৫, বাংলা ট্রিবিউন; ঘটনার তারিখঃ ১৯ এপ্রিল ২০২৫, স্থানঃ দুমকি, পটুয়াখালী - অভিযুক্ত মনির হোসেন ১৯ এপ্রিল দরজা ভেঙে ঢুকে তার দূরসম্পর্কের নানি আশি বছরের বৃদ্ধাকে ধর্ষণের পর হত্যা করেন।

১৩. প্রকাশিতঃ ২৩ এপ্রিল ২০২৫, কালবেলা; ঘটনার তারিখঃ ২২ এপ্রিল ২০২৫; স্থানঃ ঢাকা - অভিনেত্রী ও নির্মাতা মেহের আফরোজ শাওনের বাবার দ্বিতীয় স্ত্রী দাবি করেন, ২০২৪ সালের শুরুর দিকে শাওনের বাবা ইঞ্জিনিয়ার মোহাম্মদ আলীর সাথে নিশি ইসলামের বিয়ে হয়। বিয়ের ঘটনা জানার পর বাবার ওপর শারীরিক ও মানসিক নির্যাতন চালান শাওন। এ সময় শাওন ও তার অন্য ভাই-বোনেরা ক্ষমতার প্রভাবে সৎমা নিশিকে ছয় মাসের জেলে পাঠান। নিশি ইসলাম আদালতে মামলা করলে ২২ এপ্রিল আদালত মেহের আফরোজ শাওনের বিরুদ্ধে গ্রেফতারি পরোয়ানা জারি করে।

১৪. প্রকাশিতঃ ২৯ এপ্রিল ২০২৫ আইটিভিবিডি; ঘটনার তারিখঃ ২৯ এপ্রিল ২০২৫; স্থানঃ দুর্গাপুর, নেত্রকোণা - সম্মান তৃতীয় বর্ষের এক ছাত্রী ২৯ এপ্রিল তার হবু স্বামীর সাথে বেড়াতে গিয়ে স্বামীর বন্ধু ছাত্রদল নেতা ফয়সাল আহমেদের পরামর্শে বিরিশিরির একটি হোটেলে ওঠেন। কলেজছাত্রীকে হোটেলে রেখে হবু স্বামী খাবার কিনতে বের

হলে ছাত্রদল নেতা ফয়সাল পুলিশকে ফোন করে তার বন্ধুকে ছাত্রলীগের রাজনীতিতে জড়িত দাবি করে দ্রুত গ্রেপ্তার করতে বলেন। তাকে আটকের সময়ই তার হবু স্ত্রীর কক্ষে ঢুকে ভুক্তভোগীকে ধর্ষণ করেন ছাত্রদল নেতা ফয়সাল।

১৫. প্রকাশিতঃ ২৯ এপ্রিল ২০২৫ কালের কণ্ঠ; ঘটনার তারিখঃ ২৯ এপ্রিল ২০২৫; স্থানঃ ঢাকা - শেখ হাসিনা এবং সরকার সংশ্লিষ্ট ২৮৩ জন ও অজ্ঞাতনামা তিন-চার শ জনের বিরুদ্ধে একটি মামলায় আওয়ামী লীগের অর্থ জোগানদাতা হিসেবে আসামি করা হয়েছে নায়িকা নুসরাত ফারিয়াকে। মামলায় আরো আসামি করা হয়েছে অপু বিশ্বাস, সুবর্ণা মোস্তফা, রোকেয়া প্রাচী, আসনা হাবিব ভাবনা, সোহানা সাবা, মেহের আফরোজ শাওন, জ্যোতিকা জ্যোতি, সহ ১৭ অভিনয়শিল্পীকে।

১৬. হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির পরিসংখ্যান

মার্চ ২০২৫ এ কমপক্ষে ২৮৪ জন নারী ও কন্যা শিশু নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছেন কমপক্ষে ১৩৩ জন। যাদের মধ্যে ৮৩ জন ১৮ বছরের কম বয়সি শিশু। একজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে।

১৭. মহিলা পরিষদের পরিসংখ্যান

ক. মহিলা পরিষদ জানায়, গত মার্চ মাসে মোট ৪৪২ জন নারী ও কন্যা নির্যাতনের শিকার হয়েছে। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছে ১২৫ জন কন্যাসহ ১৬৩ জন। তার মধ্যে ১৮ জন কন্যাসহ ৩৬ জন দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে, ২ জন কন্যাকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে, ২ জন কন্যা ধর্ষণের কারণে আত্মহত্যা করেছে। এছাড়াও ৫৫ জন কন্যাসহ ৭০ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।

i. মহিলা পরিষদ আরো জানায়, মার্চে যৌন নিপীড়নের শিকার হয়েছে ১২ জন কন্যাসহ ১৬ জন। উত্ত্যক্তকরণের শিকার হয়েছে ৮ জন, এর মধ্যে ৬ জন কন্যা। বিভিন্ন কারণে ৯ জন কন্যাসহ ৫৪ জনকে হত্যা করা হয়েছে। এছাড়াও বিভিন্ন কারণে হত্যার চেষ্টা করা হয়েছে ২ জনকে। ৯ জন কন্যাসহ ২৯ জনের রহস্যজনক মৃত্যু হয়েছে। ২ জন কন্যাসহ ১৩ জনের আত্মহত্যার ঘটনা ঘটেছে।

ii. এছাড়া নারী ও কন্যা পাচারের শিকার হয়েছে ২১ জন, এর মধ্যে ১০ জন কন্যা, ১ জন অগ্নিদগ্ধের শিকার হয়েছে। যৌতুকের কারণে নির্যাতনের শিকার হয়েছে ৫ জন, এর মধ্যে ২ জনকে যৌতুকের কারণে হত্যা করা হয়েছে। শারীরিক নির্যাতনের শিকার হয়েছে মোট ১৭ জন, এর মধ্যে ২ জন কন্যা। পারিবারিক সহিংসতায় শারীরিক নির্যাতনের শিকার হয়েছে ৩ জন।

iii. ২ জন গৃহকর্মীর হত্যার ঘটনা ঘটেছে। ৬ জন কন্যাসহ ৮ জন অপহরণের ঘটনার শিকার হয়েছে। এছাড়াও ২ জন কন্যাসহ ১১ জন অপহরণের চেষ্টার শিকার হয়েছে।

iv. ৩ জন সাইবার অপরাধের শিকার হয়েছে। বাল্যবিবাহের চেষ্টার ঘটনা ঘটেছে ৩ টি। এছাড়া ৪ জন কন্যাসহ ১২ জন বিভিন্নভাবে নির্যাতনের শিকার হয়েছে।

১৮. প্রথম আলোর পরিসংখ্যান

ক. প্রথম আলোর অনুসন্ধানে জানা গেছে, ১ আগস্ট ২০২৪ থেকে ১৫ মার্চ ২০২৫ পর্যন্ত ঢাকা মহানগরে দলবদ্ধ ধর্ষণের অভিযোগে মামলা হয়েছে ১৭টি। ধর্ষণের অভিযোগে হয়েছে ২১৬টি মামলা। আর ধর্ষণচেষ্টার অভিযোগে মামলা হয়েছে ২৭টি। দলবদ্ধ ধর্ষণের শিকার নারীদের বেশির ভাগই তরুণী ও গৃহবধূ।

মে ২০২৫

১. প্রকাশিতঃ ৬ মে ২০২৫, বাংলা ট্রিবিউন; ঘটনার তারিখঃ ৫ মে ২০২৫; স্থানঃ কুষ্টিয়া - ৫ মে চেম্বারে আসার পর সেখানে অবস্থানরত ৬-৭ জন নারী শারমিন সুলতানার ওপর হামলা করেন। চেম্বার থেকে টেনেহিঁচড়ে চিকিৎসক শারমিনকে সড়কের ওপর নিয়ে আসেন তারা।

২. প্রকাশিতঃ ৭ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৬ মে ২০২৫; স্থানঃ পটুয়াখালী - ভুক্তভোগী তরুণী বলেন, ৬ মে রাতে চাচার বাসায় যাবার সময় ওত পেতে থাকা কয়েক যুবক মুখ চেপে তাকে তুলে নিয়ে ধর্ষণ করেন। ধর্ষণকাণ্ডে অংশ নেয়া ৫ থেকে ৬ জন যুবকের মধ্যে মিঠু ও মিরাজ নামের দুই যুবককে তিনি চিনেছেন বলে দাবি করেন। জড়িত ব্যক্তিরা অনেক আগে থেকে তাকে বিরক্ত ও নানাভাবে হয়রানি করতেন।

৩. প্রকাশিতঃ ৯ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৯ মে ২০২৫, স্থানঃ লঞ্চঘাট, মুন্সীগঞ্জ - ৯ মে ফেসবুকে ছড়িয়ে পড়া একটি ভিডিওতে দেখা যায়, দুই তরুণীকে এমভি ক্যাপ্টেন নামের একটি লঞ্চের একেবারে সামনের অংশে উঠিয়ে প্রকাশ্যে বেল্ট দিয়ে পেটাচ্ছেন নেহাল আহমেদ নামে এক তরুণ। এ সময় স্থানীয় লোকজন সেই দৃশ্য মুঠোফোনে ধারণ করে উল্লাস করছিলেন ও বিভিন্ন স্লোগান দিচ্ছিলেন। নেহাল দাবি করেন, ‘বড় ভাই হিসেবে আমি সেখানে শাসন করি। এর বেশি কিছু নয়।

৪. প্রকাশিতঃ ১৪ মে ২০২৫ আইটিভিবিডি; ঘটনার তারিখঃ ১৪ মে ২০২৫; স্থানঃ ঢাকা - অ্যাডভোকেট জাকির হোসেনের পাঠানো নোটিশে বলা হয়, ‘সেলিব্রিটি ক্রিকেট লিগ-২০২৫’-এর কিছু অংশগ্রহণকারীর অভিনেত্রী খেলার সময় শালীনতা বজায় না রেখে ছোট পোশাক পরেছেন এবং অশালীন অঙ্গভঙ্গি প্রদর্শন করেছেন। নোটিশে অভিনেত্রী মারিয়া মিম, সিনথিয়া ইয়াসমিন, কেয়া পায়েল, মারুফা আক্তার জামান, মডেল শাম্মি ইসলাম নীলা ও আলিশা সহ আরো কজনের নাম উল্লেখ করা হয়।

৫. প্রকাশিতঃ ১৮ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ মে ২০২৫; স্থানঃ সাতক্ষীরা - চিংড়িঘের কর্মী পাঁচ মাসের অন্তঃসত্ত্বা এক নারী জানান, ১৬ মে রাতে চারজন সন্ত্রাসী হাতে রামদা নিয়ে তাঁদের ঘরে ধূকে তাকে ধর্ষণ করে। তাদের মধ্যে মনিরুল ইসলাম, দেলোয়ার হোসেন ও আশরাফুল ইসলামকে চিনতে পেরেছেন তিনি।

৬. প্রকাশিতঃ ১৮ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৮ মে ২০২৫; স্থানঃ ঢাকা - জুলাই ২০২৪ এর একটি হত্যা মামলায় ১৮ মে অভিনেত্রী নুসরাত ফারিয়াকে ঢাকা বিমানবন্দর থেকে গ্রেপ্তার করা হয়।

৭. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ২ জুন ২০২৫, প্রথম আলো। মে ২০২৫, হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS): এইচআরএসএস জানায়, মে ২০২৫ মাসে কমপক্ষে ১৩৬ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে অন্তত ৫৫ জন ধর্ষণের শিকার, যাদের ২৫ জন ১৮ বছরের কম বয়সী। ১৪ জন নারী ও কন্যাশিশু দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন। ধর্ষণের পর হত্যা করা হয়েছে ৩ জনকে।

খ. প্রকাশিত: ৩ জুন ২০২৫, সমকাল। মে ২০২৫, বাংলাদেশ মহিলা পরিষদ সংগঠনের সাধারণ সম্পাদক মালেকা বানু জানান, ১৫টি দৈনিক পত্রিকায় প্রকাশিত সংবাদের ভিত্তিতে এ প্রতিবেদন তৈরি করা হয়েছে। মে ২০২৫ মাসে ৭৫ শিশুসহ ১৮৪ জন নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ৩১ শিশুসহ ৪৫ জন ধর্ষণের শিকার। তিন শিশুসহ চারজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। আরও ১৪ জনকে ধর্ষণের চেষ্টা করা হয়েছে।

জুন ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ১ জুলাই ২০২৫, সমকাল জুন ২০২৫: মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (MSF)। এমএসএফের প্রতিবেদনে বলা হয়েছে, জুন ২০২৫ এ ৩৬৩টি নারী ও শিশু নির্যাতনের ঘটনা ঘটেছে, যা মে ২০২৫ এর তুলনায় ১০৫টি কম। তবে জুনে ধর্ষণের ঘটনা বেড়েছে। ধর্ষণের শিকার ৬৩ জনের মধ্যে ১৯ শিশু ও ২৩ কিশোরী রয়েছে। সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে ২ শিশু, ৭ কিশোরী ও ৮ নারী। ধর্ষণ ও হত্যার শিকার হয়েছে ১ কিশোরী ও ৩ নারী। ধর্ষণের চেষ্টা ছিল ২৭টি, যৌন হয়রানি ৩৯টি, শারীরিক নির্যাতনের ৫১টি ঘটনা ঘটেছে। জুনে ২১ কিশোরী, ২৬ নারীসহ মোট ৩৫ জন আত্মহত্যা করেছেন। অপহরণের শিকার হয়েছে ১ শিশু, ২ কিশোরী ও ১ নারী। এ ছাড়া ৩ শিশু, ৩ কিশোরী ও ৩ নারী নিখোঁজ রয়েছেন। জুনে ৩ শিশু, ৪ কিশোরী ও ৭ নারীর অস্বাভাবিক মৃত্যুসহ মোট ৯২ শিশু, কিশোরী ও নারী হত্যাকাণ্ডের শিকার হন। এর মধ্যে ৫৫ জন শিশু-কিশোরী রয়েছে।

খ. প্রকাশিত: ৩ জুলাই ২০২৫ যমুনা টিভি। ঘটনার সময়কাল: জুন ২০২৫-এর প্রথম ১০ দিন: নারী ও শিশু বিষয়ক উপদেষ্টা শারমীন এস মুরশিদ বলেন, জুন মাসের প্রথম ১০ দিনে ২৪টি ধর্ষণের ঘটনা ঘটেছে। তিনি নারী ও শিশু নির্যাতনকে “মহামারির পর্যায়ে” বলে উল্লেখ করেন এবং এর পেছনে রাজনীতি, মাদক ও পর্নোগ্রাফিকে দায়ী করেন।

গ. প্রকাশিত: ৮ জুলাই ২০২৫ | প্রথম আলো। জানুয়ারী -জুন ২০২৫ | বাংলাদেশ মহিলা পরিষদ: ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ৪৮১ জন নারী ও কন্যাশিশু ধর্ষণের শিকার হয়েছেন। তাঁদের মধ্যে ৩৪৫ জনই শিশু। সংগঠনটির তথ্য অনুযায়ী, ২০২৪ সালের পুরো বছরে ধর্ষণের ঘটনা ছিল ৫১৬টি এবং শিশু ধর্ষণের ঘটনা ছিল ৩৬৭টি। ফলে মাত্র ছয় মাসেই সংখ্যা প্রায় আগের বছরের সমপর্যায়ে পৌঁছে যায়।

২. প্রকাশিত: ১০ জুন ২০২৫, সমকাল। ঘটনার তারিখ: ৮ জুন ২০২৫।স্থান: খুলনা, নৈহাটী ইউনিয়ন। রূপসা থানা পুলিশ জানায়, ৮ জুন ২০২৫ মধ্যরাতে নৈহাটী ইউনিয়নের একটি গ্রামের এক যুবককে একই গ্রামের মো. পারভেজ, রাতুল ও মো. মাসুদ রূপসা কলেজের পাশে একটি বাড়িতে আটকে রাখে। তারা তার হাত-পা বেধে তাকে মারধর করে। এরপর ওই যুবকের বাড়িতে গিয়ে তার স্ত্রীকে ৩ জন ধর্ষণ করে।

৩. প্রকাশিত: ১৪ জুন ২০২৫, যুগান্তর। স্থান: সাভার, ঢাকা। যৌতুকের টাকা না পেয়ে ১৭ বছর বয়সী লতা বেগমকে ধর্ষণের পর হত্যার অভিযোগ ওঠে তার শ্বশুর মাসুদ মিয়ার বিরুদ্ধে। লতা বেগম স্থানীয় একটি গার্মেন্টসে কাজ করতেন। ১৪ জুন দুপুরে তেঁতুলঝোড়া কলেজের শাহি মসজিদের পাশের একটি দোতলা ভবনের কক্ষ থেকে তার ক্ষতবিক্ষত নগ্ন লাশ উদ্ধার করে পুলিশ। স্থানীয়রা মাসুদ মিয়াকে গণপিটুনি দিয়ে পুলিশে দেয়। এ ঘটনায় হত্যা মামলা হয়েছে।

৪. প্রকাশিত: ২৬ জুন ২০২৫, বাংলাদেশ প্রতিদিন। ঘটনার তারিখ: ২৫ জুন ২০২৫। স্থান: কমলাপুর ঢাকা। কমলাপুর রেলস্টেশনে দাঁড়িয়ে থাকা রংপুর এক্সপ্রেস ট্রেনের টয়লেটে এক নারী যাত্রীকে ধর্ষণের অভিযোগ ওঠে। ২৫ জুন সকাল ৯টায় এ ঘটনা ঘটে। অভিযুক্ত রেলওয়ের পিএ অপারেটর সাইফুল ইসলাম (২৮), যার বাড়ি গাইবান্ধায়। ভুক্তভোগীর বাড়ি কুড়িগ্রামে।

৫. প্রকাশিত: ২৯ জুন ২০২৫, কালের কণ্ঠ। স্থান: বাহেরচর, মুরাদনগর, কুমিল্লা। ধর্ষণের অভিযোগ তোলার পর স্থানীয় কয়েকজন যুবক এক নারীকে ঘরের ভেতরে বিবস্ত্র করে নির্যাতন করে বলে অভিযোগ ওঠে। ৫১ সেকেন্ডের একটি ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ভিডিওতে ১০–১২ জন যুবককে নারীকে মারধর করতে দেখা যায় বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়।

৬. প্রকাশিত: ৩০ জুন ২০২৫, সমকাল। ঘটনার তারিখ: ২৯ জুন ২০২৫। স্থান: ভোলার তজুমদ্দিন উপজেলা। চাঁদা না পেয়ে স্বামীকে বেঁধে মারধর এবং স্ত্রীকে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ ওঠে। ৩০ জুন তজুমদ্দিন থানায় উপজেলা শ্রমিক দলের যুগ্ম সম্পাদক ফরিদ উদ্দিনসহ ১১ জনের বিরুদ্ধে মামলা হয়। মামলার অন্য আসামিদের মধ্যে রয়েছে– তজুমদ্দিন সরকারি কলেজ ছাত্রদলের আহ্বায়ক মো. রাসেল এবং ফরিদ উদ্দিনের সহযোগী আলাউদ্দিন, যিনি নিজেকে স্থানীয় যুবদলের নেতা হিসেবে পরিচয় দেন

জুলাই ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ৩১ জুলাই ২০২৫ | প্রথম আলো। ১-৩১ জুলাই ২০২৫ | মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (MSF): জুলাই মাসে নারী ও শিশু নির্যাতনের ৩৫২টি ঘটনা নথিভুক্ত হয়েছে। এর মধ্যে ৫৬টি ধর্ষণ, ১৮টি গণধর্ষণ এবং ৭টি ধর্ষণের পর হত্যার ঘটনা রয়েছে। এছাড়া পাঁচজন প্রতিবন্ধী কিশোরী ও নারী যৌন সহিংসতার শিকার হয়েছেন। উদ্ধার হওয়া ৫১টি অজ্ঞাতনামা মরদেহের মধ্যে ৮টি শিশু, একজন কিশোর, ১৩ জন নারী ও ২৯ জন পুরুষ। প্রতিবেদনে বলা হয়েছে, অজ্ঞাতনামা লাশ উদ্ধারের ঘটনা দিন দিন বেড়েই চলেছে।

খ. প্রকাশিত: ২ আগস্ট ২০২৫ | কালের কণ্ঠ। জানুয়ারী-জুলাই ২০২৫ | আইন ও সালিশ কেন্দ্র (আসক): ২০২৫ সালের জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত ৪৯২ জন ধর্ষণের শিকার হয়েছেন। ২০২৪ সালের একই সময়ে এই সংখ্যা ছিল ২৯২। অর্থাৎ এক বছরের ব্যবধানে ধর্ষণের ঘটনা প্রায় ৬৮.৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

২. প্রকাশিত: ৪ জুলাই ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ:১ জুলাই। স্থান: সিলেটের কানাইঘাট। ১৯ বছর বয়সী এক বুদ্ধিপ্রতিবন্ধী তরুণীকে অপহরণের পর দলবদ্ধ ধর্ষণের অভিযোগ ওঠে। ১ জুলাই রাতে তিনি মায়ের সঙ্গে ঘুমাচ্ছিলেন; পরে মা ঘুম থেকে উঠে তাকে পাশে না দেখে খোঁজাখুঁজি করেন। পরদিন সকালে বালুচর এলাকায় তাকে বিধ্বস্ত অবস্থায় পাওয়া যায়। পুলিশ জানায়, তিন যুবক তাকে গাড়িতে করে অপহরণ করে নিয়ে গিয়ে দলবদ্ধ ধর্ষণ করে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন মাইক্রোবাসচালক শুভঙ্কর দাস (২৭), বাবুল আহমদ (২৮) ও ফাহাদ মিয়া (২৫); বাবুল ও ফাহাদ পিকআপ চালান। তরুণীর মা শুক্রবার সকালে নারী ও শিশু নির্যাতন আইনে মামলা করেন।

আগস্ট ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ২ সেপ্টেম্বর ২০২৫ | ডেইলী স্টার। আগস্ট ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটির (HRSS): আগস্ট মাসে ১৫৯ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছেন। ৬৪টি ধর্ষণের ঘটনার মধ্যে ১৮টি ছিল গণধর্ষণ। তিনজনকে ধর্ষণের পর হত্যা করা হয়েছে। যৌন হয়রানির ২৬টি ঘটনার মধ্যে ১২ জন শিশু ভুক্তভোগী ছিল।

খ. প্রকাশিত: ৪ অক্টোবর ২০২৫, প্রথম আলো। জানুয়ারি–আগস্ট ২০২৫, জাতীয় কন্যাশিশু অ্যাডভোকেসি ফোরাম

i. ২০২৫ সালের প্রথম আট মাসে:

ii. ৩৯০ কন্যাশিশু ধর্ষণ বা দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে;

iii. ৪৩ জন দলবদ্ধ ধর্ষণের শিকার;

iv. ২৯ জন প্রতিবন্ধী কন্যাশিশু ধর্ষণের শিকার;

v. ধর্ষণ বা দলবদ্ধ ধর্ষণের পর ১৫ শিশু নিহত হয়েছে;

vi. ৫ জন আত্মহত্যা করেছে।

vii. একই সময়ে ১০৪ কন্যাশিশু আত্মহত্যা করেছে এবং ৮৩ শিশু হত্যাকাণ্ডের শিকার হয়েছে।

২. প্রকাশিত: ১২ ই জুলাই ২০২৫, প্রথম আলো। **স্থান:** পাঁচবিবি, জয়পুরহাট। এক তরুণী অভিযোগ করেন যে তাঁকে প্রথমে চেতনানাশক খাইয়ে যৌন সহিংসতার শিকার করা হয় এবং সেই ঘটনার ভিডিও ধারণ করা হয়। পরে ভিডিওটি অনলাইনে ছড়িয়ে দেওয়ার হুমকি দিয়ে তাঁকে একাধিকবার ধর্ষণ করা হয় বলে মামলায় উল্লেখ করা হয়।

সেপ্টেম্বর ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ৩০ সেপ্টেম্বর ২০২৫, প্রথম আলো। সেপ্টেম্বর ২০২৫, Human Rights Support Society (HRSS)

i. সেপ্টেম্বর মাসে কমপক্ষে ১৫৯ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে:

ii. ৫৫ জন ধর্ষণের শিকার;

iii. ১০ জন দলবদ্ধ ধর্ষণের শিকার।

iv. একই প্রতিবেদনে ১৩৩ জন শিশুনির্যাতনের শিকার হওয়ার তথ্যও দেওয়া হয় যাদের মধ্যে ২৫ জন নিহত হয়েছে।

২. প্রকাশিত: ৯ সেপ্টেম্বর ২০২৫, বাংলা ট্রিবিউন / প্রথম আলো। ৭ সেপ্টেম্বর ২০২৫, স্থান: কুমিল্লার কালিয়াজুরি এলাকা। কুমিল্লা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রী ও তাঁর মায়ের মরদেহ উদ্ধারের ঘটনায় মো. মোবারক হোসেন (২৯) নামে এক কবিরাজকে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ জানায়, ঝাড়ফুঁকের সময় তিনি ওই ছাত্রীকে ধর্ষণের চেষ্টা করেন। ছাত্রীর মা বিষয়টি দেখে ফেললে প্রথমে তাঁকে বালিশচাপা দিয়ে হত্যা করা হয় এবং পরে ছাত্রীকে গলা টিপে হত্যা করা হয়।

অক্টোবর ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা: প্রকাশিত: ২১ অক্টোবর ২০২৫, সমকাল। বাংলাদেশ মহিলা পরিষদ দুইটি পৃথক ঘটনার বিষয়ে উদ্বেগ প্রকাশ করে।

ক. গাইবান্ধার একটি গ্রামে ষাটোর্ধ্ব এক নারী ধর্ষণের শিকার হন।

খ. সিরাজগঞ্জে এক মাদ্রাসাছাত্রীকে অপহরণ করে একটি রেস্তোরাঁয় নিয়ে ধর্ষণের অভিযোগ ওঠে।

নভেম্বর ২০২৫

১. প্রকাশিত: ৩ নভেম্বর ২০২৫, সমকাল। অক্টোবর ২০২৫,বাংলাদেশ মহিলা পরিষদ

ক. অক্টোবর মাসে:

খ. ৬২ নারী ও কন্যাশিশু ধর্ষণের শিকার হয়েছেন;

গ. ৪৪ জন একক ধর্ষণের শিকার;

ঘ. ১৩ জন দলবদ্ধ ধর্ষণের শিকার;

ঙ. দলবদ্ধ ধর্ষণের শিকারদের মধ্যে ১০ জন কন্যাশিশু;

চ. দুই কন্যাশিশুসহ পাঁচজন ধর্ষণের পর হত্যার শিকার হয়েছেন।

ছ. এ ছাড়া অক্টোবরে ১৩০ নারী ও ১০১ কন্যাশিশু নির্যাতনের শিকার হন।

২. প্রকাশিতঃ ২৫ নভেম্বর, ২০২৫, প্রথম আলোঃ মহিলা পরিষদ জানিয়েছে, ২০২৫ এর জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত ২ হাজার ৪৬৮ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের খবর প্রকাশিত হয়েছে। এর মধ্যে ৭১৩ জন নারী ও কন্যাশিশু ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণ, ধষর্ণের পর আত্মহত্যার শিকার হয়।

ডিসেম্বর ২০২৫

১. প্রকাশিতঃ ৫ ডিসেম্বর, ২০২৫, bdnews24.com: ৪ ডিসেম্বর গোপালগঞ্জের মুকসুদপুর উপজেলায় এক মাদ্রাসায় সেখানকার এক শিক্ষিকার সহায়তায় মাদ্রাসা সুপারের দ্বারা ধর্ষণের শিকার হয়ে এক ছাত্রী ‘আত্মহত্যার’ ঘটনা ঘটেছে।

২. প্রকাশিতঃ ৯ ডিসেম্বর২০২৫, প্রথমআলো; ৯ ডিসেম্বর রাজশাহী বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান শিক্ষক খন্দকার মুহাম্মদ মাহমুদুল হাসান বেগম রোকেয়াকে ‘মুরতাদ কাফির’ আখ্যা দিয়েছেন।

জানুয়ারী ২০২৬

১. প্রকাশিতঃ ৪ জানুয়ারি ২০২৬, BANGLANEWS24.com: ১৯ ডিসেম্বর বগুড়ায় একটি জুট মিলের এক নারী কর্মীকে গণধর্ষণের অভিযোগ পাওয়া গেছে

২. প্রকাশিতঃ ৫ জানুয়ারী, ২০২৬ ইত্তেফাকঃ ৫ জানুয়ারী নাটোরে একটি পরিত্যক্ত ঘর থেকে এক নারীর রক্তাক্ত মরদেহ উদ্ধার করা হয়েছে।

৩. প্রকাশিতঃ ৭ জানুয়ারী ২০২৬, সমকালঃ ৫ জানুয়ারী মাগুরায় এক গৃহবধূকে ধর্ষণের মামলায় পুলিশ দুই তরুণকে গ্রেপ্তার করেছে। অভিযুক্তরা বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের বিলুপ্ত উপজেলা কমিটির সদস্য বলে জানা গেছে।

৪. প্রকাশিতঃ ১৩ জানুয়ারী, ২০২৬, সমকালঃ বাংলাদেশ মহিলা পরিষদ এক বিবৃতিতে জানায়, আমরা লক্ষ্য করছি, সাম্প্রতিককালে নারীর প্রতি বিদ্বেষপূর্ণ, অধিকারকে খর্ব করে এমন প্রচারণা চলছে। হাইকোর্টের একটি রায়কে কেন্দ্র করে নারীর মানবাধিকার লঙ্ঘিত হতে পারে– এমন কোনো অপচেষ্টা গ্রহণযোগ্য নয়। একই সঙ্গে নারীর অধিকার ও মর্যাদা রক্ষার ক্ষেত্রে বিচার বিভাগেরও জেন্ডার সংবেদনশীল ভূমিকা প্রত্যাশা করছি।

৫. ১৪ই জানুয়ারী, ২০২৬, Human Rights Watch: এক রিপোর্ট প্রকাশ করে বলেছে যে ইলেকশনের আগে এবং অন্তবর্তীকালীন সরকারের সময়ে বাংলাদেশে মেয়ে শিশু, নারী এবং সনাতনীদের উপর নিপীড়ন বেড়েছে। তারা আরও লিখেছে যে এই দেশে ২ জন নারী প্রধানমন্ত্রী ছিলো এবং অনেক নারী এমপি ছিলো কিন্তু বর্তমানের নির্বাচনে ৫১টি রাজনৈতিক দলের মধ্যে ৩০টিতেই কোনও মহিলা প্রার্থী নেই। জামায়াতে ইসলামী, একটি ইসলামী রাজনৈতিক দল এবং বাংলাদেশের দুটি শীর্ষস্থানীয় রাজনৈতিক দলের মধ্যে একটি, তাদের ২৭৬টি মনোনয়নপত্রের মধ্যে একজনও মহিলা প্রার্থী নেই।

ফেব্রুয়ারি ২০২৬

১. প্রকাশিতঃ ১৪ ফেব্রুয়ারি, ২০২৬, RTV News: নির্বাচনের পরে শাপলা কলিতে ভোট দেওয়ার কারণে হাতিয়ায় তিন সন্তানের জননীকে বিএনপির নেতাকর্মী দ্বারা গণধর্ষণ করা হয়েছে বলে এনসিপির অফিশিয়াল ফেসবুক পেজে বলা হয়েছে ।

মার্চ ২০২৬

১. প্রকাশিতঃ ২ মার্চ ২০২৬, যুগান্তরঃ ১ মার্চ বরগুনার পাথরঘাটায় তিন মাসের শিশু সন্তানকে ছিনিয়ে নিয়ে মায়ের হাত-পা বেঁধে মারধরের অভিযোগ উঠেছে মোহাম্মদ ছগির হোসেন নামে এক বিএনপি নেতার বিরুদ্ধে।

২. প্রকাশিতঃ ২ মার্চ, ২০২৬, bdnews24.com: ২ মার্চ নারায়ণগঞ্জে চুরির অভিযোগে তিন নারীর চুল কেটে গাছের সঙ্গে বেঁধে মারধর করা হয়েছে।

৩. প্রকাশিতঃ ৪ মার্চ ২০২৬, যুগান্তরঃ ১ মার্চ উখিয়া উপজেলায় সেহরির সময় এক নারীকে ধর্ষণ এবং হত্যা করা হয়।

৪. প্রকাশিতঃ ৪ মার্চ, ২০২৬, বাংলা ট্রিবিউনঃ বেতন নিয়ে ঝামেলা ও অন্য বিভাগে বদলির জেরে কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে সমাজকল্যাণ বিভাগের চেয়ারম্যান ও সহকারী অধ্যাপক আসমা সাদিয়া রুনাকে ছুরিকাঘাতে হত্যা করেন রাষ্ট্রবিজ্ঞান বিভাগের কর্মী ফজলুর রহমান। পরে নিজের গলায়ও ছুরি চালালে আহত অবস্থায় ফজলুর রহমানকে হাসপাতালে নেয়া হয়।

৫. প্রকাশিতঃ ৮ মার্চ ২০২৬, প্রথম আলোঃ পুলিশ সদর দপ্তরের তথ্য অনুসারে, গত এক বছরে দেশে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলার সংখ্যা ২৫ শতাংশ বেড়েছে। এ সময়ে ধর্ষণের মামলা বেড়েছে ২৭ শতাংশের বেশি। গত বছর নারী নির্যাতনের যত মামলা হয়েছে, প্রায় এক-তৃতীয়াংশই ধর্ষণের অভিযোগের।

৬. প্রকাশিতঃ ৮ মার্চ ২০২৬, ইত্তেফাকঃ চাঁদপুরের মতলবে মেয়েকে উত্যক্তের প্রতিবাদ করায় বাবাকে পিটিয়ে জখম করার ১৩ দিন পরে ৮ মার্চ তিনি হাসপাতালে মারা যান ।

৭. প্রকাশিতঃ ৯ মার্চ ২০২৬, প্রথম আলোঃ ৮ মার্চ নাটোরে মেয়েকে বিয়ে দিতে রাজি না হওয়ায় একদল বখাটে বাবাকে তুলে নিয়ে মারধর করে।

৮. প্রকাশিতঃ ১০ মার্চ ২০২৬, প্রথম আলোঃ ৮ মার্চ হাতিয়া থেকে ঢাকাগামী একটি লঞ্চে এক কলেজছাত্রীকে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে।

৯. প্রকাশিতঃ ১০ মার্চ ২০২৬, প্রথম আলোঃ ৪ মার্চ থানায় ডেকে নিয়ে রেহেনা মোস্তফা ও তাঁর মেয়ে জুবাইদা বেগমকে নির্যাতনের অভিযোগ ওঠে পেকুয়া থানার ওসি খাইরুল আলমের বিরুদ্ধে।

১০. প্রকাশিতঃ ১৫ মার্চ ২০২৬, যুগান্তরঃ জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) শারমিন জাহান নামে এক ছাত্রীর রক্তাক্ত লাশ উদ্ধার করা হয়েছে। এ ঘটনায় তার স্বামীকে পুলিশ হেফাজতে নেওয়া হয়েছে।

১১. প্রকাশিতঃ ২৪ মার্চ ২০২৬, সমকালঃ ১৮ মার্চ পটুয়াখালীর গলাচিপায় চুরির অপবাদ সইতে না পেরে সেলিনা বেগম নামে এক নারী বিষ খেয়ে আত্মহত্যা করেছেন বলে পরিবারের অভিযোগ।

১২. প্রকাশিতঃ ২৯ মার্চ, ২০২৬, প্রথম আলোঃ ২০২৫ সালে ৯৯৯ নম্বরে স্বামীর হাতে নির্যাতনের অভিযোগে দিনে গড়ে ৫১ কল এসেছে। ২০২৪ সালে কল এসেছিল দিনে গড়ে ৩১টি। ২০২৪ সালের তুলনায় এই হার ৬৩ শতাংশ বেশি। ২০২৩ সালে এ সংখ্যা ছিল দিনে গড়ে ২৭টি।

এপ্রিল ২০২৬

১. প্রকাশিতঃ ৫ এপ্রিল, ২০২৬, প্রথম আলোঃ ৫ এপ্রিল কুমিল্লার দেবীদ্বারে গৃহবধূকে শ্লীলতাহানির অভিযোগে এনসিপির এক কর্মীকে গ্রেপ্তার করা হয়েছে।

২. প্রকাশিতঃ ৭ এপ্রিল, ২০২৬, প্রথম আলোঃ মহিলা পরিষদের এক বিবৃতিতে বলা হয়, নারীরা সংরক্ষিত নারী আসনে সরাসরি নির্বাচনসহ নারী আসনব্যবস্থার সংস্কারের দাবি জানিয়ে আসছেন। কিন্তু আবারও অগণতান্ত্রিক প্রক্রিয়ায় সংরক্ষিত নারী আসনের নির্বাচনী তফসিল ঘোষণা করা হয়েছে।

৩. প্রকাশিতঃ ৭ এপ্রিল, ২০২৬, প্রথম আলোঃ ব্রাহ্মণবাড়িয়ার আদর্শ মহাবিদ্যালয়ের ছাত্রদল নেতা রেদোয়ান ইসলামকে ট্রান্সজেন্ডার আখ্যা দিয়ে সংগঠন থেকে অব্যাহতি দেওয়া হয়েছে।

৪. প্রকাশিতঃ ১৫ এপ্রিল ২০২৬, প্রথম আলোঃ ১৪ এপ্রিল কুড়িগ্রামের রৌমারী উপজেলায় চুরির অভিযোগে এক নারীকে গাছে বেঁধে জনসমক্ষে লাঠিপেটার অভিযোগ উঠেছে তাঁর স্বামীর বিরুদ্ধে। গতকাল মঙ্গলবার সকালে উপজেলার দাঁতভাঙা ইউনিয়নের বংশিপাড়া গ্রামে এ ঘটনা ঘটে।

৫. প্রকাশিতঃ ১৫ এপ্রিল ২০২৬, প্রথম আলোঃ ঢাকার মিরপুরে একাধিক তরুণীদের ধর্ষণের অভিযোগে রাশেদুল ইসলাম নামে এক যুবককে ১৫ এপ্রিল গ্রেপ্তার করেছে পুলিশ।

৬. প্রকাশিতঃ ২৬ এপ্রিল ২০২৬, Dhaka Post: ২০ এপ্রিল টাঙ্গাইলের মির্জাপুরে মাটি খুঁড়ে অর্ধগলিত অজ্ঞাত পরিচয় নারী ও নবজাতকের বস্তাবন্দি দুটি মরদেহ উদ্ধার করে পুলিশ।

৭. প্রকাশিতঃ ২৯, এপ্রিল, ২০২৬, খবরের কাগজঃ ২৮ এপ্রিল রাজশাহীর চারঘাটে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে দলবদ্ধ ধর্ষণ করার ঘটনা ঘটেছে।

মে ২০২৬

১. প্রকাশিতঃ ৪ মে ২০২৬, প্রথম আলোঃ ৩ মে কুমিল্লার চান্দিনায় বেড়াতে যাওয়ার পথে স্বামীর কাছ থেকে স্ত্রীকে ছিনিয়ে নিয়ে দলবদ্ধ ধর্ষণের অভিযোগ উঠেছে।

২. প্রকাশিতঃ ৮ মে ২০২৬, BanglaNews24: ৭ মে মানিকছড়ি উপজেলার পূর্ব গচ্চাবিল এলাকার একটি বসতবাড়ি থেকে গৃহবধূ মাহিনূর আক্তারের মরদেহ উদ্ধার করে পুলিশ।

৩. প্রকাশিতঃ ১১ মে ২০২৬, প্রথম আলোঃ গর্ভের শিশুর লিঙ্গপরিচয় শনাক্তকরণের পরীক্ষা রোধের নির্দেশনা চেয়ে করা ২০১৯ সালের এক রিট আবেদনের রায়ে ১১ মে বলা হয়, গর্ভের শিশুর লিঙ্গপরিচয় নির্ধারণপ্রক্রিয়া প্রাতিষ্ঠানিক বৈষম্যকে উৎসাহিত করে।

৪. প্রকাশিতঃ ১২ মে ২০২৬, প্রথম আলোঃ সিলেটে ১১ মে রাতে মাজার জিয়ারতে আসা প্রতিবন্ধী তরুণীকে দলবদ্ধ ধর্ষণ করা হয়

৫. প্রকাশিতঃ ১২ মে ২০২৬, প্রথম আলোঃ পটুয়াখালীর বাউফল উপজেলায় ১২ মে পর্যন্ত তিন দিন ধরে রহস্যজনকভাবে নিখোঁজ আছে ক্লাস সেভেন ও এইটে পড়া চার কিশোরী। ১১ মে কিশোরীদের পরিবারের কাছে অচেনা নম্বর থেকে আসা ফোনে মেয়েরা জানায়, তারা চারজন এক ‘আন্টির’ সঙ্গে বেড়াতে গেছে। এর পর থেকে নম্বরটি বন্ধ পাওয়া যাচ্ছে। কী কারণে তারা বাড়ি ছেড়েছে বা কার সঙ্গে গেছে, এ বিষয়ে কেউ কিছু জানাতে পারেননি। এক কিশোরী তার বাবার ৩৫ হাজার টাকা নিয়ে গেছে।

৬. প্রকাশিতঃ ১৬ মে ২০২৬, ইত্তেফাকঃ সিলেটের গোয়াইনঘাটে ১৬ মে ঘর থেকে এক কিশোরীকে তুলে নেওয়ার চেষ্টায় বাধা দেওয়ায় দাদীকে কুপিয়ে হত্যা

৭. ২৩ মে, ২০২৬, bdnews24.com: ২২ মে বরিশাল সদর উপজেলার চরমোনাই মহিলা মাদ্রাসা ভবনের ছয়তলা থেকে লাফ দিয়ে পড়ে আত্মহত্যার চেষ্টা করেছে এক ছাত্রী।

৮. প্রকাশিতঃ ২৪ মে, ২০২৬, bdnews24.com: বাংলাদেশের বিভিন্ন স্থানে হত্যা, ধর্ষণের মতো শিশুদের ওপর সাম্প্রতিক ভয়াবহ সহিংসতার ঘটনায় UNICEF গভীরভাবে ‘মর্মাহত ও স্তম্ভিত’।

৯. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, কালবেলাঃ নারায়ণগঞ্জের ফতুল্লায় ২২ মে মাদ্রাসা শিক্ষিকাকে (১৮) ধর্ষণ চেষ্টার অভিযোগে মাদ্রাসার প্রধান শিক্ষককে গ্রেপ্তার করেছে পুলিশ।

১০. প্রকাশিতঃ ২৫ মে ২০২৬, প্রথম আলোঃ ২০ মে চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় ২৯ বছরের এক তরুণ ৭১ বছর বয়সী এক বিধবাকে ধর্ষণ করেছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

১১. প্রকাশিতঃ ২৬ মে ২০২৬, News Now 24: ২২ মে এক প্রতিবন্ধীকে ধর্ষণ ও হত্যা করার অভিযোগে মামলা করে নির্যাতিতের ভাই। দুই কন্যা সন্তানের এই মা হবিগঞ্জের গ্রামের বাড়ি থেকে নিখোঁজ ছিলেন ২০ দিন ধরে। গত ৩ মে এক বাড়ির সিসিটিভি ফুটেজে এই নারীকে রাজধানীর যাত্রাবাড়ীর ধলপুরের গলিপথে অটোরিকশা চালক এবং আরও দুই যুবক ওই নারীকে পাশের একটি ভবনের নিচতলায় নিয়ে গিয়ে সংঘবদ্ধ ধর্ষন করে রাত ১২টা থেকে ভোর ৪টা পর্যন্ত। এরপর তাকে টেনে হিঁচড়ে রাস্তায় ফেলে রেখে যায় এবং পরে এসে আবার ধর্ষন করে। পরদিন সকালে সড়কে তার নিথর দেহটি পুলিশ মুগদা মেডিকেল কলেজ হাসপাতালে নেয়ার একদিন পর মারা যান তিনি। গত ৫ মে একটি অপমৃত্যুর মামলা করে যাত্রাবাড়ী থানা পুলিশ।

১২. প্রকাশিতঃ ৩০ মে ২০২৬, ঢাকা ট্রিবিউনঃ ২৯ মে ভোলার চরফ্যাশন উপজেলায় এক গৃহবধূকে ধর্ষণচেষ্টার সময় অভিযুক্ত ব্যক্তির গোপনাঙ্গে আঘাত করার ঘটনা ঘটেছে।

১৩. প্রকাশিতঃ ১ জুন, ২০২৬, প্রথম আলোঃ ২৯ মে গজারিয়ার ফুলদী নদী থেকে একটি অজ্ঞাতপরিচয় নারীর মরদেহ উদ্ধার করে গজারিয়া নৌ পুলিশ। ঘটনার সাথে জড়িত চারজনের স্বীকারোক্তিমূলক জবানবন্দি থেকে জানা যায় তাঁকে দলবদ্ধ ধর্ষণ করার পরে শ্বাসরোধে হত্যা করে লাশ নদীতে ফেলে দেওয়া হয়।

১৪. প্রকাশিতঃ ২ জুন, ২০২৬, প্রথম আলোঃ ২৭ মে লক্ষ্মীপুরে এক গৃহবধূকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক যুবদল নেতার বিরুদ্ধে ।

১৫. প্রকাশিতঃ ৩০ মে, bdnews24.com: ২৪ মে বগুড়ায় আলী আজম সাব্বির নামের এনসিপির এক নেতাকে ড্রাইভিং প্রশিক্ষণ কোর্সের একজন শিক্ষার্থী যৌন নিপীড়নের অভিযোগ এসেছে।

২

কন্যাশিশুর প্রতি সহিংসতা

অধ্যায় ২

কন্যাশিশুর প্রতি সহিংসতা

এই প্রতিবেদনে নথিভুক্ত ঘটনাগুলোর মধ্যে সবচেয়ে মর্মান্তিক এবং উদ্বেগজনক চিত্রগুলোর একটি হলো কন্যাশিশুদের বিরুদ্ধে সংঘটিত যৌন সহিংসতা। আগস্ট ২০২৪-এর পর থেকে ধর্ষণ, গণধর্ষণ, অপহরণ, দীর্ঘদিন আটকে রেখে নির্যাতন, হত্যা এবং ধর্ষণের পর হত্যার অসংখ্য ঘটনায় ভুক্তভোগীদের একটি বড় অংশ ছিল শিশু ও কিশোরী। অনেক ক্ষেত্রে তাদের বয়স ছিল মাত্র তিন, পাঁচ, সাত বা দশ বছর। যে বয়সে একটি শিশুর নিরাপদ শৈশব, শিক্ষা এবং স্বপ্ন দেখার কথা, সেই বয়সেই তারা ভয়াবহ সহিংসতার শিকার হয়েছে।

প্রতিবেদনটির থিম্যাটিক বিশ্লেষণে দেখা যায়, এসব অপরাধের সঙ্গে জড়িত ব্যক্তিরা অনেক ক্ষেত্রেই অপরিচিত কেউ ছিলেন না। প্রতিবেশী, নিকট আত্মীয়, শিক্ষক, ধর্মীয় শিক্ষক কিংবা পরিবারের পরিচিত ব্যক্তিদের বিরুদ্ধেই বহু অভিযোগ উঠে এসেছে। ফলে এই সহিংসতা শুধু শিশুদের শারীরিক নিরাপত্তাকেই নয়, পরিবার, সমাজ ও রাষ্ট্রের মৌলিক আস্থার ভিত্তিকেও আঘাত করেছে।

বিশেষভাবে উদ্বেগজনক হলো ধর্ষণের পর হত্যা এবং অপরাধের আলামত মুছে ফেলার প্রবণতা। প্রতিবেদনে নথিভুক্ত একাধিক ঘটনায় দেখা যায়, শিশুদের ওপর যৌন সহিংসতার পর তাদের হত্যা করা হয়েছে বা অপরাধ গোপনের চেষ্টা করা হয়েছে। এসব ঘটনা কেবল অপরাধের নৃশংসতাই নয়, বরং বিচারহীনতার সংস্কৃতি এবং অপরাধীদের পার পেয়ে যাওয়ার আত্মবিশ্বাসকেও প্রকাশ করে।

উপলব্ধ একটি পরিসংখ্যান অনুযায়ী, মাত্র ১৬ মাসে অন্তত ৫২২ জন শিশু নিহত এবং ১,২২৩ জন শিশু ধর্ষণের শিকার হয়েছে। কিন্তু এই সংখ্যাগুলোও পুরো বাস্তবতাকে ধারণ করতে পারে না। প্রতিটি সংখ্যার পেছনে রয়েছে একটি শিশুর ভেঙে যাওয়া শৈশব, একটি পরিবারের গভীর বেদনা এবং নিরাপত্তা ও ন্যায়বিচার নিশ্চিত করতে রাষ্ট্রের ব্যর্থতার একটি নির্মম স্মারক। সব মিলিয়ে, এই অধ্যায়ে নথিভুক্ত ঘটনাগুলো দেখায় যে কন্যাশিশুদের বিরুদ্ধে সহিংসতা কেবল শিশু সুরক্ষার প্রশ্ন নয়; এটি রাষ্ট্র পরিচালনাকারীদের অগ্রাধিকার, দায়বদ্ধতা এবং ভবিষ্যৎ প্রজন্মের প্রতি তাদের দায়িত্ববোধেরও প্রশ্ন। পরবর্তী প্রজন্মের, বিশেষ করে কন্যাশিশুদের সীমাহীন অস্তিত্ব সংকটের দিকে ঠেলে দেওয়ার এই বাস্তবতা রাষ্ট্রের নৈতিক বৈধতা, মানবিক প্রতিশ্রুতি এবং শিশুদের নিরাপত্তা নিশ্চিত করার সক্ষমতাকেই প্রশ্নের মুখে দাঁড় করায়।

আগস্ট, ২০২৪

১. প্রকাশিত: ২৯ অগাস্ট, ২০২৪/প্রথম আলো: ব্রাহ্মণবাড়িয়ায় নিখোঁজের চার দিন পর ২৩ আগস্ট দুই মাদ্রাসাছাত্রীর (১৩ ও ১৬ বছর) লাশ উদ্ধারের ঘটনায় এক শিক্ষার্থীর বাবা বাদী হয়ে মাদ্রাসার দুই শিক্ষককে আসামি করে ধর্ষণের পর হত্যার অভিযোগে সদর থানায় মামলা করেছেন।

সেপ্টেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ১৩ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: কুমিল্লার মুরাদনগর উপজেলায় ৯ সেপ্টেম্বর পঞ্চম শ্রেণিপড়ুয়া এক সংখ্যালঘু ছাত্রী স্কুলে যাওয়ার পথে ধর্ষিত হয়। ভুক্তভোগীর পরিবারের দাবি, ধর্ষণের অভিযোগে আদালতে মামলা হলে মামলার প্রধান অভিযুক্ত স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের (ইউপি) ভাই বিভিন্নভাবে তাঁদের হুমকি দিচ্ছেন। এতে তাঁরা আতঙ্কে আছেন। তাঁরা মেয়েকে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে যান।

২. প্রকাশিতঃ ১৮ সেপ্টেম্বর, ২০২৪/প্রথম আলো: যশোরের বাঘারপাড়া উপজেলায় ১৩ সেপ্টেম্বর পাঁচ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে দায়ের করা মামলা তুলে নিতে বাদীর পরিবারকে বিএনপির নেতা–কর্মীরা হুমকি দিচ্ছেন বলে অভিযোগ পাওয়া গেছে।

অক্টোবর, ২০২৪

১. প্রকাশিতঃ অক্টোবর ২০২৪/প্রথম আলো: রাজধানীর কমলাপুর রেলস্টেশন থেকে এক পথশিশুকে (৬) ফুসলিয়ে কুমিল্লায় নিয়ে যান রিনা আক্তার নামের এক নারী। কুমিল্লা নগরের একটি এলাকায় স্বামীসহ ভাড়া থাকেন তিনি। কন্যাশিশুটিকে ওই বাসায় প্রায় এক মাস আটকে রেখে প্রতিনিয়ত নির্যাতন করতেন রিনার স্বামী সুমন মিয়া (৪০)। এ সময়ে শিশুটিকে কয়েক দফায় ধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ।

২. প্রকাশিতঃ ১৮ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ১২ অক্টোবর এক রিক্সাচালকের মেয়ে রাতে শিশুনিখোঁজ হলে পরের দিন সকালে মেয়ে একাই বাসায় ফিরে এসে জানায়, এক লোক তাকে বাসায় নিয়ে ধর্ষণ করে। মেয়েটি বর্তমানে হাসপাতালে ভর্তি রয়েছে এবং মেয়েশিশুটির লাগানো আছে ক্যাথেটার, আর তার পেট কেটে সেখানে আলাদাভাবে মল বের করার রাস্তা বানান হয়েছে। চিকিৎসকেরা বলেন, ধর্ষণের কারণে মেয়েটির মলত্যাগ ও মাসিকের রাস্তা এক হয়ে গিয়েছিল। এখন তাঁরা অস্ত্রোপচারের মাধ্যমে তা মেরামত করার চেষ্টা করছেন।

৩. প্রকাশিত: ১৮ অক্টোবর ২০২৪/প্রথম আলো: বান্দরবানের নাইক্ষ্যংছড়ি উপজেলার বাইশারীতে ১৭ অক্টোবর বুদ্ধিপ্রতিবন্ধী ১৫ বছরের এক মারমা কিশোরী ধর্ষণের শিকার হয়েছে।

৪. প্রকাশিতঃ ২১ অক্টোবর ২০২৪/প্রথম আলো: বসুন্ধরা আবাসিক এলাকার একটি বাসায় ১৩ বছর বয়সী কল্পনা নির্যাতনের শিকার হয়। নির্যাতনে তার সামনের চারটি দাঁত ভেঙে গেছে। বুক, পিঠসহ সারা শরীরে ছ্যাঁকা ও মারধরের ক্ষত। বর্তমানে সে বার্ন ইউনিটের আইসিইউ চিকিৎসাধীন।

৫. প্রকাশিতঃ ২৩ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ময়মনসিংহে এক ১৩ বছরের এক কিশোর ধান খেতে নিয়ে এক শিশুকে ধর্ষণ করে। বাড়ি ফিরলে শিশুটির রক্তক্ষরণ শুরু হয়। তাকে ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে অস্ত্রোপচার করা হয়েছে।

৬. প্রকাশিত: ২৮ অক্টোবর ২০২৪: ২৬ অক্টোবর চট্টগ্রাম নগরের বায়েজিদ এলাকায় ১৫ বছর বয়সী বুদ্ধিপ্রতিবন্ধী এক কিশোরী ধর্ষণের শিকার হয়েছে ।

৭. প্রকাশিতঃ ৩১ অক্টোবর ২০২৪/প্রথম আলো: ময়মনসিংহের ভালুকায় সাত বছর বয়সী এক শিশু অজ্ঞাতপরিচয় এক ব্যক্তি দ্বারা ধর্ষণের শিকার হয়েছে। ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতালে তাকে ভর্তি করা হয় এবং শিশুটিকে রক্ত দিতে ছোটাছুটি করছিলেন স্বজনেরা।

নভেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ নভেম্বর ২০২৪/প্রথম আলো: কুমিল্লার নাঙ্গলকোট উপজেলায় সাত বছরের এক কন্যাশিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে এক অটোরিকশাচালকের বিরুদ্ধে। নির্যাতিত শিশুটি আশঙ্কাজনক অবস্থায় কুমিল্লার একটি হাসপাতালে ভর্তি করা হয় ।

২. প্রকাশিতঃ ২৯ নভেম্বর ২০২৪/প্রথম আলো: রংপুর নগরের একটি মাদ্রাসা থেকে এক শিশুর মরদেহ উদ্ধার করেছে পুলিশ। শিশুটির বাবার দাবি, তাঁর ছেলেকে (১০) ধর্ষণের পর হত্যা করা হয়েছে। তাঁর শরীরে আঘাত-নির্যাতনের অনেক চিহ্ন আছে, ঘাড় মটকে দেওয়া হয়েছে।

ডিসেম্বর, ২০২৪

১. প্রকাশিত: ৮ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: রাজধানীর পল্লবীতে বাসাবাড়িতে কাজ দেওয়ার কথা বলে ডেকে নিয়ে এক কিশোরীকে ধর্ষণ করা হয়েছে বলে অভিযোগ উঠেছে।

২. প্রকাশিতঃ ৮ ডিসেম্বর ২০২৫/প্রথম আলো: চট্টগ্রামের চান্দগাঁও এলাকায় এক পোশাক কারখানার নারী শ্রমিকের পাঁচ বছর বয়সী কন্যাশিশুকে তাঁর অনুপস্থিতি এক প্রতিবেশী ধর্ষণ করেন। ধরা পড়ে যাওয়ার ভয়ে শিশুটিকে শ্বাস রোধ করে হত্যার পর লাশ খাটের নিচে রেখে পালিয়ে যান ওই ধর্ষক।

৩. প্রকাশিত: ১৭ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: ১১ ডিসেম্বর সিলেট সদরে ক্ষুদ্র জাতিগোষ্ঠী সম্প্রদায়ের এসএসসি পরীক্ষার্থী এক কিশোরীকে অপহরণ করে ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে এবং পাশাপাশি ভয়ভীতি দেখিয়ে জোর করে বিভিন্ন কাগজে তার স্বাক্ষর নেন।

৪. প্রকাশিতঃ ২৮ ডিসেম্বর ২০২৪/প্রথম আলো: বরিশালের গৌরনদীতে নিখোঁজের ১০ দিন পর পুকুর থেকে একটি মেয়েশিশুর (১০) লাশ উদ্ধার হওয়ার ঘটনায় গ্রেপ্তার তিন আসামি পুলিশের কাছে হত্যার কথা স্বীকার করেছেন। সেই সঙ্গে হত্যার আগে শিশুটিকে ধর্ষণের কথা জানিয়েছেন তাঁরা।

জানুয়ারি, ২০২৫

১. প্রকাশিতঃ ৪ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: কুষ্টিয়ার ভেড়ামারায় সাত বছরের এক শিশু ধর্ষণের শিকার হয়েছে। স্বজনেরা তাকে চিকিৎসার জন্য ভেড়ামারা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যান। চিকিৎসকেরা প্রাথমিক চিকিৎসা দিয়ে তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে পাঠান।

২. প্রকাশিতঃ ৫ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: ৩০ ডিসেম্বর চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলায় তিন বছরের এক কন্যাশিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে।

৩. প্রকাশিত: ৬ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: কক্সবাজারের চকরিয়া উপজেলায় এক কিশোরীকে (১৫) দলবদ্ধভাবে ধর্ষণের ঘটনা ঘটেছে।

৪. প্রকাশিত: ১৫ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: রাজধানীর ডেমরায় এক কিশোরীকে (১৭) দলবদ্ধ ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। ধর্ষণের শিকার ওই কিশোরী ডেমরা এলাকার একটি প্যাকেজিং কারখানায় চাকরি করে। ফেসবুকে এক তরুণের সঙ্গে পরিচয় হলে দেখা করার পর তাকে সেই তরুণ ও তার বন্ধুরা মিলে কিশোরীকে দলবদ্ধ ধর্ষণ করেন।

৫. প্রকাশিতঃ ১৬ জানুয়ারী ২০২৫/ইত্তেফাক: রাজধানীর শাহবাগে মেট্রো স্টেশনের নিচে (১০) বছরের এক পথশিশু ধর্ষণের শিকার হয়েছে। তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

৬. প্রকাশিতঃ ১৭ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: ফুল বিক্রেতা এক শিশুকে ধর্ষণের প্রতিবাদে বিক্ষোভ সমাবেশ করেছে ঢাকা ইউনিভার্সিটি মাইম অ্যাকশন।

৭. প্রকাশিতঃ ১৮ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: ময়মনসিংহের ফুলপুরে দ্বিতীয় শ্রেণির এক ছাত্রীকে (সাত বছর) ধর্ষণের অভিযোগে পাওয়া গেছে। ঘটনার পর শিশুটি বাড়িতে গিয়ে পুরো ঘটনা তার মাকে বলে। এই বিষয়ে জানতে চাইলে উল্টো শিশুটির মায়ের ওপর ক্ষিপ্ত হয় সেই ব্যাক্তি।

৮. প্রকাশিত: ৩০ জানুয়ারী ২০২৫/প্রথম আলো: রাজধানীর যাত্রাবাড়ী থানার গোলাপবাগ এলাকায় বাক্‌প্রতিবন্ধী কিশোরীসহ দুই বোন ধর্ষণের শিকার হয়েছে বলে অভিযোগ পাওয়া গেছে। তাদের ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ানস্টপ ক্রাইসিস সেন্টারে (ওসিসি) ভর্তি করা হয়েছে।

ফেব্রুয়ারি, ২০২৫

১. প্রকাশিতঃ ২ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো:রাজধানীর দক্ষিণখানে অষ্টম শ্রেণিতে পড়ুয়া একটি মেয়ে কেনাকাটার কথা বলে বাইরে বেরিয়েছিল। পরে আর বাসায় ফেরেনি। পরেরদিন হাতিরঝিল থেকে তার মরদেহ উদ্ধার করা হয়েছে। জানা গেছে হাত–পা বেঁধে পাঁচজন মিলে ধর্ষণের পর ওই কিশোরীকে হত্যা করা।

২. প্রকাশিতঃ ৪ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: সাতক্ষীরায় ছয় বছরের শিশুকে ধর্ষণের বিচার, দিনাজপুরের হিলিতে নারীদের ফুটবল টুর্নামেন্ট পণ্ডকারীদের বিরুদ্ধে সুস্পষ্ট পদক্ষেপ নেওয়া এবং অনলাইন-অফলাইনে বিশ্ববিদ্যালয়ের নারী শিক্ষার্থী, খেলোয়াড়সহ সব স্তরের নারীদের উৎপীড়নের বিরুদ্ধে কার্যকর নীতিমালা প্রণয়ণের দাবিতে প্রতিবাদ সমাবেশ করেছে প্রীতিলতা ব্রিগেড।

৩. প্রকাশিত: ৮ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: পটুয়াখালীর বাউফলে এক ব্যক্তির বিরুদ্ধে বাক্ ও বুদ্ধিপ্রতিবন্ধী কিশোরীকে (১৫) ধর্ষণের অভিযোগ পাওয়া গেছে। কিশোরীর চিৎকার শুনে ঘটনাস্থলে গিয়ে প্রতিবাদ জানানোয় মা ও ফুফুকে মারধর করেন অভিযুক্ত ব্যক্তির বাবা ও ভাই।

৪. প্রকাশিতঃ ৮ ফেব্রুয়ারি ২০২৫/প্রথম আলো: গত বছরের ১৮ ডিসেম্বর দ্বিতীয় শ্রেণির এক শিশুকে ধর্ষণের ঘটনা ঘটে। এবং এই কথা বললে মেরে ফেলা হবে, এই বলে হুমকি দেয়।

৫. প্রকাশিত: ২০ ফেব্রুয়ারি ২০২৫, সমকাল, ঘটনার তারিখ: ১৪ ফেব্রুয়ারি ২০২৪, স্থান: ঝিনাইগাতি উপজেলা, শেরপুরঃ ১৪ ফেব্রুয়ারি মাদ্রাসাপড়ুয়া নবম শ্রেণির এক ছাত্রী বন্ধুবান্ধব নিয়ে গজনী অবকাশ কেন্দ্রে বেড়াতে যায়। এ সময় কালিনগর গ্রামের ইলিয়াস তার সঙ্গীদের নিয়ে ওই ছাত্রীকে তুলে নিয়ে ধর্ষণ করে। মেয়ে ধর্ষণের শিকার হয়েছে এমন খবর শুনে লজ্জায় বিষপানে তার মা আত্মহত্যার চেষ্টা চালান। এই ঘটনায় চারজনের বিরুদ্ধে মামলা হয়।

৬. প্রকাশিতঃ ২১ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২১ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ মিঠাপুকুর উপজেলা, রংপুরঃ মির্জাপুর গ্রামের চতুর্থ শ্রেণীর একটি ছাত্রী মহান শহীদ মিনারে ফুল দেয়ার জন্য ফুল সংগ্রহ করতে রুহুল আমিনের বাসায় যায়। সেখানে রুহুল আমিন তাকে ধর্ষণ করে।

৭. প্রকাশিতঃ ২৩ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২২ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ বাউফল, পটুয়াখালিঃ ২২ ফেব্রুয়ারি অভিযুক্ত বেল্লাল ও ফয়সাল ঘরে ঢুকে এক এসএসসি পরীক্ষার্থী মেয়ের মা ও বাবাকে

চেতনানাশক ছিটিয়ে অজ্ঞান করে দেয় এবং হাত-পা বেঁধে মুখ চেপে ধরে ঘর থেকে তুলে নিয়ে বাড়ির কাছেই একটি স্থানে মেয়েটিকে ধর্ষণ করে।

৮. প্রকাশিতঃ ২৬ ফেব্রুয়ারি ২০২৫, চ্যানেল আই অনলাইন; ঘটনার তারিখঃ ২৫ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ ঘাটাইল, টাঙ্গাইলঃ ২৫ ফেব্রুয়ারি টাঙ্গাইলের ঘাটাইলে ময়মনসিংহ ফুলবাড়িয়ার সোয়াইতপুর উচ্চ বিদ্যালয়ে শিক্ষা সফরের ৪টি স্কুলবাসে ডাকাতির সময় তিনজন ছাত্রীর শ্লীলতাহানির অভিযোগ করেন একজন অভিভাবক। পুলিশ ধর্ষণের অভিযোগ অস্বীকার করেছে।

মার্চ ২০২৫

১. প্রকাশিতঃ ২০ মার্চ ২০২৫, বিডিনিউজ; ঘটনার তারিখঃ ১৯ মার্চ ২০২৫; স্থানঃ মানিকগঞ্জ - মানিকগঞ্জের জামিয়া আরাবিয়া সিদ্দিকা দারুল উলুম মাদ্রাসার শিক্ষক রফিকুল ইসলামকে ১৯ মার্চ এক মাদ্রাসার ছাত্রকে ধর্ষণের অভিযোগে গ্রপ্তার করা হয়।

২. প্রকাশিতঃ ১৯ মার্চ, ২০২৫, যুগান্তর; ঘটনার তারিখঃ ১৮ মার্চ ২০২৫; স্থানঃ দুমকি, পটুয়াখালিঃ জুলাই ২০২৪ এর নিহত জসীম উদ্দীনের ১৭ বছর বয়েসী মেয়ে ১৮ মার্চ তার বাবার কবর জিয়ারত শেষে নানাবাড়ি পাঙ্গাশিয়া যাচ্ছিলেন। পথে হঠাৎ মুখ চেপে ধরে সাকিব ও সিফাত পার্শ্ববর্তী জলিল মুন্সির ভিটা বাগানে নিয়ে যায় । ধস্তাধস্তির এক পর্যায়ে কিশোরীকে সংঘবদ্ধ ধর্ষণ করে। এমনকি তার নগ্ন ছবি তুলে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে দেওয়ার হুমকি দেয় তারা। অভিযুক্ত সাকিব মুন্সিকে পুলিশ আটক করলেও সিফাত মুন্সি পলাতক ছিল।

৩. প্রকাশিতঃ ২৩ মার্চ ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ২৩ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - বাংলাদেশে ইউনিসেফের প্রতিনিধি রানা ফ্লাওয়ার্স বলেছেন, বাংলাদেশে গত কয়েক সপ্তাহে শিশুদের ওপর, বিশেষ করে কন্যাশিশুদের ওপর যৌন সহিংসতার খবর উদ্বেগজনকভাবে বৃদ্ধি পাওয়ায় আমি গভীরভাবে আতঙ্কিত। শিক্ষাপ্রতিষ্ঠানের মতো যেসব জায়গায় শিশুদের সুরক্ষিত পরিবেশে বেড়ে ওঠার কথা, সেসব জায়গাসহ অন্যত্র শিশু ধর্ষণ ও শিশুদের ওপর যৌন সহিংসতার ভয়ানক ঘটনাগুলো সম্প্রতি যেভাবে বেড়েছে, তা নিয়ে আমি বিশেষভাবে উদ্বিগ্ন।

এপ্রিল ২০২৫

১. প্রকাশিতঃ ৮ এপ্রিল ২০২৫, জাগোনিউজ; ঘটনার তারিখঃ ৭ এপ্রিল ২০২৫; স্থানঃ সিদ্ধিরগঞ্জ, নারায়নগঞ্জ - মিজমিজি পাইনাদি রেকতম আলী উচ্চ বিদ্যালয় অষ্টম শ্রেণির ছাত্রীকে বিভিন্ন সময় প্রেমের প্রস্তাব দিয়ে আসছিলেন নারায়ণগঞ্জ মহানগর বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের সিনিয়র যুগ্ম-মুখ্য সংগঠক তাকবির আমান। বিষয়টি

ভুক্তভোগীর পরিবারকে জানালে তারা অভিযুক্তকে সতর্ক করার পাশাপাশি তার অভিভাবকদের জানান। এই ক্ষোভে ৭ এপ্রিল বাবা-মায়ের অনুপস্থিতিতে কিশোরীর বাসায় প্রবেশ করে তাকে ধর্ষণের চেষ্টা করে তাকবির।

২. প্রকাশিতঃ ৯ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৮ এপ্রিল ২০২৫; স্থানঃ নোয়াখালী - বারো বছর বয়েসী এক শিশুর বাবা বলেন, ৮ এপ্রিল রাতে তার স্ত্রী কর্মস্থলে এবং তিনিও বাসার বাইরে ছিলেন। মেয়েশিশুটি খালার সঙ্গে ঘরে ছিল। ঘর ঝাড়ু দেবার সময় মুখ চেপে ধরে শিশুটিকে নিজের ঘরে নিয়ে যান পাশের ভাড়াটিয়া। এরপর তার মুখে স্কচটেপ লাগিয়ে ও দড়ি দিয়ে হাত বেঁধে ধর্ষণ করা হয়।

৩. প্রকাশিতঃ ১০ এপ্রিল ২০২৫; প্রথম আলো, ঘটনার তারিখঃ ৯ এপ্রিল ২০২৫; স্থানঃ শার্শা, যশোর - যশোরের শার্শা উপজেলার একটি কওমি মাদ্রাসার মেয়েদের শোবারকক্ষে দুটি করে নাইট ভিশন ক্যামেরা স্থাপন করা ছিল। ওই ক্যামেরার মনিটর ছিল শিক্ষকের কক্ষে । পুলিশ এগুলো জব্দ করার পর দেখা যায় সেখানে এক মাসের ফুটেজের রেকর্ড আছে।

৪. প্রকাশিতঃ ১২ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১১ এপ্রিল ২০২৫; স্থানঃ বোরহানউদ্দিন, ভোলা - এসএসএসি পরীক্ষার্থী এক ছাত্রী লেখাপড়ার একপর্যায়ে প্রকৃতির ডাকে সাড়া দিতে বাইরে শৌচাগারে গেলে এলাকার এক ব্যক্তি গামছা দিয়ে তার মুখ চেপে ধরে তাকে তুলে নিয়ে যায়। পরে দূরে নিয়ে খুন করার ভয় দেখিয়ে তাকে ধর্ষণ করে।

৫. প্রকাশিতঃ ১৩ এপ্রিল ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ১০ এপ্রিল ২০২৫; স্থানঃ কারারপাড়, শেরপুর - তিন বছর বয়েসী শিশুটির গৃহকর্মী মা ছিলেন কাজে, বাক শ্রবণ প্রতিবন্ধী বাবাও বাইরে ছিলেম। শিশুটির কাছে পানি খেতে চেয়ে পচাত্তর বছর বয়েসী এক বৃদ্ধ ঘরে ঢুকে মেয়েটির ওপর যৌন নিপীড়ন চালায়।

৬. প্রকাশিতঃ ১৩ এপ্রিল ২০২৫, জাগোনিউজ; ঘটনার তারিখঃ ১১ এপ্রিল ২০২৫; স্থানঃ কেরানীগঞ্জ, ঢাকা - ঢাকার কেরানীগঞ্জের ঘটেশ্বর পশ্চিমপাড়া এলাকায় সাত বছরের এক শিশুকে সাত তলার ছাদে তুলে ৬০ বছর বয়স্ক জসিম মিয়া তাকে ধর্ষণ করে।

৭. প্রকাশিতঃ ১৩ এপ্রিল ২০২৫, কালের কণ্ঠ, ঘটনার তারিখঃ ১২ এপ্রিল ২০২৫, স্থানঃ টঙ্গিবাড়ী, মুন্সীগঞ্জ - ১৬ বছর বয়েসী এক কিশোরীর প্রাপ্তবয়স্ক প্রেমিক নয়ন মোল্লা কিশোরীর কিছু আপত্তিকর ছবি তুলে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছেড়ে দেয়ার হুমকি দেন। ২৮ মার্চ নয়নের বন্ধু জীবন শেখ মীমাংসা করার কথা বলে ভুক্তভোগীকে তাদের বাড়িতে নিয়া যান। ওই সময় মো. আপন বেপারী , আরমান , মো. মিরাজ পাঁচ বন্ধু মিলে কিশোরীর ধর্ষণের ভিডিও ধারণ করেন এবং ১২ এপ্রিল ফেইসবুকে ছড়িয়ে দেয়।

৮. প্রকাশের তারিখঃ ১৬ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৫ এপ্রিল ২০২৫; স্থানঃ চট্টগ্রাম - ১৫ এপ্রিল কক্সবাজার থেকে বাসে করে চট্টগ্রামে আসে ঘটনার শিকার কিশোরী। বাসটি নগরের বহদ্দারহাট বাস টার্মিনালে পর ওই কিশোরীকে বাসের ভেতর আটকে রাখা হয়। পরে সেখানে চালক, তাঁর সহকারী ও বাসের সুপারভাইজার মোবারক হোসেন তাকে ধর্ষণ করে।

৯. প্রকাশিতঃ ১৬ এপ্রিল ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ১৪ এপ্রিল ২০২৫; স্থানঃ চাটমোহর, পাবনা - পহেলা বৈশাখের বিকেলে দাদাবাড়ি যাওয়ার কথা বলে বাড়ি থেকে বের হয়ে শিশুটি আর ফেরেনি। বিভিন্ন স্থানে খোঁজ করেও তাকে পাওয়া যায়নি। ১৫ এপ্রিল চাটমোহরের হরিপুর এলাকায় ভুট্টাক্ষেতের মধ্যে লাশ উদ্ধার করা হয়। এ সময় তার মুখে পোড়া ক্ষতচিহ্ন এবং পরনের প্যান্ট গলায় পেঁচানো ছিল। পুলিশের ধারণা, ধর্ষণ ও শ্বাসরোধে হত্যার পর শিশুটির মুখ ঝলসে দেওয়া হয়েছে।

১০. প্রকাশিত ২৭ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২২ এপ্রিল ২০২৫; স্থানঃ তালতলী, বরগুনা - নিশানাবাড়ি ইউনিয়নের একটি গ্রামের এক কিশোরীর জন্য প্রতিবেশী এক নারী তাঁর দূরসম্পর্কের আত্মীয় ইব্রাহিম নামের এক যুবকের বিয়ের প্রস্তাব দেয়। ২২ এপ্রিল রাতে ওই নারীর বাড়িতে কিশোরী ও তার মাকে ডেকে নেওয়া হয়। এ সময় ওই নারী কিশোরীকে ইব্রাহিম সঙ্গে মোটরসাইকেলে পাঠিয়ে দেন । ইব্রাহিম তাকে একটি মাছের ঘেরে নিয়ে গিয়ে ইব্রাহিমসহ চার বন্ধু তাকে মিলে ধর্ষণ করেন। পুলিশ মামলা না নিয়ে ভুক্তভোগী পরিবারকে ধর্ষণের আলামত সংরক্ষণ করে রাখতে বলে বাড়িতে পাঠিয়ে দেন।

মে ২০২৫

১. প্রকাশিতঃ ১৩ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১২ মে ২০২৫; স্থানঃ ঢাকা - পাঁচ বছর বয়সী রোজা মনিকে কোথাও খুঁজে পাওয়া যাচ্ছিল না। পরের দিন বাসা থেকে একটু দূরে একটি নালার ময়লা-আবর্জনার মধ্যে ভারী একটি বস্তা দেখতে পায় রোজার ৯ বছর বয়সী বোন আইরিন আক্তার। তারপর আরেক কিশোরী বোন সুবর্ণা আক্তারকে নিয়ে এসে সেই বস্তা টেনে তোলে তারা। বস্তার মুখ কাটার পর বেরিয়ে আসে রোজা মনির লাশ। পুলিশ বলছে, শিশুটিকে শ্বাসরোধে হত্যা করা হয়েছে। গরম পানি দিয়ে পুরো শরীর ঝলসে দেওয়া হয়েছে। তারপর বস্তাবন্দী করে নালায় লাশ ফেলা হয়। শিশুটির গলায় দড়ি প্যাঁচানো ছিল।

২. প্রকাশিতঃ ১৮ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ মে ২০২৫; স্থানঃ মাগুরা - ১৬ মে মা কিশোরী মেয়েকে গায়ে কাদা মেখে পাশের পাটক্ষেত থেকে উঠে আসতে দেখেন। জানা যায় এলাকার এক যুবক এবং কিশোরীটির চাচারতো ভাই মিলে কিশোরীটিকে ধর্ষণ করেছেন।

৩. প্রকাশিতঃ ২০ মে ২০২৫, যুগান্তর; ঘটনার তারিখঃ ২০ মে ২০২৫; স্থানঃ বরিশাল - এসএসসি পরীক্ষার্থী ভুক্তভোগী কিশোরী তার সদ্য মা হওয়া বড়বোনকে দেখাশোনার জন্য বোনের শ্বশুরবাড়ি বাবুগঞ্জ বকসিরচর গ্রামের বাড়িতে আসেন। তার ভগ্নীপতি বরিশাল জেলা ছাত্রদলের সহ সভাপতি সবুজ আকন তাকে মাঝে মাঝে বরিশালে কেনাকাটা করতে নিয়ে যেতেন। কিছুদিন যেতে না যেতেই ভগিনীপতি সবুজ তাকে কুপ্রস্তাব দেয়। এতে কীশোরী রাজি না হলে তাকে খুন করার ভয়ভীতি দেখিয়ে আসামি সবুজ বরিশাল নগরীর আমানাতগঞ্জ এলাকায় তার ভাড়া বাসায় নিয়ে বিভিন্ন সময় তাকে ধর্ষণ করে।

৪. প্রকাশিতঃ ২৩ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২২ মে ২০২৫; স্থানঃ পঞ্চগড় - ২২ মে শিশুটির মা খবর পান, ঘরে থাকা তার চার বছরের মেয়ের যৌনাঙ্গ থেকে রক্ত ঝরছে। শিশুটিকে হাসপাতালে নিয়ে চিকিৎসা করালেও মেয়েটি ব্যথায় কাঁদতে থাকে কিন্তু কী হয়েছে মেয়েটির পরিবার এখনো জানেনা।

৫. প্রকাশিতঃ ২৩ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২২ মে ২০২৫; স্থানঃ সাতক্ষীরা - ষষ্ঠ শ্রেনীর এক ছাত্রী প্রাইভেট শিক্ষকের বাসা থেকে ফেরার সময় চায়ের দোকানদার রওশন আলী শেখ খাবার খাওয়ানোর কথা বলে তাকে দোকানে বসায়। কিছুক্ষণ পর ওই ছাত্রীকে পেছনে মুরগি পালনের এক খামারে নিয়ে রওশন আলী তাকে ধর্ষণের চেষ্টা করে। এ সময় মেয়েটির চিৎকারে আশপাশের লোকজন চলে এলে রওশন আলী পালিয়ে যায়।

৬. প্রকাশিতঃ ২৫ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২৫ মে ২০২৫; স্থানঃ টঙ্গিবাড়ী, মুন্সিগঞ্জ - সাত বছরের একটি ছেলে ঘরে না ফেরায় প্রতিবেশীরা জানায়, গ্রামের এক তরুণের সাইকেলে ঘুরতে দেখা গেছে শিশুটিকে। শিশুটির বাবা লোকজন নিয়ে ওই তরুণের বাড়িতে যান। ওই তরুণ জানান, ছেলেটিকে হাত-পা বেঁধে শ্বাস রোধ করে হত্যা করেছেন তিনি। তার দেখানো জায়গা থেকে হাত-পা বাঁধা অবস্থায় শিশুটির মরদেহ উদ্ধার করা হয়।

৭. পরিসংখ্যান ও প্রবণতা: প্রকাশিত: ২ জুন, প্রথম আলো। মে ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS): মে মাসে কমপক্ষে ১৩৬ জন নারী ও কন্যা শিশু নির্যাতনের শিকার হয়েছেন। এর মধ্যে ধর্ষণের শিকার হয়েছেন অন্তত ৫৫ জন, যাঁদের মধ্যে ২৫ জন ১৮ বছরের কম বয়সী শিশু। ১৪ জন নারী ও কন্যাশিশু দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে। ধর্ষণের পর হত্যা করা হয়েছে তিনজনকে।

জুন ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. প্রকাশিত: ১ জুলাই, সমকাল । জুন ২০২৫ | মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (MSF) জুন মাসটিতে নারী ও শিশু নির্যাতনের মোট ৩৬৩টি ঘটনা নথিভুক্ত হয়েছে। এর মধ্যে শিশু ও কিশোরীদের বিরুদ্ধে সহিংসতার উল্লেখযোগ্য উপস্থিতি দেখা যায়।

i. যৌন সহিংসতার শিকার ৬৩ জনের মধ্যে ১৯ জন শিশু এবং ২৩ জন কিশোরী।

ii. সংঘবদ্ধ যৌন সহিংসতার শিকার হয়েছে ২ শিশু ও ৭ কিশোরী।

iii. যৌন সহিংসতার পর হত্যার শিকার হয়েছে ১ কিশোরী।

iv. অপহরণের শিকার হয়েছে ১ শিশু ও ২ কিশোরী।

v. নিখোঁজ রয়েছে ৩ শিশু ও ৩ কিশোরী।

vi. আত্মহত্যা করেছে ২১ কিশোরী।

vii. অস্বাভাবিক মৃত্যুর শিকার হয়েছে ৩ শিশু ও ৪ কিশোরী।

viii. প্রতিবেদনে আরও বলা হয়, জুন মাসে মোট ৯২ জন শিশু, কিশোরী ও নারী হত্যাকাণ্ডের শিকার হয়েছেন। এর মধ্যে ৫৫ জনই শিশু-কিশোরী, যা মোট হত্যাকাণ্ডের অর্ধেকেরও বেশি।

খ. প্রকাশিত: ৭ জুলাই, বাংলা ট্রিবিউন. জানুয়ারি–জুন ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি HRSS: জানুয়ারি থেকে জুন পর্যন্ত ধর্ষণ, গণধর্ষণ ও যৌন নির্যাতনের শিকার হয়েছে ৪৭৬ নারী ও শিশু যার ৬০ ভাগই ১৮ বছরের নিচে। একই সময়ে ৬৭৩টি শিশু নির্যাতনের ঘটনা নথিভুক্ত হয়েছে, যার মধ্যে ১৩২ শিশুর মৃত্যু হয়েছে।

গ. জানুয়ারি–জুন ২০২৫ | বাংলাদেশ মহিলা পরিষদ: বাংলাদেশ মহিলা পরিষদের তথ্য অনুযায়ী, ২০২৫ সালের জানুয়ারি থেকে জুন পর্যন্ত ৪৮১ জন নারী ও কন্যাশিশু ধর্ষণের শিকার হয়েছেন। এর মধ্যে ৩৪৫ জনই শিশু। সংগঠনটির তথ্য অনুযায়ী, ২০২৪ সালের পুরো বছরে শিশু ধর্ষণের ঘটনা ছিল ৩৬৭টি। অর্থাৎ ২০২৫ সালের প্রথম ছয় মাসেই শিশু ধর্ষণের সংখ্যা আগের পুরো বছরের সংখ্যার কাছাকাছি পৌঁছে যায়।

ঘ. প্রকাশিত: ৯ জুলাই ২০২৫ | প্রথম আলো। জানুয়ারি–জুন ২০২৫ | সাইবার সাপোর্ট ফর উইমেন অ্যান্ড চিলড্রেন: চলতি বছরের প্রথম ছয় মাসে সাইবার সহিংসতার শিকারদের ৯৭ শতাংশই নারী ও শিশু।

ব্ল্যাকমেল, পর্নোগ্রাফিক কনটেন্ট ছড়ানো, এআই ব্যবহার করে নগ্ন ছবি তৈরি করে ব্ল্যাকমেল করা এবং ৮ থেকে ১২ বছর বয়সী শিশুদের ভিডিও ধারণ করে ব্ল্যাকমেলের মতো ঘটনাও নথিভুক্ত হয়েছে।

২. প্রকাশিত: ১০ জুন ২০২৫, বাংলা ট্রিবিউন। ঘটনার তারিখ: ৮ জুন ২০২৫। স্থান: খানসামা উপজেলা, দিনাজপুর। দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া ৯ বছর বয়সী এক স্কুলছাত্রীকে ধর্ষণের অভিযোগ ওঠে। ৯ জুন সন্ধ্যায় শিশুটির মা খানসামা থানায় লিখিত এজাহার দেন। অভিযুক্ত নুরন্নবী ইসলাম (২১) ঘটনার পর পলাতক হন। ৮ জুন বিকালে শিশুটির বাবা-মা চাতালে কাজে ব্যস্ত থাকার সময় শিশুটি পানির তৃষ্ণায় অন্য শিশুদের সঙ্গে অভিযুক্তের বাড়িতে যায়; সেখানে তাকে ধর্ষণ করা হয়। মামলায় নুরন্নবী, তার বাবা, মা ও ভাইকে আসামি করা হয়; পুলিশ জানায় একজনকে আটক করা হয়েছে।

৩. প্রকাশিত: ১৫ জুন ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ: ১৫ জুন ২০২৫। স্থান: গাজীপুর, শ্রীপুর। চাকরি দেওয়ার প্রলোভনে ১৪ বছর বয়সী এক কিশোরীকে ধর্ষণের অভিযোগ ওঠে। ১৫ জুন সকাল সাড়ে ১০টার দিকে উপজেলার মুলাইদ গ্রামের একটি কারখানার পাশের এটিএম বুথে ঘটনা ঘটে। অভিযুক্ত মো. লিটন মিয়া ওই বুথের নিরাপত্তাকর্মী। কিশোরীর বাবা জানান, তার মেয়ে একটি স্পিনিং কারখানায় স্বল্প বেতনের চাকরি করত; লিটন তাকে ভালো বেতনের চাকরির আশ্বাস দিয়ে বুথে ডেকে নিয়ে যায়। পরে কিশোরী কাঁদতে কাঁদতে বের হয়ে ধর্ষণের কথা জানায়। মামলার একমাত্র আসামি মো. লিটন মিয়াকে পুলিশ গ্রেপ্তার করেছে।

৪. প্রকাশিত: ১৭ জুন ২০২৫, যুগান্তর। ঘটনার তারিখ: ১৩ জুন ২০২৫।স্থান: দিনাজপুর, হিলি। আম খাওয়ানোর কথা বলে ঘরে ডেকে নিয়ে ৬ বছরের এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে এক যুবককে আটক করেছে পুলিশ। শুক্রবার রাত ১১টার দিকে হিলির আলিহাট গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটক আজিজুর রহমান ওই গ্রামের মফিজ মণ্ডলের ছেলে

৫. প্রকাশিত: ২৩ জুন ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ: ১৮ জুন ২০২৫। স্থান: ময়মনসিংহ। ১৫ বছর বয়সী এক কিশোরী, যিনি বাবার মৃত্যুর পর ভালুকার একটি পোশাক কারখানায় শ্রমিক হিসেবে কাজ করতেন, বাড়ি থেকে কিছু জিনিস আনতে যাওয়ার পথে সংঘবদ্ধ ধর্ষণের শিকার হন। ১৮ জুন সকাল ১০টার দিকে তিনি ময়মনসিংহ নগরের পাটগুদাম ব্রিজ মোড়ে সিএনজিচালিত অটোরিকশার জন্য অপেক্ষা করছিলেন। চার তরুণ তাকে বাড়ি পৌঁছে দেওয়ার কথা বলে শম্ভুগঞ্জ এলাকায় নিয়ে যায়। রঘুরামপুর ইউসি হাইস্কুল মাঠসংলগ্ন সারগুদামের পরিত্যক্ত কক্ষে ১৭ বছর বয়সী এক কিশোর ও মো. রায়হান (২০) তাকে ধর্ষণ করে; অপর দুই তরুণ বাইরে পাহারায় ছিল। পরে লোকলজ্জার ভয়ে কিশোরী পাটগুদাম সেতু থেকে ব্রহ্মপুত্র নদে ঝাঁপ দিয়ে আত্মহত্যার চেষ্টা করে। স্থানীয়রা তাকে উদ্ধার করে। ১৯ জুন তার মা চারজনের বিরুদ্ধে মামলা করেন; দুইজন গ্রেপ্তার হয়ে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

৬. প্রকাশিত: ৩ জুলাই ২০২৫, যুগান্তর। ঘটনার তারিখ: ২৮ জুন ২০২৫। স্থান: গাজীপুর, শ্রীপুর। সপ্তম শ্রেণির ১৩ বছর বয়সী এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগে সহকারী শিক্ষক আরিফ মিয়া (২৮)-কে গ্রেপ্তার করে পুলিশ। শিক্ষক বই আনার কথা বলে ছাত্রীকে তার পরিচালিত মাদ্রাসায় ডেকে নিয়ে একটি কক্ষের দরজা বন্ধ করে ভয়ভীতি দেখিয়ে ধর্ষণ করেন। প্রতিবেদনে আরও বলা হয়, ধর্ষণের আগে তিনি মেয়েটির একটি অশ্লীল ভিডিও ধারণ করেন এবং পরে সেই ভিডিও দেখিয়ে অন্য দিনেও তাকে আবার ধর্ষণ করেন । ২৮ জুন বেলা ১১টার দিকে এই ঘটনা ঘটে। ৩ জুলাই সকালে অভিযুক্তকে গ্রেপ্তার করা হয়। ওসি জানান, প্রাথমিক জিজ্ঞাসাবাদে অভিযুক্ত ধর্ষণের কথা স্বীকার করেছেন।

জুলাই ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা

ক. জুলাই ২০২৫ | মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (MSF): জুলাই মাসে নারী ও শিশু নির্যাতনের ৩৫২টি ঘটনা নথিভুক্ত হয়। প্রতিবেদনে উল্লেখ করা হয় যে পাঁচজন প্রতিবন্ধী কিশোরী ও নারী যৌন সহিংসতার শিকার হয়েছেন। এছাড়া জাতিগত সংখ্যালঘু সম্প্রদায়ের একজন কিশোরী সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে।

খ. জুলাই ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS): মানবাধিকার সংগঠন এইচআরএসএসের তথ্যমতে, জুলাই মাসে ১৬২ জন নারী ও কন্যাশিশু নির্যাতনের শিকার হয়েছেন। ধর্ষণের শিকার ৬৮ জনের মধ্যে ৪২ জনের বয়স ১৮ বছরের নিচে। ১৪ জন নারী ও কন্যাশিশু সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছেন।

আগস্ট ২০২৫

১. পরিসংখ্যান ও প্রবণতা, আগস্ট ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS): এইচআরএসএসের তথ্যমতে, আগস্ট মাসে ১৩৩টি শিশুনির্যাতনের ঘটনা নথিভুক্ত হয়েছে। একই সময়ে যৌন হয়রানির ২৬টি ঘটনায় ১২ জন শিশু ভুক্তভোগী ছিল।

২. প্রকাশিত: ১১ আগস্ট ২০২৫ | **প্রথম আলো** ।**ঘটনার তারিখ:** ৮ আগস্ট ২০২৫| স্থান: বড়াইগ্রাম, নাটোর। এক শিশু শিক্ষার্থীকে (৮) ধর্ষণচেষ্টার অভিযোগ ধামাচাপা দিতে ১ লাখ ২০ হাজার টাকার চেক দেওয়া হয়েছিল। তবে তিন দিনেও সেই টাকা ভুক্তভোগীর পরিবারের হাতে না পৌঁছায় ঘটনাটি প্রকাশ্যে এসেছে। ভুক্তভোগী পরিবারের সূত্রে জানা যায়, গত শুক্রবার সকাল ১০টার দিকে এক শিশু শিক্ষার্থী প্রাইভেট পড়া শেষে হেঁটে বাড়ি ফিরছিল। পথিমধ্যে নির্জন স্থানে পৌঁছালে উপজেলার একটি এলাকায় গুলজার হোসেন (৪৮) নামের এক ব্যক্তি শিশুটিকে কোলে তুলে পাশের জঙ্গলে নিয়ে ধর্ষণের চেষ্টা করেন। শিশুটির চিৎকারে আশপাশের লোকজন ছুটে আসলে গুলজার পালিয়ে যান।

সেদিন রাতেই স্থানীয় আশরাফ সরদার নামে উপজেলা বিএনপির সাবেক যুগ্ম আহ্বায়ক ঘটনাটি নিয়ে সালিস বসান। সালিসে গুলজারকে ১ লাখ ২০ হাজার টাকা জরিমানা করে ঘটনাটি ধামাচাপা দেওয়ার চেষ্টা করা হয়।

৩. প্রকাশিত: ৩ আগস্ট ২০২৫ | বিডিনিউজ২৪। ঘটনার তারিখ: ১ আগস্ট। স্থান: হাটহাজারী, চট্টগ্রাম। সাড়ে ১৪ বছর বয়সী এক কিশোরীকে প্রতিবেশী রিফাত তুলে নিয়ে বিয়ে করেছে বলে সাধারণ ডায়েরি করা হয়। পরদিন কিশোরীকে উদ্ধার করা হয়। পরে সালিশ বৈঠকে কিশোরীর বাবাকে পিটিয়ে হত্যার অভিযোগ ওঠে।

অক্টোবর ২০২৫

১. প্রকাশিত: ২০ অক্টোবর ২০২৫, সমকাল। ঘটনার তারিখ: ১২ অক্টোবর ২০২৫, স্থান: খোকসা, কুষ্টিয়া। তৃতীয় শ্রেণির এক ছাত্রীকে ধর্ষণের অভিযোগ ওঠে। অভিযুক্ত হিসেবে আমির হোসেন নামে এক ব্যক্তির নাম উল্লেখ করা হয়। পরদিন স্থানীয় সালিশে অভিযুক্তকে জুতাপেটা করে বিষয়টি মীমাংসার চেষ্টা করা হয় বলে প্রতিবেদনে বলা হয়। পুলিশের এক কর্মকর্তার ভাষ্য অনুযায়ী, ভুক্তভোগী শিশুর পরিবারকে অর্থের প্রলোভন দেখিয়ে মামলা থেকে দূরে রাখারও চেষ্টা করা হয়েছিল।

মার্চ ২০২৬

১. প্রকাশিতঃ ১ মার্চ, ২০২৬, সময় নিউজঃ চট্টগ্রামে ১ মার্চ সাত বছরের শিশু জান্নাতুল নিসা ইরাকে গলাকাটা অবস্থায় একাই হেঁটে পার্ক থেকে বেরিয়ে আসতে দেখা যায়। চকলেটের লোভ দেখিয়ে সীতাকুণ্ড ইকোপার্কে নিয়ে প্রতিবেশী বাবু শেখ তাকে ধর্ষনের পর গলা কেটে হত্যার চেষ্টা করে। ৩ মার্চ শিশুটি চিকিৎসাধীন অবস্থায় মারা যায়।

২. প্রকাশিতঃ ৩ মার্চ, ২০২৬, প্রথম আলোঃ ২ মার্চ যশোরে সাত বছরের এক শিশুকে বেড়াতে নেওয়ার কথা বলে ধর্ষণের অভিযোগ উঠেছে।

এপ্রিল ২০২৬

১. প্রকাশিতঃ ২৮ এপ্রিল, ২০২৬, কালের কণ্ঠঃ ২৭ এপ্রিল পাবনা শহরে তিন বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে। শহরের রাধানগর ডিগ্রি বটতলা এলাকার একটি মেসে এঘটনা ঘটে।

২. প্রকাশিতঃ ২৯ এপ্রিল ২০২৬, সংবাদঃ ২৮ এপ্রিল নরসিংদীর শিবপুরে ৭ বছরের ও ২৭ এপ্রিল মাধবদীতে ৯ বছরের দুই শিশুকে ধর্ষণ ও ধর্ষণের চেষ্টার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়।

৩. প্রকাশিতঃ ২৯ এপ্রিল ২০২৬, গণকণ্ঠঃ ২৭ এপ্রিল গাইবান্ধার সুন্দরগঞ্জে ৫ বছরের এক শিশুকে কলার প্রলোভন দেখিয়ে ধর্ষণ চেষ্টার অভিযোগ পাওয়া গেছে।

৪. প্রকাশিতঃ ৩০ এপ্রিল, ২০২৬, যায় যায় দিনঃ ২৬ এপ্রিল ময়মনসিংহের গফরগাঁওয়ে টেলিভিশন দেখানোর কথা বলে ডেকে নিয়ে ৬ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে।

মে ২০২৬

১. প্রকাশিতঃ ৫ মে ২০২৬, প্রথম আলোঃ নেত্রকোনার মদন উপজেলায় ১১ বছরের মাদ্রাসাছাত্রীর অন্তঃসত্ত্বা হয়ে পড়ার ঘটনায় আসামি মাদ্রাসার শিক্ষককে ৫ মে পর্যন্ত পুলিশ গ্রেপ্তার করতে পারেনি। মেয়েটির অন্তঃসত্ত্বা হওয়ার বিষয়টি নিশ্চিত করা চিকিৎসক সাইমা আক্তারকে বিভিন্নভাবে হুমকি প্রদান ও হয়রানি করা হচ্ছে।

২. প্রকাশিতঃ ৮ মে ২০২৬, প্রথম আলোঃ দিনাজপুরের ফুলবাড়ী উপজেলায় ১২ বছর বয়সী এক শিশু ক্রমাগত ধর্ষণের শিকার হয়ে অন্তঃসত্ত্বা হওয়ার অভিযোগ পাওয়া গেছে।

৩. প্রকাশিতঃ ৯ মে ২০২৬, বাংলাদেশ প্রতিদিনঃ সিলেটে নিখোঁজের দুই দিন পর এক শিশুর (৪)লাশ উদ্ধার করা হয়েছে। ৮ মে সকাল সাড়ে ৬টার দিকে বাড়ির পাশের পুকুরপাড়ে লাশটি পাওয়া গেছে।

৪. প্রকাশিতঃ ১১ মে ২০২৬, প্রথম আলোঃ ময়মনসিংহের হালুয়াঘাটে ১১ মে এক বাক্‌প্রতিবন্ধী শিশুকে ধর্ষণের ঘটনা ঘটে।

৫. প্রকাশিতঃ ২০ মে ২০২৬, ইত্তেফাকঃ ১৯ মে ঢাকার মিরপুরে সাত বছর বয়সী শিশু রামিসাকে ধর্ষণের পর হত্যার অভিযোগে তাদের প্রতিবেশী সোহেল রানাকে গ্রেফতার করা হয়েছে। মরদেহ গুম করতে রামিসার ঘাড় থেকে মাথা বিচ্ছিন্ন করা হয় এবং শরীরের অন্য অংশও টুকরো করার চেষ্টা চালানো হয

৬. প্রকাশিতঃ ২০ মে, ২০২৬, কালবেলাঃ ১৮ মে ঢাকার ডেমরায় ৬ বছর বয়সী এক শিশু কন্যাকে লিচু খাওয়ানোর প্রলোভন দেখিয়ে ধর্ষণ করা হয়।

৭. প্রকাশিতঃ ২১ মে, ২০২৬, Jago News: মানবাধিকার সংগঠন আইন ও সালিশ কেন্দ্রের (আসক) পরিসংখ্যান বলছে, গত ১৬ মাসে (২০২৫ জানুয়ারি-এপ্রিল ২০২৬)

ক. হত্যা করা হয়েছে অন্তত ৫২২ শিশুকে।

খ. গড়ে মাসে ৩২ জনের বেশি শিশু নিহত হয়েছে।

গ. ধর্ষণসহ চরম নির্যাতনের শিকার হয়েছে ১ হাজার ২২৩ শিশু।

ঘ. গড়ে মাসে ৭৬ জনের বেশি শিশু ধর্ষণসহ নির্যাতনের শিকার হয়েছে।

৮. প্রকাশিতঃ ২১ মে, ২০২৬, The daily campus: চট্টগ্রামের বাকলিয়ায় ২১ মে ৪ বছরের এক শিশুকে ধর্ষণের দায়ে অভিযুক্ত যুবককে আটক করার সময় জনরোষে পরে পুলিশ। এ ঘটনায় ২ শতাধিক মানুষ আহত হয়েছেন। গুলিবিদ্ধ হয়েছেন দুজন সাংবাদিক।

৯. প্রকাশিতঃ ২২ মে, ২০২৬, সমকালঃ দেশের বিভিন্ন জায়গায় জানুয়ারি থেকে এপ্রিল পর্যন্ত সাড়ে চার মাসে ধর্ষণের শিকার হয়েছে ১১৮ কন্যাশিশু।

১০. প্রকাশিতঃ ২২ মে, ২০২৬, বাংলা ট্রিবিউনঃ বাংলাদেশ জামায়াতে ইসলামী রামিসার হত্যাকারীকে ‘প্রকাশ্যে মৃত্যুদণ্ড দেওয়ার দাবী জানালে স্বরাষ্ট্রমন্ত্রী সেটিকে মধ্যযুগীয় আখ্যা দেন। গোলাম পরওয়ার বলেন, এধরনের কথা বলে স্বরাষ্ট্রমন্ত্রী মূলত রাসূল (সা.)–এর বিচারব্যবস্থাকে অবজ্ঞা করেছেন।

১১. প্রকাশিতঃ ২৩ মে, ২০২৬, সমকালঃ ২২ মে চট্টগ্রামে দুই শিশুকে (বয়স আনুমানিক ১০ ও ৬ বছর) ধর্ষণচেষ্টার অভিযোগে এক মাদ্রাসা শিক্ষককে গ্রেফতার করা হয়েছ।

১২. প্রকাশিতঃ ২৩ মে ২০২৬, ইত্তেফাকঃ যশোরের শার্শায় ২২ মে তিন বছর বয়সী এক শিশুকে ধর্ষণচেষ্টা ও শারীরিকভাবে নির্যাতনের অভিযোগে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

১৩. প্রকাশিতঃ ২৩ মে, ২০২৬, ইত্তেফাকঃ সাভারের বিরুলিয়ায় ২৩ মে ষষ্ঠ শ্রেণীর এক ছাত্রীকে ধর্ষণচেষ্টার অভিযোগে একটি মহিলা মাদ্রাসার প্রতিষ্ঠাতা ও প্রধান শিক্ষককে আটক করেছে পুলিশ।

১৪. প্রকাশিতঃ ২৩ মে ২০২৬, সমকালঃ ২২ মে ঢাকার দক্ষিণ কেরানীগঞ্জে চকলেট দেওয়ার কথা বলে ৪ বছরের শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগে এক যুবককে গ্রেপ্তার করেছে র‍্যাব।

১৫. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, বাংলা টিভিঃ ১৯ মে রাজধানীর ভাষানটেকে ৮ বছর বয়সি এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে।

১৬. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, কালের কণ্ঠঃ ঢাকার কলাবাগানে ২২ মে ৮ বছরের শিশুকে ধর্ষণের অভিযোগ ওঠে এক বাড়ির মালিকের বিরুদ্ধে।

১৭. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, ইত্তেফাকঃ ২৩ মে ফরিদপুরের সালথায় ৯ বছরের এক মাদ্রাসার ছাত্রীকে অস্ত্রের মুখে জিম্মি করে বাগানে নিয়ে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে।

১৮. প্রকাশিতঃ ২৪ মে, ২০২৬, সময় নিউজঃ ২৩ মে বান্দরবানের থানচিতে ৫ বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে থানা ঘেরাও করে বিক্ষুব্ধ জনতা। একপর্যায়ে পুলিশ ও উত্তেজিত জনতার মাঝে উত্তেজনা তৈরি হয় এবং পরিস্থিতি একপর্যায়ে পুলিশের নিয়ন্ত্রণের বাইরে চলে গেলে বিজিবি দ্রুত ঘটনাস্থলে পৌঁছে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

১৯. প্রকাশিতঃ ২৪ মে, ২০২৬, RTV News: ১৯ মে মাগুরা জেলার শ্রীপুরে ৭ম শ্রেণির এক স্কুলছাত্রীকে কৌশলে ডেকে নিয়ে দলবদ্ধ ধর্ষণ এবং সেই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেওয়ার অভিযোগে পাঁচজনকে গ্রেপ্তার করেছে পুলিশ।

২০. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, ডেইলি টাইমস বাংলাঃ কিশোরগঞ্জের কুলিয়ারচরে ২৪ মে মসজিদের ভেতরে সাত বছর বয়সী এক শিশুকে ধর্ষণের অভিযোগে ইমামকে আটক করেছে পুলিশ।

২১. প্রকাশিতঃ ২৪ মে ২০২৬, বাংলা টিভিঃ রাজধানীর ভাষানটেকে ১৯ মে ৮ বছর বয়সি এক শিশুকে ধর্ষণের অভিযোগ উঠেছে।

২২. প্রকাশিতঃ ২৫ মে, ২০২৬, ঢাকা ট্রিবিউনঃ যশোরের কেশবপুরে প্রতিবেশীর বাড়িতে টিভি দেখতে গিয়ে চতুর্থ শ্রেণীর এক শিশু ২৫ মে ধর্ষণের শিকার হয়েছে। এ ঘটনায় এক কিশোরকে আটক করে পুলিশে দিয়েছেন এলাকাবাসী।

২৩. প্রকাশিতঃ ২৫ মে, ২০২৬, কালের কণ্ঠঃ দেশজুড়ে একের পর এক শিশু নির্যাতনের ঘটনায় বরগুনার চার বছর বয়সী কন্যাসন্তানের বাবা নিরাপত্তা নিয়ে চরম উদ্বেগ প্রকাশ করে নিজের কাছে অস্ত্র রাখার অনুমতি চেয়ে শটগানের লাইসেন্সের আবেদন করেছেন।

২৪. প্রকাশিতঃ ২৬ মে, ২০২৬, আজকের পত্রিকাঃ নীলফামারীর কিশোরগঞ্জ ২৬ মে উপজেলায় মক্তবে ৯ বছর বয়সী এক কন্যাশিশুকে যৌন নিপীড়নের অভিযোগে মক্তবের শিক্ষককে আটক করেছে পুলিশ।

২৫. প্রকাশিতঃ ২৬ মে, ২০২৬, সমকালঃ দোকানে খাবার কিনতে গিয়ে ২৪ মে হবিগঞ্জের নবীগঞ্জে দলবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে ৯ বছরের এক শিশু।

২৬. প্রকাশিতঃ ৩ জুন, ২০২৬, প্রথম আলোঃ ২৭ মে রাজবাড়ী সদর উপজেলায় সাত বছর বয়সী এক মেয়েশিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে তাঁর এক স্বজনের বিরুদ্ধে।

২৭. প্রকাশিতঃ ২৭ মে, ২০২৬, প্রথম আলোঃ ২৬ মে চাঁদপুরের মতলব দক্ষিণ উপজেলায় ১০ থেকে ১২ বছর বয়সী তিন কন্যাশিশুকে দোকানে ডেকে যৌন নিপীড়ন ও ধর্ষণচেষ্টার অভিযোগে এক ওষুধ ব্যবসায়ীকে পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করেছেন স্থানীয় লোকজন।

২৮. প্রকাশিতঃ ২৯ মে ২০২৬, বাংলা ট্রিবিউনঃ ২৮ মে নারায়ণগঞ্জের সদর উপজেলায় ছয় বছরের এক শিশুকে ধর্ষণের অভিযোগে গণপিটুনিতে আহত যুবক হিরো ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় মারা গেছে। এর আগে, ২২ মে সদর উপজেলার বক্তাবলী ইউনিয়নের গণপিটুনির এ ঘটনা ঘটে।

২৯. প্রকাশিতঃ ২৯ মে ২০২৬, কালবেলাঃ ২৫ এপ্রিল জামালপুরের সরিষাবাড়ী উপজেলায় আট বছর বয়সী এক শারীরিক প্রতিবন্ধী শিশুকে ঘরে ডেকে নিয়ে ধর্ষণের অভিযোগে প্রতিবেশী এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে পুলিশ।

৩০. প্রকাশিতঃ ৩০ মে, ২০২৬, প্রথম আলোঃ ৩০ মে ময়মনসিংহের তারাকান্দা উপজেলায় দ্বিতীয় শ্রেণিতে পড়ুয়া এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে পোশাকশ্রমিক এক যুবকের বিরুদ্ধে।

৩১. প্রকাশিতঃ ৩১ মে ২০২৬, দৈনিক আজাদি, চট্রগ্রামঃ ৩১ মে পতেঙ্গায় ১৩ বছরের ছাত্রীকে ধর্ষণের অভিযোগে মাদ্রাসা শিক্ষককে পুলিশে দিল জনতা

৩২. প্রকাশিতঃ ৩১ মে ২০২৬, বাংলা ট্রিবিউনঃ ২৯ মে রাজধানীর ডেমরায় একটি বেসরকারি হাসপাতালে আড়াই বছরের এক শিশুকে ধর্ষণচেষ্টার অভিযোগ উঠেছে। এ ঘটনায় হাসপাতালের ওয়ার্ড বয় নুর নবীকে (২০) গ্রেফতার করেছে পুলিশ।



সংখ্যালঘু নারীদের ওপর সহিংসতা

অধ্যায় ৩

সংখ্যালঘু নারীদের ওপর সহিংসতা

সংখ্যালঘু নারীদের বিরুদ্ধে সহিংসতা বৃহত্তর সাম্প্রদায়িক নিপীড়নের সবচেয়ে গভীর ক্ষতগুলোর একটি। যখন কোনো সংখ্যালঘু সম্প্রদায়ের ঘরবাড়ি, ব্যবসাপ্রতিষ্ঠান, মন্দির বা উপাসনালয় আক্রমণের শিকার হয়, তখন লক্ষ্যবস্তু হয় শুধু স্থাপনা নয়; আক্রমণের মুখে পড়ে একটি জনগোষ্ঠীর নিরাপত্তা, পরিচয়, বিশ্বাস এবং ভবিষ্যৎ। আর এই প্রক্রিয়ার সবচেয়ে অরক্ষিত শিকার হয়ে ওঠেন নারী ও কন্যাশিশুরা। তারা একই সঙ্গে সাম্প্রদায়িক বিদ্বেষ, যৌন সহিংসতার ঝুঁকি, অর্থনৈতিক অনিশ্চয়তা, জোরপূর্বক বাস্তুচ্যুতি এবং দীর্ঘস্থায়ী নিরাপত্তাহীনতার বহুমাত্রিক বোঝা বহন করেন। ফলে সংখ্যালঘু নারীর বিরুদ্ধে সহিংসতা কোনো বিচ্ছিন্ন নারী নির্যাতনের ঘটনা নয়; এটি একটি বৃহত্তর মানবাধিকার সংকটের সূচক, যা সংখ্যালঘু অধিকার, ধর্মীয় স্বাধীনতা এবং রাষ্ট্রের নাগরিক সুরক্ষা প্রদানের সক্ষমতা ও সদিচ্ছা সম্পর্কে গভীর প্রশ্ন উত্থাপন করে।

আগস্ট ২০২৪-এর রাজনৈতিক পটপরিবর্তনের পর থেকে হিন্দু এবং পাহাড়ি ও আদিবাসী নারীরা বিশেষভাবে ঝুঁকির মধ্যে পড়েছেন। প্রতিবেদনে নথিভুক্ত ঘটনাগুলো দেখায় যে বহু ক্ষেত্রে নারীর শরীরকে কেবল একজন ব্যক্তির ওপর আঘাত হানার মাধ্যম হিসেবে নয়, বরং একটি পুরো সম্প্রদায়ের উদ্দেশে ভয়, ভীতি এবং আধিপত্যের বার্তা পৌঁছে দেওয়ার হাতিয়ার হিসেবে ব্যবহার করা হয়েছে। ফলে এসব ঘটনা বিচ্ছিন্ন অপরাধের সীমা অতিক্রম করে বৃহত্তর সাম্প্রদায়িক অনিরাপত্তা এবং সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর ক্রমবর্ধমান চাপের প্রতিফলন হিসেবে সামনে আসে। সংখ্যালঘু নারী ও কন্যাশিশুদের রক্ষা করতে রাষ্ট্রের ব্যর্থতা কেবল মানবাধিকার সুরক্ষার ব্যর্থতা নয়; এটি ধর্মীয় স্বাধীনতা, নাগরিক সমঅধিকার এবং ১৯৭১ সালে প্রতিষ্ঠিত অন্তর্ভুক্তিমূলক ও ধর্মনিরপেক্ষ বাংলাদেশের আদর্শের প্রতি রাষ্ট্রের অঙ্গীকারকেও প্রশ্নের মুখে দাঁড় করায়।

আগস্ট, ২০২৪

১. প্রকাশিত:৫ অগাস্ট ২০২৪/কালবেলা: সাতক্ষীরার তালায় ৫ আগস্ট রাতে হিন্দু সম্প্রদায়ের এক গৃহবধূকে (৩৫) ধর্ষণের অভিযোগ পাওয়া যায়। তিনি বলেন, সেদিন শেখ হাসিনা দেশত্যাগের ফলে দাসপাড়াসহ বিভিন্ন স্থানে আতঙ্ক ছড়িয়ে পড়ে। সন্ধ্যা ৭টার পরপরই ৩০-৩৫ জন সশস্ত্র দুর্বৃত্ত তাঁর বাড়িতে এসে দরজা ও জানালা ভাঙচুর করে। এসময় তার ছেলেমেয়ে বাড়ি থেকে দৌড়ে পালিয়ে যায়। হামলাকারিরা সোনার গহনাসহ প্রয়োজনীয় কাগজপত্র টাকা পয়সা নিয়ে যায় এবং একপর্যায়ে তাকে রামদা দিয়ে ভয় দেখিয়ে ধর্ষণ করে।

২. প্রকাশিতঃ ১২ আগস্ট ২০২৪, প্রথম আলোঃ বরিশালের বাকেরগঞ্জ সরকারি কলেজের অধ্যক্ষ শুক্লা রানী হালদারকে অবরুদ্ধ করে পদত্যাগে বাধ্য করার ঘটনা ঘটেছে।

সেপ্টেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ১ সেপ্টেম্বর ২০২৪, যুগান্তরঃ সুনামগঞ্জ জেলার জগন্নাথপুর উপজেলার আটঘর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষিকা ভাষা রায়ের উপর হামলা এবং শারীরিকভাবে লাঞ্ছিত করা হয়েছে।

২. প্রকাশিতঃ ৯ সেপ্টেম্বর, ২০২৪, প্রথম আলোঃ বান্দরবানের নাইক্ষ্যংছড়িতে বুদ্ধিপ্রতিবন্ধী মারমা কিশোরী ধর্ষণের শিকার হয়।

৩. প্রকাশিতঃ ১১ এপ্রিল ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২৪ সেপ্টেম্বর ২০২৫, স্থানঃ অভয়নগর, যশোর - বাড়ির পাশের বাঁশবাগানের পাতা সংগ্রহ করতে বেরিয়ে বেরিয়ে পঞ্চাশোর্ধ এক গৃহবধূর খোঁজ পাওয়া যাচ্ছিলোনা. এক দিন পর সন্ধ্যায় বাগানের পাশের একটি বাড়ির শৌচাগারের সেপটিক ট্যাংক থেকে তাঁর লাশ উদ্ধার করা হয়। প্রায় পাঁচ মাস পর লাশের ভিসেরা প্রতিবেদন জানা যায়, ওই গৃহবধূকে ধর্ষণের পর শ্বাসরোধে হত্যা করা হয়েছে।

অক্টোবর, ২০২৪

১. প্রকাশিতঃ ১৭ অক্টোবর, ২০২৪, প্রথম আলোঃ সিলেটে ক্ষুদ্র জাতিগোষ্ঠীর এসএসসি পরীক্ষার্থী কিশোরীকে অপহরণ ও ধর্ষণ করা হয়।

ডিসেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ১১ ডিসেম্বর, ২০২৪, প্রথম আলোঃ কুমিল্লার মুরাদনগরে স্কুলে যাওয়ার পথে সংখ্যালঘু হিন্দু ছাত্রীকে ধর্ষণ করা হয়।

ফেব্রুয়ারি ২০২৫

১. প্রকাশিত: ২০ ফেব্রুয়ারি ২০২৫, বিবিসি বাংলা; ঘটনার তারিখঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ ঢাকা-রাজশাহী রুটের বাসঃ ১৭ ফেব্রুয়ারি ঢাকা-রাজশাহী রুটের একটি বাসে ডাকাতির সময় নারীযাত্রীদের ধর্ষণ করা হয়। যাত্রী সোহাগ হাসান বলেন, তারা দুই নারী যাত্রীর চিৎকার আর কান্নার আওয়াজ শুনছিলেন। তিনি জানান, (এক হিন্দু নারীকে) "পিছে নিয়ে গেলে উনি অনেক চিৎকার করছিলো। জোরে জোরে কাঁদতেছিলো। ধর্ষণ না করলে কেউ এরকম চিৎকার করবে না।" আরেক যাত্রী মজনু আকন্দ বলেন, "মা-বোনের ইজ্জতের...ওনাদের মানসম্মানের ক্ষতি করছে, ধস্তাধস্তি করছে।" পুলিশ জানায় তারা ধর্ষণে বিষয়ে কিছু জানেনা।

২. প্রকাশিতঃ ২৩ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৬ অগাস্ট ২০২৪; স্থানঃ কয়রা, খুলনা - খুলনার কয়রা উপজেলার উত্তর বেদকাশী ইউনিয়নের শেখ-সরদারপাড়া গ্রামের জোসনা অধিকারীর স্বামী অশোক অধিকারী দ্বিতীয় বিয়ে করে নিরুদ্দেশ হওয়ার আগে গোপনে বসতভিটা ও ফসলি জমির বেশির ভাগ অংশ বিক্রি করে দিয়ে গেছেন। তবে বসতবাড়ির ১৭ শতাংশ জমি এখনো অবিক্রীত। ৫ আগস্টের পর আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতির সুযোগে সেই গোপন ক্রেতা লোকজন দিয়ে প্রকাশ্যে দখলে নিয়েছেন সবকিছুই। তখন থেকে ছোট তিন সন্তান আর বৃদ্ধা শাশুড়িকে নিয়ে অন্যের ঘরের বারান্দায় আশ্রয় নিয়েছেন জোছনা আধিকারী।

মার্চ ২০২৫

১. প্রকাশিতঃ ১৫মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৪ মার্চ ২০২৫; স্থানঃ মতলব দক্ষিণ উপজেলা, চাঁদপুর - মন্দির চত্বরে ভক্তরা দোল উৎসব উদ্‌যাপন করার সময় কয়েকজন সেখানে বেশ কয়েকটি ইটপাটকেল ছোড়ে। এতে ভক্তরা আতঙ্কিত হয়ে ছোটাছুটি শুরু করলে ঢিলের আঘাতে কলাদী এলাকার বাসিন্দা বীথি রানী আহত হন।

২. প্রকাশিতঃ ১৮ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ মার্চ ২০২৫, স্থানঃ রায়পুরা, নরসিংদী - ১৬ মার্চ রাতে মদ ব্যবসায়ী রাকিব মিয়া দুজন সহযোগীসহ রায়পুরার এক গৃহবধূর বাড়িতে ঢুকে পড়েন। গৃহনধুকে ধর্ষণ করার সময় রাকিবের দুই সহযোগী মোবাইলে ভিডিও করেন। রাকিব তাঁকে হুমকি দেন, ‘কাউকে জানলে স্বামী-স্ত্রীকে একসঙ্গে জবাই করে হত্যা করা হবে।

জুন ২০২৫

১. সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা: বৃহত্তর প্রেক্ষাপট ও পরিসংখ্যান, জানুয়ারি–জুন ২০২৫ | হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS) হিউম্যান রাইটস সাপোর্ট সোসাইটি (HRSS)-এর ছয় মাসের প্রতিবেদনে বলা হয়:সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর অন্তত ১০টি হামলার ঘটনা নথিভুক্ত হয়েছে;

ক. ৪ জন আহত হয়েছেন;

খ. ১টি অস্থায়ী মন্দির ধ্বংস করা হয়েছে;

গ. ১১টি প্রতিমা ভাঙচুর করা হয়েছে;

ঘ. ১৮টি ঘরবাড়ি আক্রান্ত হয়েছে;

ঙ. যশোরের অভয়নগরে মতুয়া সম্প্রদায়ের ১৩টি পরিবার অগ্নিসংযোগের শিকার হয়েছে;

চ. রাজশাহীর খেতুরীধামে হামলার ঘটনা ঘটেছে;

ছ. মাজারসহ ৪০টির বেশি ধর্মীয় স্থাপনায় হামলা, ভাঙচুর বা লুটপাটের ঘটনা নথিভুক্ত হয়েছে।

জ. নারী ভুক্তভোগীর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করা হয়নি। তবে এসব হামলা সংখ্যালঘু পরিবার ও সম্প্রদায়ের নারী সদস্যদের নিরাপত্তা, ধর্মীয় ও বসবাসের অধিকারের ওপর প্রত্যক্ষ প্রভাব ফেলে।

২. প্রকাশিত: ২৯ জুন ২০২৫, কালের কণ্ঠ, ঘটনার তারিখ: ২৬ জুন ২০২৫। স্থান: মুরাদনগর, কুমিল্লা। বাবার বাড়িতে বেড়াতে আসা হিন্দু সম্প্রদায়ের ২৫ বছর বয়সী এক নারীকে ধর্ষণের অভিযোগ ওঠে ফজর আলী (৩৮)-এর বিরুদ্ধে। ভুক্তভোগী দুই সন্তানের জননী; তার স্বামী দুবাইপ্রবাসী। ২৬ জুন রাতে ঘটনা ঘটে। ২৭ জুন বিকেলে ভুক্তভোগী মুরাদনগর থানায় ধর্ষণ মামলা করেন। ধর্ষণের ঘটনার ভিডিও ভাইরাল করার অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়; পরে অন্য প্রতিবেদন অনুযায়ী মূল আসামিসহ পাঁচজন গ্রেপ্তার হয়েছে বলে জানানো হয়। আটককৃত সুমন রামচন্দ্রপুর দক্ষিণ ইউনিয়ন ছাত্রলীগের সভাপতি। তার নেতৃত্বে হিন্দু নারীর আপত্তিকর ভিডিও ধারণ করা হয়। অন্য তিনজন ছাত্রলীগের সদস্য ও সুমনের সহযোগী। অন্যদিকে ধর্ষণ মামলার প্রধান অভিযুক্ত ফজর আলীর একটি ছবিতে একই আসনের সাবেক এমপি ও কুমিল্লা উত্তর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম সরকারের একটি মিছিলের অগ্রভাগে দেখা যায়। অভিযোগ আছে, গত ৫ আগস্টের পর ফজর আলী স্থানীয় বিএনপির সঙ্গে চলাফেরা করতেন। তবে বিএনপি নেতাদের ভাষ্য, তিনি তাদের লোক নন।

ক. প্রকাশিতঃ ২৯ জুন ২০২৫ কালের কণ্ঠ | মুরাদনগর, কুমিল্লা | একই ঘটনার ধারাবাহিকতায় প্রকাশিত আরেকটি প্রতিবেদনে বলা হয়, ভুক্তভোগী নারীকে শারীরিকভাবে নির্যাতনের একটি ভিডিও সামাজিক

যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। ৫১ সেকেন্ডের ওই ভিডিও দেশজুড়ে আলোচনার সৃষ্টি করে। প্রতিবেদনে উল্লেখ করা হয় যে ভিডিওতে ১০ থেকে ১২ জন ব্যক্তিকে নির্যাতনের ঘটনায় অংশ নিতে দেখা যায়।

খ. প্রকাশিতঃ ২৯ জুন ২০২৫ | কুমিল্লা | কালের কণ্ঠ। পুলিশ জানায়, নির্যাতনের ভিডিও ধারণ ও সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার অভিযান পরবর্তী তদন্তের অংশ হিসেবে পরিচালিত হয়।

গ. প্রকাশিতঃ ২৯ জুন ২০২৫ | প্রথম আলো। ঘটনার পরিপ্রেক্ষিতে হাইকোর্ট ভুক্তভোগী নারীর নিরাপত্তা নিশ্চিত করার নির্দেশ দেন। একই সঙ্গে তাঁর ভিডিও ও ছবি সামাজিক যোগাযোগমাধ্যম এবং অন্যান্য অনলাইন প্ল্যাটফর্ম থেকে ২৪ ঘণ্টার মধ্যে অপসারণের নির্দেশ দেওয়া হয়।

ঘ. প্রকাশিতঃ ২৯ জুন ২০২৫ | মুরাদনগর, কুমিল্লা | প্রথম আলো। ঘটনাস্থল পরিদর্শনের পর অতিরিক্ত পুলিশ সুপার এ কে এম কামরুজ্জামান সাংবাদিকদের জানান যে তদন্ত চলমান রয়েছে। তিনি বলেন, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারিত বিভিন্ন দাবির বিষয়ে তদন্তের মাধ্যমে তথ্য যাচাই করা হচ্ছে এবং ভুক্তভোগী গুরুতর নির্যাতনের শিকার হয়েছেন বলে প্রাথমিকভাবে প্রতীয়মান হয়েছে।

ঙ. প্রকাশিতঃ ১ জুলাই ২০২৫ | মুরাদনগর, কুমিল্লা | প্রথম আলো। প্রতিবেদনে বলা হয়, ঘটনার পর প্রতিদিন বিপুল সংখ্যক মানুষ ভুক্তভোগীর বাড়িতে ভিড় করছিল। নিরাপত্তা ও ব্যক্তিগত গোপনীয়তার স্বার্থে তিনি ও তাঁর পরিবার ১ জুলাই বাবার বাড়ি ছেড়ে অন্যত্র চলে যান।

৩. প্রকাশিত: ২৩ জুলাই ২০২৫ | **প্রথম আলো। ঘটনার তারিখ:** ২৭ জুন ২০২৫ | স্থান: খাগড়াছড়ি, ২৭ জুন রথযাত্রা পূজা উৎসব পালন করতে গিয়ে দলবদ্ধ ধর্ষণের শিকার হয় ক্ষুদ্র জাতিগোষ্ঠীর এক শিক্ষার্থী। তাকে আটকে রেখে ভিডিও ধারণের পাশাপাশি হুমকিধমকি দেওয়া হয়। ১২ জুলাই ভুক্তভোগী শিক্ষার্থী আত্মহত্যার চেষ্টা করে।পরে ১৬ জুলাই ধর্ষণের ঘটনা জানাজানি হলে শিক্ষার্থীর বাবা ছয়জনকে আসামি করে একটি মামলা করেন। মামলার ছয় আসামির মধ্যে চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। এ ঘটনায় অভিযুক্ত ব্যক্তিরা বিএনপির রাজনীতির সঙ্গে যুক্ত বলে অভিযোগ উঠেছে। হিল উইমেন ফেডারেশন অভিযোগ করে যে ২৭ জুন এক ত্রিপুরা স্কুলছাত্রীকে কেন্দ্র করে দায়ের হওয়া ধর্ষণ মামলায় ভুক্তভোগীর মেডিকেল পরীক্ষা করা হয়নি। সংগঠনটির দাবি, মেডিকেল সনদ ছাড়া মামলাটি দুর্বল হয়ে পড়ার আশঙ্কা রয়েছে।

জুলাই ২০২৫

১. সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা: বৃহত্তর প্রেক্ষাপট ও পরিসংখ্যান

ক. প্রকাশিত: ৩১ জুলাই ২০২৫, প্রথম আলো। জুলাই ২০২৫, মানবাধিকার সংস্কৃতি ফাউন্ডেশন (MSF), এমএসএফ-এর প্রতিবেদনে ধর্মীয় সংখ্যালঘুদের বিরুদ্ধে নিম্নোক্ত ঘটনার উল্লেখ করা হয়:

i. বাড়িতে ভাঙচুর, লুটপাট ও অগ্নিসংযোগের ২টি ঘটনা;

ii. হেনস্তার ১টি ঘটনা;

iii. প্রতিমা ভাঙচুরের ২টি ঘটনা;

iv. জমি দখলের ১টি ঘটনা;

v. একটি ঘটনায় কটূক্তির অভিযোগে এক কিশোরকে গ্রেপ্তার করার পর ১৫টি বাড়িঘরে হামলা ও ভাঙচুর।

vi. নারী ভুক্তভোগীর সংখ্যা আলাদাভাবে উল্লেখ করা হয়নি। তবে এসব হামলা সংখ্যালঘু পরিবার ও সম্প্রদায়ের নারী সদস্যদের নিরাপত্তা ও বসবাসের অধিকারের ওপর প্রত্যক্ষ প্রভাব ফেলে।

২. প্রকাশিত: ৪ আগস্ট ২০২৫, প্রথম আলো। জুলাই ২০২৫, Human Rights Support Society (HRSS), HRSS-এর তথ্য অনুযায়ী জুলাই মাসে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর অন্তত ৬টি হামলার ঘটনায়:

ক. ২টি মন্দিরে হামলা,

খ. ২টি প্রতিমা ভাঙচুর,

গ. ২০টি বসতবাড়িতে হামলা, ভাঙচুর ও লুটপাট,

ঘ. ১টি জমি দখলের ঘটনা ঘটেছে।

ঙ. প্রতিবেদনে নারী বা কন্যাশিশু ভুক্তভোগীর পৃথক সংখ্যা উল্লেখ করা হয়নি।

সেপ্টেম্বর ২০২৫

১. সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা: বৃহত্তর প্রেক্ষাপট ও পরিসংখ্যান, প্রকাশিত: ৩০ সেপ্টেম্বর ২০২৫, প্রথম আলো। সেপ্টেম্বর ২০২৫, Human Rights Support Society (HRSS)।মানবাধিকার সংগঠন এইচআরএসএস জানায়, সেপ্টেম্বর মাসে সংখ্যালঘু সম্প্রদায়ের ওপর অন্তত ৮টি হামলার ঘটনা ঘটেছে। এসব ঘটনায় ২০টি প্রতিমা

ভাঙচুর করা হয়েছে। প্রতিবেদনে নারী বা কন্যাশিশু ভুক্তভোগীর পৃথক সংখ্যা উল্লেখ করা হয়নি। তবে সংখ্যালঘু সম্প্রদায়ের বিরুদ্ধে সহিংসতার সামগ্রিক প্রেক্ষাপট হিসেবে তথ্যটি গুরুত্বপূর্ণ।

২. প্রকাশিত: ৩০ সেপ্টেম্বর–২ অক্টোবর বিডিনিউজ২৪, প্রথম আলো। ঘটনার তারিখ: ২৩ সেপ্টেম্বর। স্থান:খাগড়াছড়ি। প্রাইভেট পড়ে ফেরার পথে এক মারমা কিশোরী সংঘবদ্ধ ধর্ষণের শিকার হয়েছে বলে অভিযোগ ওঠে। পরিবারের সদস্যরা ২৩ সেপ্টেম্বর ২০২৫ রাত ১১টার দিকে তাঁকে অচেতন অবস্থায় একটি খেত থেকে উদ্ধার করে হাসপাতালে ভর্তি করেন। গত ২৩ সেপ্টেম্বর রাত ৯টা থেকে ১১টার মধ্যে সেই মারমা কিশোরীকে 'ধর্ষণ' করা হয় বলে ঘটনার বর্ণনায় দেওয়া হয়েছে। তার স্বাস্থ্য পরীক্ষার নমুনা সংগ্রহ করা হয় ২৪ সেপ্টেম্বর সকাল ৯টায়। এর চার দিন পর ২৮ সেপ্টেম্বর প্রতিবেদন প্রস্তুত করা হয়। আর সেটি প্রকাশ্যে আসে দুদিন পর। এ ঘটনায় শয়ন শীল নামে একজনকে গ্রেপ্তার করে পুলিশ। ঘটনার প্রতিবাদে জুম্ম ছাত্র-জনতার ব্যানারে খাগড়াছড়ি ও পার্বত্য অঞ্চলে অবরোধ, বিক্ষোভ ও সহিংসতা ছড়িয়ে পড়ে। গুইমারায় ১৪৪ ধারা জারি করা হয়। সংঘর্ষ, অগ্নিসংযোগ ও গুলির ঘটনায় তিনজন পাহাড়ি নিহত হন এবং অন্তত ২০ জন আহত হন। প্রায় অর্ধশত বসতবাড়ি ও ৪০টির মতো দোকানে আগুন দেওয়া হয়। পরবর্তীতে মেডিকেল বোর্ডের প্রতিবেদনে বলা হয় যে ধর্ষণের কোনো আলামত পাওয়া যায়নি। জেলা সিভিল সার্জন জানান, চিকিৎসা পরীক্ষায় ধর্ষণের প্রমাণ মেলেনি। তবে ভুক্তভোগীর পরিবার ও জুম্ম ছাত্র-জনতা এই প্রতিবেদনের সমালোচনা করে এবং সুষ্ঠু তদন্ত দাবি করে।

৩. প্রকাশিত: ২ অক্টোবর ২০২৫, প্রথম আলো: মারমা কিশোরীকে কেন্দ্র করে সংঘটিত ঘটনাটির পর সামাজিক যোগাযোগমাধ্যমে তাঁর ছবি এবং চিকিৎসা-সংক্রান্ত তথ্য ছড়িয়ে পড়ার অভিযোগ ওঠে। কিশোরীর বাবা উদ্বেগ প্রকাশ করে বলেন, তাঁর মেয়ের ছবি প্রকাশের ফলে ভবিষ্যৎ ক্ষতিগ্রস্ত হতে পারে এবং তিনি সুষ্ঠু বিচার নিয়ে শঙ্কিত। জুম্ম ছাত্র-জনতার পক্ষ থেকেও ভুক্তভোগী কিশোরীর ছবি প্রচারকে অপরাধ হিসেবে বর্ণনা করা হয়।

জানুয়ারী ২০২৬

১. প্রকাশিতঃ ৪ জানুয়ারী, ২০২৬, বাংলাদেশ প্রতিদিনঃ ঝিনাইদহে ৩ জানুয়ারী এক হিন্দু বিধবা নারীকে ধর্ষন করে গাছে বেঁধে চুল কেটে দেওয়ার এক ঘটনা ঘটে।

মে ২০২৬

১. প্রকাশিতঃ ২০ মে ২০২৬, ইত্তেফাকঃ বগুড়ার গাবতলী উপজেলায় মধ্যরাতে ঘরে ঢুকে রীতা রানী মজুমদার (৪৫) নামের এক গৃহবধূকে গলা কেটে হত্যা করেছে দুর্বৃত্তরা।

৪

নব সংস্কৃতি, মোরাল পুলিশিং ও জনসমক্ষে হয়রানি

অধ্যায় ৪

মব সংস্কৃতি, মোরাল পুলিশিং ও জনসমক্ষে হয়রানি

এই অধ্যায়ে নথিভুক্ত ঘটনাগুলো নারীদের পোশাক, চলাফেরা, জনপরিসরে উপস্থিতি এবং সামাজিক অংশগ্রহণকে নিয়ন্ত্রণ করার ক্রমবর্ধমান প্রবণতার একটি উদ্বেগজনক চিত্র তুলে ধরে। ২০২৪ সালের আগস্টের রাজনৈতিক পটপরিবর্তনের পর বিভিন্ন স্থানে নারীদের পোশাক, টিপ পরা, ওড়না ব্যবহার, হিজাব বা নিকাব না পরা, এমনকি খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডে অংশগ্রহণকে কেন্দ্র করে হয়রানি, হুমকি এবং সামাজিক চাপের ঘটনা বৃদ্ধি পায়। এসব ঘটনা দেখায় কীভাবে নারীদের পোশাক, চলাফেরা এবং জনপরিসরে উপস্থিতির ওপর সামাজিক নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার প্রচেষ্টা ক্রমশ আরও সংগঠিত, প্রকাশ্য এবং আগ্রাসী রূপ নিতে শুরু করে।

প্রতিবেদনটি ইঙ্গিত করে যে এসব ঘটনা কেবল বিচ্ছিন্ন সামাজিক প্রতিক্রিয়া ছিল না; বরং নারীদের জীবনযাত্রা, ব্যক্তিগত স্বাধীনতা এবং সামাজিক ভূমিকার ওপর নিয়ন্ত্রণ প্রতিষ্ঠার একটি বৃহত্তর প্রবণতার অংশ। ধর্মের দোহাই দিয়ে স্বঘোষিত ‘তাওহিদী জনতা’ এবং অনুরূপ গোষ্ঠীগুলো নারীদের পোশাক, আচরণ এবং জনপরিসরে অংশগ্রহণের গ্রহণযোগ্য সীমা নির্ধারণের দায়িত্ব নিজেদের হাতে তুলে নিতে শুরু করে। এর ফলে বহু নারী জনসমক্ষে অপমান, হয়রানি, ভীতি প্রদর্শন এবং সামাজিক চাপে পড়েন।

বিশেষভাবে উদ্বেগজনক হলো, যা প্রথমে রাস্তায় হয়রানি, সামাজিক চাপ এবং মব-নির্ভর নিয়ন্ত্রণ হিসেবে শুরু হয়েছিল, তা ধীরে ধীরে নীতিগত ও প্রাতিষ্ঠানিক পর্যায়েও প্রতিফলিত হতে শুরু করে। নারীদের কর্মঘণ্টা কমানোর প্রস্তাব এবং কিছু সরকারি প্রতিষ্ঠানে নারী কর্মীদের জন্য পোশাকবিষয়ক নির্দেশনাকে একই ধারাবাহিকতার অংশ হিসেবে দেখা যায়। কারণ, এসব উদ্যোগ নারীর অধিকার সম্প্রসারণের পরিবর্তে নারীদের জনপরিসর থেকে সরিয়ে গৃহকেন্দ্রিক ভূমিকায় সীমাবদ্ধ করার একটি প্রবণতাকে প্রতিফলিত করে।

সব মিলিয়ে, এই অধ্যায়ে নথিভুক্ত ঘটনাগুলো দেখায় যে মব সংস্কৃতি ও মোরাল পুলিশিং কেবল কিছু বিচ্ছিন্ন হয়রানির ঘটনা নয়; বরং নারীর স্বাধীন সত্তা, ব্যক্তিগত পছন্দ এবং জনজীবনে সমান অংশগ্রহণের অধিকারের বিরুদ্ধে একটি বৃহত্তর সামাজিক ও রাজনৈতিক চ্যালেঞ্জ। এই প্রবণতা নারীকে একজন পূর্ণাঙ্গ নাগরিকের পরিবর্তে সামাজিক ও ধর্মীয় নিয়ন্ত্রণের অধীন একটি সত্তায় রূপান্তরিত করার ঝুঁকি তৈরি করছে।

আগস্ট, ২০২৪

১. প্রকাশিতঃ ১২ আগস্ট ২০২৪, কালবেলাঃ কবি নজরুল কলেজের অধ্যক্ষ আমেনা বেগমের উপর মব হামলা করে পদত্যাগে বাধ্য করে ছাত্ররা।

২. প্রকাশিতঃ ১৩ আগস্ট ২০২৪, কালবেলাঃ জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) নৃবিজ্ঞান বিভাগের শিক্ষক কামরুন্নাহার লিপি বলেছেন, 'জাতির পিতাকে ভালোবাসার দায়ে যদি চাকরি যায়, তবে তাই হোক!' জুলাই ২০২৪ এ শিক্ষার্থীদের নিয়ে বিতর্কিত পোস্ট দেওয়ার অভিযোগে শিক্ষার্থীরা তার বহিষ্কারের দাবি তুললে ফেসবুকে তিনি এ কথা লেখেন।

৩. প্রকাশিতঃ ১৩ আগস্ট ২০২৪, প্রথম আলোঃ রাজশাহী সরকারি সিটি কলেজের অধ্যক্ষ আমিনা আবেদীনকে মারধর করে পদত্যাগের কাগজে জোর করে স্বাক্ষর নেওয়া হয়েছে। শুধু তা–ই নয়, অধ্যক্ষ আমিনা আবেদীনের স্বামী ও ছেলেকে মারধর করা হয়েছে।

৪. প্রকাশিতঃ ১৫ আগস্ট ২০২৪, বাংলা ট্রিবিউনঃ কোটা আন্দোলন চলাকালে শিক্ষার্থীদের পক্ষে অবস্থান না নিয়ে আওয়ামী লীগের নেতাকর্মীদের পক্ষে থাকায় শিক্ষার্থীদের দাবির মুখে সিলেট এম এ জি ওসমানী মেডিক্যাল কলেজের গাইনি অ্যান্ড অবস বিভাগের অধ্যাপক ডা. নাসরীন আখতার কে অব্যাহতি দিয়েছে কর্তৃপক্ষ।

৫. প্রকাশিতঃ ২২ আগস্ট, ২০২৪, The Daily Campus: ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'অধিকার সচেতন শিক্ষার্থী সমাজ' কর্তৃক ১০০ জন হিজাববিরোধী শিক্ষকের তালিকা প্রকাশ।

৬. প্রকাশিতঃ ৩১ আগস্ট, ২০২৪, প্রথম আলোঃ রাজশাহীতে প্রকাশ্যে বিদ্যুতের খুঁটিতে বেঁধে দুই নারীকে নির্যাতন করা হয়।

সেপ্টেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ১ সেপ্টেম্বর, ২০২৪, প্রথম আলোঃ ঢাকার বিভিন্ন এলাকায় ভাসমান যৌনকর্মীদের ওপর যুবকদের হামলা ও মারপিট করে।

২. প্রকাশিতঃ ৭ সেপ্টেম্বর, ২০২৪, প্রথম আলোঃ রাজশাহীতে ধর্ষণের অভিযোগে দুই তরুণকে মব জাস্টিসের আওতায় পিটুনি দিয়ে পুলিশে সোপর্দ করা হয়।

৩. প্রকাশিতঃ ১১ সেপ্টেম্বর ২০২৪, প্রথম আলোঃ কক্সবাজার সমুদ্র সৈকতে এক যুবক দলবল নিয়ে একাধিক নারীকে রাতে একা ঘুরে বেড়ানো ও পোশাকের অজুহাতে জনসমক্ষে কান ধরে ওঠবস করায় এবং লাঞ্ছিত করে। এই ঘটনার ভিডিও সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে দেয় ।

৪. প্রকাশিতঃ ১১ সেপ্টেম্বর ২০২৪, বিডিনিউজ২৪ডটকমঃ নওগাঁর ধামইরহাট উপজেলায় পদত্যাগে বাধ্য করতে প্রধান শিক্ষিকা ও তার স্বামীকে শ্রেণিকক্ষে দড়ি দিয়ে বেঁধে দিনভর নির্যাতনের অভিযোগ পাওয়া গেছে। তাদেরকে উদ্ধারের পর মঙ্গলবার রাত ৮টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়। এরপর অবস্থার অবনতি হলে চিকিৎসক তাদের রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে স্থানান্তর করেন।

জানুয়ারি, ২০২৫

১. প্রকাশিতঃ ২৮ জানুয়ারী ২০২৫, প্রথম আলোঃ জয়পুরহাটের আক্কেলপুর উপজেলার তিলকপুর উচ্চবিদ্যালয় মাঠে দেওয়া টিনের বেড়া ভাঙচুরের ঘটনা ঘটেছে। এই মাঠে আগামীকাল বুধবার নারীদের প্রীতি ফুটবল ম্যাচ হওয়ার কথা ছিল। এই খেলা বন্ধ করতে আজ মঙ্গলবার বিকেলে এলাকার 'বিক্ষুব্ধ মুসল্লিরা' জড়ো হয়ে এই ভাঙচুর করেন বলে অভিযোগ পাওয়া গেছে।

ফেব্রুয়ারি, ২০২৫

১. প্রকাশিতঃ ১৫ ফেব্রুয়ারি, ২০২৫, প্রথম আলোঃ চট্টগ্রামে ধর্ষণ মামলার আসামিকে গ্রেপ্তারে র‍্যাবকে মব সৃষ্টি করে বাধা প্রদান।

২. প্রকাশিতঃ ৪ ফেব্রুয়ারি, ২০২৫, প্রথম আলোঃ ফুটবলার মাতসুশিমা সুমাইয়াকে অনলাইন ও অফলাইনে ধর্ষণ ও হত্যার হুমকি।

৩. প্রকাশিতঃ ২২ ফেব্রুয়ারি, ২০২৫, প্রথম আলোঃ আন্দোলনের সময় ধর্ষণের শিকার তরুণীকে বিচার পাইয়ে দেওয়ার বদলে আন্দোলনকারী নেতাদের অসহযোগিতা।

৪. প্রকাশিতঃ ৬ ফেব্রুয়ারি ২০২৫, বাংলা ট্রিবিউন; বিবিসি; ঘটনার তারিখঃ ৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ তারাগঞ্জ, রংপুর - ৬ ফেব্রুয়ারি তারাগঞ্জের বুড়িরহাট উচ্চ বিদ্যালয় মাঠে আন্তঃজেলা নারী ফুটবল টুর্নামেন্ট শুরু হওয়ার কথা ছিল। কিন্তু ইসলামী আন্দোলন নারী ফুটবল খেলা বন্ধের ঘোষণা দেয়। এ নিয়ে স্থানীয় প্রশাসন আইনশৃঙ্খলার অবনতি ঘটার আশঙ্কায় ১৪৪ ধারা জারি করার ফলে নারী ফুটবল ম্যাচ বন্ধ হয়ে যায়। পরে পুলিশী প্রহরায় ১৮ ফেব্রুয়ারি এই খেলা অনুষ্ঠিত হয়।

৫. প্রকাশিতঃ ১৬ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ একুশে বইমেলা, ঢাকা - অমর একুশে বইমেলায় স্যানিটারি ন্যাপকিন বিক্রির কারণে দুটি স্টল বন্ধ করে দিয়েছে বাংলা একাডেমি। বইমেলায় স্যানিটারি ন্যাপকিন বিক্রির বিরুদ্ধে মৌলবাদী দলগুলো প্রতিবাদ জানিয়ে আসছিল।

৬. প্রকাশিতঃ ১৮ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৪ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় - ছাত্রদের একটি দল জননেত্রী শেখ হাসিনা হল' এর নাম বদল এবং ছাত্রীদের বসার জায়গা নৌকার স্থাপনা ভাঙতে গেলে ছাত্রীদের সাথে বাগ্‌বিতণ্ডা ও হাতাহাতি হয়। এ সময় ছাত্রীদের বিশ্রী ভাষায় গালিগালাজ করে ও ফ্যাসিবাদীর দোসরসহ নানা তকমা দেয় ভাঙচুরকারীরা। আন্দোলনকারী মেয়েরা জুলাই ২০২৪ এর সমর্থক ছিলেন। এই ঘটনায় সনদ বাতিলের সুপারিশসহ ১ জনকে আজীবন ও ৯ জনকে দুই বছরের জন্য বহিষ্কার করা হয়।

মার্চ ২০২৫

১. প্রকাশিতঃ ২ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - ১ মার্চ ঢাকার লালমাটিয়ায় দুজন তরুণী ধুমপান করার সময় স্থানীয় লোকজনেরা তাদের বাধা দেন। পরে পুলিশ তাদের থানায় নিয়ে গিয়ে পরিবারের জিম্মায় হস্তান্তর করে।

২. প্রকাশিতঃ ৬ মার্চ ২০২৫, বিডিনিউজ, যুগান্তর; ঘটনার তারিখঃ ৫ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা বিশ্ববিদ্যালয় - ৫ মার্চ ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক ছাত্রীকে ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগারের সহকারী বাইন্ডার মোস্তফ আসিফ অর্ণব পোশাক নিয়ে বিভিন্ন নেতিবাচক মন্তব্য করেন। অর্ণব ওই ছাত্রীকে বলেন, তার পোশাক ঠিক নেই, তিনি পরদা করেননি এবং তার ওড়না সরে গেছে। ওই ছাত্রীর অভিযোগের প্রেক্ষিতে পুলিস অর্ণবকে গ্রেফতার করলে তৌহিদী জনতা অর্ণবের গ্রফতারের দাবিতে শাহবাগ থানায় জড়ো হন। পরের দিন অভিযুক্ত অর্ণব মুক্তি পেলে তাকে ফুলের মালা দিয়ে স্বাগত জানানো হয়।

৩. প্রকাশিতঃ ৬ মার্চ ২০২৫, দেশ রুপান্তর; ঘটনার তারিখঃ ৬ মার্চ ২০২৫; স্থানঃ জগন্নাথ বিশ্ববিদ্যালয় - ইসলামি রাষ্ট্র প্রতিষ্ঠিত হলে নারীদের জন্য পৃথক বিশ্ববিদ্যালয় থাকবে বলেছে ইসলামী ছাত্রশিবির। নারীদের জন্য আলাদা বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠিত হলে যেখানে নারী শিক্ষক ও নারী প্রশাসন থাকবে এবং নারীরাই সেই প্রতিষ্ঠান পরিচালনা করবে।

৪. প্রকাশিতঃ ১৮ মার্চ ২০২৫, বিডিনিউজ; ঘটনার তারিখঃ ১৮ মার্চ ২০২৫; স্থানঃ টেকনাফ - ১৭ মার্চ টেকনাফ সেইভ দ্য চিলড্রেনের উদ্যোগে জেন্ডার সমতার ভিত্তিতে একটি দেয়ালচিত্র আঁকা হয়। ধর্মীয় মৌলবাদী দলের সদস্যরা সামাজিক যোগাযোগ মাধ্যমে এর বিরুদ্ধে প্রচারণা চালাতে থাকে। এর প্রেক্ষিতে ১৮ মার্চ দেয়ালচিত্রটি মুছে ফেলা হয়।

এপ্রিল ২০২৫

১. প্রকাশিতঃ ১৭ এপ্রিল ২০২৫, বিডিনিউজ; ঘটনার তারিখঃ ১৭ এপ্রিল ২০২৫; স্থানঃ ঢাকা - তিন বছর আগে ঢাকায় ফার্মগেট এলাকায় এক নারীর টিপ পড়া নিয়ে হুলস্থুল কাণ্ডের ঘটনায় তেজগাঁও কলেজের শিক্ষক লতা

সমাদ্দারসহ ১৮ জনের বিরুদ্ধে মামলা হয়েছে। ওই ঘটনায় চাকরি হারানো পুলিশ কনস্টেবল নাজমুল তারেক ১৭ এপ্রিল এই মামলাটি করেন। অন্যান্য আসামির মধ্যে রয়েছেন অভিনেত্রী ও সাবেক সংসদ সদস্য সুবর্ণা মোস্তফা, চয়নিকা চৌধুরী, আশনা হাবিব ভাবনা, জ্যোতিকা জ্যোতি, উর্মিলা শ্রাবন্তী কর, দেবী সান, নাজনীন নাহার চুমকি, সুষমা সরকার ও কুসুম সিকদার সহ আরো কজন।

মে ২০২৫

১. প্রকাশিতঃ ১৩ মে ২০২৫, ইনডিপেন্ডেন্ট (ইউকে); ডেইলি স্টার ঘটনার তারিখঃ ৩ মে ২০২৫; স্থানঃ ঢাকা - নারীবিষয়ক সংস্কার কমিশন বাতিল ও অন্যান্য দাবি নিয়ে ঢাকায় হেফাজতে ইসলামির মহাসমাবেশ অনুষ্ঠিত হয়। এতে প্রায় ২০০০০ মানুষের সমাগম ঘটে।

২. প্রকাশিত: ২৭ মে ২০২৫, প্রথম আলো ঘটনার তারিখ: ২৬ মে ২০২৫। স্থান: ঢাকা। চাঁদনী চক মার্কেটের একটি দোকানে ঢাকা বিশ্ববিদ্যালয়ের এক নারী শিক্ষার্থীকে হেনস্তা করা হয়। এর প্রতিবাদ করতে গেলে বিশ্ববিদ্যালয়ের দুই শিক্ষার্থীকে মারধর করে আটকে রাখা হয়। পরে অন্য শিক্ষার্থীরা গিয়ে তাঁদের উদ্ধার করেন।

৩. প্রকাশিত: ২৯ মে ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ: ২৮ মে ২০২৫। স্থান: চট্টগ্রাম। গণতান্ত্রিক ছাত্রজোটের কর্মসূচিতে হামলার সময় এক ব্যক্তি দুই নারীকে লাথি মারেন। তিনি ছাত্রশিবিরের সাবেক কর্মী বলছেন ছাত্র জোটের নেতা-কর্মী ও প্রত্যক্ষদর্শীরা। ঘটনাটির ভিডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে। একাত্তরে মুক্তিযুদ্ধকালে মানবতাবিরোধী অপরাধের মামলায় জামায়াত নেতা এ টি এম আজহারুল ইসলামের মৃত্যুদণ্ডাদেশ থেকে খালাসের প্রতিবাদে ২৮ মে বিকেলে কর্মসূচি ঘোষণা করে গণতান্ত্রিক ছাত্র জোট। কর্মসূচি শুরুর পরপর সেখানে মিছিল নিয়ে আসে ‘শাহবাগবিরোধী ঐক্য’। এ সময় ‘শাহবাগবিরোধী ঐক্যে’র লোকজন ছাত্র জোটের নেতা-কর্মীদের ওপর হামলা চালান। এতে ১২ জন আহত হন।

জুন ২০২৫

১. প্রকাশিত: ২ জুন ২০২৫, প্রথম আলো। ঘটনার সময়কাল: মে–জুন ২০২৫ তথ্য আপা প্রকল্পের কর্মীরা অভিযোগ করেন যে যমুনা অভিমুখে লংমার্চ কর্মসূচী চলাকালে প্রথমে পুরুষ পুলিশ সদস্যরা তাঁদের ওপর হামলা, লাঠিচার্জ ও গালাগাল করেন। পরে নারী পুলিশ সদস্যরাও দুই দফায় লাঠিপেটা করেন। অভিযোগ অনুযায়ী, বুট দিয়ে নারীদের পেটে লাথি মারা হয় এবং এক গর্ভবতী নারীকে ধাক্কা দিয়ে রাস্তায় ফেলে দেওয়া হয়।

২. প্রকাশিত: ১১ জুন ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ: ৯ জুন। স্থান: কুমারখালী, কুষ্টিয়া। চুরির অভিযোগে এক নারীর চুল কেটে দেওয়া এবং তাঁর বাড়িতে ভাঙচুর ও লুটপাটের অভিযোগ ওঠে। ঘটনায় তিন নারীকে গ্রেপ্তার করা হলে শতাধিক গ্রামবাসী থানা ঘেরাও করেন এবং আসামিদের মুক্তির দাবিতে পুলিশের সঙ্গে সংঘর্ষে জড়ান।

৩. প্রকাশিত: ২৫ জুন ২০২৫, BDDigest।ঘটনার তারিখ: ১৪ জুন। স্থান: বড়াইগ্রাম, নাটোর। তালাকনামায় স্বাক্ষর না দেওয়ায় নাটোরের বড়াইগ্রামে শিবিরের দুই নেতার (দুজনই আপন ভাই) নেতৃত্বে নিরীহ নারীকে মধ্যযুগীয় কায়দায় নির্যাতনের শিকার হতে হয়েছে। তাকে প্রকাশ্যে রাস্তায় বৈদ্যুতিক খুঁটির সঙ্গে বেঁধে শারীরিক ও মানসিক নির্যাতন চালানো হয়। এই নৃশংস ঘটনার বিরুদ্ধে থানায় মামলা করেছেন নির্যাতিতা নারী। এ ঘটনার পর ওই নারীকে শিবিরের সশস্ত্র সন্ত্রাসীরা হুমকি-ধমকি দিচ্ছে।

৪. প্রকাশিত: ২৯ জুন ২০২৫, বিডিনিউজ২৪, ঘটনার তারিখ: ১৩ জুন। স্থান: ঢাকা, হাতিরঝিল। যৌথবাহিনীর চেকপোস্টে দুই তরুণীকে থামানোর পর ক্যামেরাধারীরা তাঁদের অনুসরণ করেন এবং ‘এত রাতে কেন বাইরে’ ধরনের প্রশ্ন করতে থাকেন। ভিডিওগুলো পরে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ে এবং ব্যাপক সমালোচনার জন্ম দেয়।

জুলাই ২০২৫

১. প্রকাশিত: ৩ জুলাই ২০২৫, ইত্তেফাক। ঘটনার তারিখ: ৩ জুলাই ২০২৫।স্থান: মুরাদনগর, কুমিল্লা। ‘মাদক সংশ্লিষ্টতার’ অভিযোগ এনে এক নারী ও তাঁর দুই সন্তানকে পিটিয়ে হত্যা করা হয়।

২. প্রকাশিত: ৯ জুলাই ২০২৫, প্রথম আলো। মুরাদনগরের আলোচিত ধর্ষণ মামলার আসামি ফজর আলীকে বিএনপি নেতা হিসেবে উল্লেখ করে সংবাদ প্রকাশ করায় দৈনিক মানবকণ্ঠের সাংবাদিক মাহবুব আলমের বিরুদ্ধে মামলা করা হয়।

৩. প্রকাশিত: ১৪ জুলাই ২০২৫, বাংলা ট্রিবিউন। রাজশাহী বিভাগীয় কমিশনার খোন্দকার আজিম আহমেদ বলেন, মেয়েদের মোহরানা কমিয়ে বিয়ে সহজ করা উচিত। তিনি বিশ্ববিদ্যালয় পর্যায়ে গণবিবাহের আয়োজনের প্রসঙ্গও উল্লেখ করেন। নারীর অর্থনৈতিক অধিকার, বিবাহে সম্মানজনক অবস্থান এবং সামাজিক দৃষ্টিভঙ্গি নিয়ে এই মন্তব্য জনপরিসরে ব্যাপক আলোচনার জন্ম দেয়।

৪. প্রকাশিত: ২৩ জুলাই ২০২৫, প্রথম আলো। বাংলাদেশ ব্যাংক নারী কর্মকর্তা-কর্মচারীদের জন্য শাড়ি, সালোয়ার-কামিজ, ওড়না এবং ‘শালীন পোশাক’ পরার নির্দেশনা দেয়। একইসঙ্গে ছোট হাতা পোশাক ও লেগিংস পরিহার করতে বলা হয়। পরে নির্দেশনাটি প্রত্যাহার করা হয়। বিষয়টি নারীদের পোশাক, ব্যক্তিগত স্বাধীনতা এবং প্রাতিষ্ঠানিক নিয়ন্ত্রণ নিয়ে বিতর্ক সৃষ্টি করে।

আগস্ট ২০২৫

১. প্রকাশিত: ২৭ আগস্ট ২০২৫, বাংলা ট্রিবিউন।স্থান: ঢাকা। ভিকারুননিসা নূন স্কুল অ্যান্ড কলেজে হিজাব পরতে বলা বা না বলা নিয়ে অভিযোগের প্রেক্ষাপটে শিক্ষক ফজিলাতুন নাহারকে সাময়িক বরখাস্ত করা হয়। এ সিদ্ধান্তের প্রতিবাদে শিক্ষার্থীরা মিছিল ও সমাবেশ করে। পরবর্তীতে বর্তমান ও সাবেক শিক্ষার্থীদের একাংশ দাবি করেন যে শিক্ষক হিজাব নিষিদ্ধ করেননি; বরং সঠিকভাবে হিজাব পরার কথা বলেছিলেন। ঘটনাটি নারী পোশাক, ধর্মীয় পরিচয়, সামাজিক চাপ এবং মোরাল পুলিশিংয়ের বিতর্ককে সামনে আনে।

২. প্রকাশিত: ৩ সেপ্টেম্বর ২০২৫, প্রথম আলো। ঘটনার তারিখ: ৩১ আগস্ট ২০২৫। স্থান: চট্টগ্রাম। চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের সঙ্গে স্থানীয়দের সংঘর্ষের সময় একটি ভবনের ভেতর থেকে কয়েকজন ছাত্রী ফেসবুক লাইভ করছিলেন। অভিযোগ অনুযায়ী, স্থানীয় লোকজন তাঁদের ধর্ষণের হুমকি দেয়।

নভেম্বর ২০২৫

১. প্রকাশিতঃ ৮ নভেম্বর, ২০২৫, প্রথম আলোঃ নারীপক্ষের শিরিন হোক বলেছেন যে নারীর প্রতি যে সহিংসতা এবং নারী অধিকারের অন্তরায়গুলো - সেগুলো জুলাইয়ের পরে আরও বেড়েছে। তিনি জুলাই সনদে কোন নারীকে রাখা হয়নি বিষয়টিকে তুলে ধরেন। তবে, এ বিষয়ে প্রেস সচিব শফিকুল ইসলাম বলেন নিজেদের গুরুত্ব বাড়াতে জুলাই সনদে নারী, কৃষক ও শ্রমিকদের বিষয় নেই বলা হচ্ছে। প্রধান উপদেষ্টার প্রেস সচিব শফিকুল আলম এমন মন্তব্য করেছেন। রাজনৈতিক দলগুলো এসব শ্রেণিকে প্রতিনিধিত্ব করে বলে জানান তিনি।

২. প্রকাশিতঃ ১০ নভেম্বর, ২০২৫, দেশ রূপান্তরঃ জামাতের আমির শফিকুর রহমান বলেছেন, তার দল ক্ষমতায় গেলে কর্মজীবী নারীদের জন্য আট ঘণ্টার পরিবর্তে পাঁচ ঘণ্টা কর্মসময়ের ব্যবস্থা করা হবে। তিনি বলেন, “নারীদের কর্মঘণ্টা কমানোর বিষয়টি অবাস্তব নয়, বরং এটি বাস্তবায়নযোগ্য উদ্যোগ। কোনো প্রতিষ্ঠান যদি এতে ক্ষতির মুখে পড়ে, তবে সরকার তাদের জন্য তিন ঘণ্টার সমপরিমাণ ভর্তুকি দেবে।” তিনি আরও বলেন, “যেসব নারী ঘরে সময় দিতে চান, রাষ্ট্র তাদের অবদানকেও সম্মানের সঙ্গে স্বীকৃতি দেবে।”

৩. প্রকাশিতঃ ২৫ নভেম্বর, ২০২৫, প্রথম আলোঃ মধ্যস্থতার বিধান করে সহায়তা প্রদান অধ্যাদেশ, ২০২৫ কার্যকরের পর ১৮ সেপ্টেম্বর থেকে ১৮ নভেম্বর পর্যন্ত দুই মাসে ১২টি জেলা লিগ্যাল এইড অফিসে সাতটি আইনের বিভিন্ন ধারায় মোট আবেদন এসেছে ৫ হাজার ৯১৬টি। এর মধ্যে ৫ হাজার ১২৫টি অর্থাৎ প্রায় ৮৭ শতাংশ আবেদনই পারিবারিক ও যৌতুকের অভিযোগসংক্রান্ত। মোট অভিযোগের মধ্যে নিষ্পত্তি হয়েছে ৩ হাজার ৪১টি বা ৫১ শতাংশ। সংশোধিত অধ্যাদেশ অনুসারে, এসব বিষয়ে পারিবারিক আদালতে মামলা করার আগে লিগ্যাল এইডে মধ্যস্থতার

আবেদন করতে হবে। এই আইনের ৫ ধারায় লিগ্যাল এইড অফিসে আবেদন জমা হয়েছে ২ হাজার ৬৫৬টি। যৌতুক নিরোধ আইন, ২০১৮-এর ৩ ধারা (যৌতুক দাবি করার দণ্ড) এবং ৪ ধারায় (যৌতুক প্রদান বা গ্রহণ ইত্যাদি) আবেদন জমা হয়েছে ২ হাজার ৪৬৯টি।

৪. প্রকাশিতঃ ২৭ নভেম্বর, ২০২৫, প্রথম আলোঃ চার বিয়ে নিয়ে একটি মন্তব্যের জন্য ধর্মীয় অনুভূতিতে আঘাত দেওয়ার অভিযোগে ঢাকা-১৪ আসনে বিএনপির মনোনীত প্রার্থী সানজিদা ইসলামের (তুলি) বিরুদ্ধে মামলা হয়েছে। হোসাইন মোহাম্মদ আনোয়ার নামের এক ব্যক্তি আজ বুধবার ঢাকার মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আরিফুর রহমানের আদালতে এই মামলা করেন।

৫. প্রকাশিতঃ ১৩ নভেম্বর ২০২৫, bdnews24.com: ১২ নভেম্বর ময়মনশিংহে স্থানীয়ভাবে চিহ্নিত কয়েকজন দুর্বৃত্ত এক নারী নৃত্যশিল্পীকে প্রকাশ্যে মারধর করে, তাঁর চুল কেটে দেয় এবং মুখে কালি মেখে হেনস্তা করে।

ডিসেম্বর ২০২৫

১. প্রকাশিতঃ ৯ ডিসেম্বর, ২০২৫, প্রথম আলোঃ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের একজন সহযোগী অধ্যাপক নারী জাগরণের পথিকৃৎ বেগম রোকেয়াকে ফেসবুকে ‘মুরতাদ-কাফির’ বলে অভিহিত করেছেন, যা নিয়ে বিভিন্ন মহলে তীব্র সমালোচনা শুরু হয়েছে।

২. প্রকাশিতঃ ২৬ ডিসেম্বর, ২০২৫, দ্য ডেইলি স্টার: এই সংবাদ কার্যালয়ে মব আক্রমণের সময় সেখান থেকে উদ্ধার করতে গিয়ে দুই নারী সাংবাদিককে চূড়ান্তভাবে লাঞ্ছিত ও হেনস্তা করেছে উত্তেজিত জনতা।

৩. প্রকাশিতঃ ২৭ ডিসেম্বর, ২০২৫, প্রথম আলোঃ চাঁপাইনবাবগঞ্জের শিবগঞ্জ উপজেলায় আবু সুফিয়ান (২২) নামের এক তরুণকে বিদ্যুতের খুঁটিতে বেঁধে কুপিয়ে গুরুতর জখম করা হয়েছে। এতে ওই তরুণের দুই হাত ও এক পা প্রায় বিচ্ছিন্ন হয়ে গেছে বলে জানিয়েছেন চিকিৎসকেরা। এক স্বজন কিশোরীকে উত্ত্যক্তের প্রতিবাদের জেরে তার এ হাল করে জামায়াতে ইসলামী ও ছাত্রশিবিরের স্থানীয় কর্মীরা।

জানুয়ারী ২০২৬

১. প্রকাশিতঃ ২ জানুয়ারী, ২০২৬, প্রথম আলোঃ রাজধানী ঢাকার গুলশানে একটি মাদ্রাসার পাশে এক নারীকে চোর সন্দেহে খুঁটির সঙ্গে বেঁধে শীতের সকালে তার গায়ে পানি ঢেলে কয়েকজন পুরুষকে উল্লাস করতে দেখা গেছে।

২. প্রকাশিতঃ ৮ জানুয়ারী ২০২৬, বাংলা ট্রিবিউনঃ লিখিত কোনও নীতি না থাকলেও সন্ধ্যার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মাঠে প্রবেশে নারী শিক্ষার্থীদের বাধা দেওয়া হচ্ছে বলে অভিযোগ উঠেছে।

৩. ১১ জানুয়ারী, ২০২৬, Newsflash71: আদালতে ২০২১ এ করা রিটে আবেদন জানানো হয়েছিল, আরবিট্রেশন কাউন্সিল নয়, দ্বিতীয় বিয়ে করতে যেন প্রথম স্ত্রীর অনুমতি নেয়া হয়। রিটের রায়ে বলা হয়েছে, দ্বিতীয় বিয়ের ক্ষেত্রে সিদ্ধান্ত নেবে আরবিট্রেশন কাউন্সিল। তাই প্রথম স্ত্রীর অনুমতি বাধ্যতামূলক নয়।

৪. প্রকাশিতঃ ২৪ জানুয়ারী, ২০২৬, The Daily Campus: শফিকুর রহমান এক সভায় বলেন যে অনেকে ভয় দেখায় জামায়াত ক্ষমতায় গেলে নারীদের ঘর থেকে বের হতে দেবে না, নারীদের পড়াশোনা করতে দেবে না। তিনি বলেন যে এসকল ধোঁকাবাজদের কথা ঠিক নয়, বরং ক্ষমতায় গেলে জামায়াত মা-বোনদের মর্যাদা ও নিরাপত্তা শতভাগ নিশ্চিত করবে।

৫. প্রকাশিতঃ ২৭ জানুয়ারী, ২০২৬ সমকালঃ ডাকসু ‘মাদকের আড্ডাখানা ও বেশ্যাখানা ছিল’ বলে মন্তব্য করেন বরগুনার জামাত নেতা শামীম আহসান।

৬. প্রকাশিতঃ ২৯ জানুয়ারী ২০২৬, কালবেলাঃ আল জাজিরার সাথে এক সাক্ষাৎকারে জামায়াতে ইসলামের শফিকুর রহমান বলেন, "একজন মহিলা কি জামাতের প্রধান হতে পারেন?" প্রশ্ন করা হলে উত্তর দেন, "এটা সম্ভব নয়। এটা সম্ভব নয় কারণ আল্লাহ সবাইকে তার নিজস্ব সত্তায় তৈরি করেছেন। কারণ আপনি কখনও সন্তান ধারণ করতে পারবেন না।"

৭. প্রকাশিতঃ ২০ জানুয়ারী, ২০২৬, প্রথম আলোঃ সাভারে পরিত্যক্ত পৌর কমিউনিটি সেন্টার ও আশপাশ থেকে গত ছয় মাসে ছয়টি লাশ উদ্ধারের ঘটনায় পুলিশ মশিউর রহমান ওরফে সম্রাট নামের একজনকে গ্রেপ্তার করেছে। যেসব নারী রাতে ‘অসামাজিক কাজ’ করতেন, তাদের ওপর ক্ষোভের কারণে চার নারীকে হত্যা করেছেন বলে জবানবন্দীতে জানান তিনি।

৮. প্রকাশিতঃ ২৭ জানুয়ারী, ২০২৬ সমকালঃ ডাকসু ‘মাদকের আড্ডাখানা ও বেশ্যাখানা ছিল’ বলে মন্তব্য করেন বরগুনার জামাত নেতা শামীম আহসান।

৯. প্রকাশিতঃ ২৯ জানুয়ারী ২০২৬, কালবেলাঃ আল জাজিরার সাথে এক সাক্ষাৎকারে জামায়াতে ইসলামের শফিকুর রহমান বলেন, "একজন মহিলা কি জামাতের প্রধান হতে পারেন?" প্রশ্ন করা হলে উত্তর দেন, "এটা সম্ভব নয়। এটা সম্ভব নয় কারণ আল্লাহ সবাইকে তার নিজস্ব সত্তায় তৈরি করেছেন। কারণ আপনি কখনও সন্তান ধারণ করতে পারবেন না।"

ফেব্রুয়ারি ২০২৬

১. প্রকাশিতঃ ১ ফেব্রুয়ারি, ২০২৬, The Daily Campus: বিশ্ব হিজাব দিবস উপলক্ষ্যে ডাকসুর উদ্যোগে সেমিনার ও মানববন্ধনের আয়োজন করা হয় এবং প্রায় ১,২০০ হিজাব বিতরণ করা হয়।

২. প্রকাশিতঃ ২ ফেব্রুয়ারি, ২০২৬, bdnews24.com: শফিকুর রহমানের এক্স অ্যাকাউন্ট এর একটি পোস্টে কর্মরত নারীদের পতিতার সঙ্গে তুলনা করা হয়। পরে তিনি দাবি করেন তার অ্যাকাউন্ট হ্যাক হয়েছিল। বিভিন্ন সূত্রে এই দাবি মিথ্যা প্রমাণিত হলেও জামায়াত তা অস্বীকার করে যাচ্ছে। হ্যাকের ঘটনায় রাষ্ট্রপতি কার্যালয়ের এক সহকারী প্রোগ্রামারকে আটক করা হয়। পরে মিয়া গোলাম পারওয়ার দাবি করেন শফিকুর রহমান কর্মজীবী নারীদের পতিতা বলেননি। সামাজিক মাধ্যমে নারীদের পণ্য হিসেবে উপস্থাপন এবং অশ্লীলতাকেই তিনি পতিতাবৃত্তি হিসেবে উল্লেখ করেছিলেন।

৩. প্রকাশিতঃ ২ ফেব্রুয়ারি, ২০২৬, bdnews24.com: জামাতের নারী সংগঠন জানায়, কোরআনে বলা আছে নারীরা নেতৃত্বে যেতে পারবেনা এবং তারা তা মেনে নিয়েছেন।

৪. প্রকাশিতঃ ৪ ফেব্রুয়ারি, বাংলা ট্রিবিউনঃ ফেব্রুয়ারি এক এক্স পোস্টে মিয়া গোলাম পারওয়ার বলেন শফিকুল আলম তার এক্স পোস্টে কর্মজীবী নারীদের পতিতা বলেননি। বরং সামাজিক যোগাযোগ মাধ্যম অশ্লীলতা এবং অন্যান্য ভাবে যে নারীদের পণ্য হিসেবে দেখানো হয়, তাকে পতিতাবৃত্তি বলেছেন। কিছুক্ষণ পরেই এই পোস্ট মুছে ফেলা হয় এবং জামাত দাবি করে গোলাম পারওয়ারের একাউন্ট হ্যাক হয়েছে।

৫. প্রকাশিতঃ ৫ ফেব্রুয়ারি, ইনকিলাবঃ ভারতীয় সংবাদ মাধ্যম স্ক্রলকে দেওয়া এক সাক্ষাৎকারে জামাতের সহকারী সেক্রেটারি জেনারেল ও মিডিয়া প্রধান এহসানুল মাহবুব হিজাব সংক্রান্ত এক প্রশ্নের জবাবে বলেন যে বাংলাদেশের মানুষ যদি ভবিষ্যতে হিজাব আইন চায়, সেটা তারা করবে।

৬. প্রকাশিতঃ ৮ ফেব্রুয়ারি, ২০২৬, প্রথম আলো: 'নারীবিদ্বেষী ও অবমাননাকর' বক্তব্য দেওয়ার অভিযোগ তুলে শফিকুর রহমানের প্রার্থিতা বাতিলের দাবিতে নির্বাচন কমিশনে স্মারকলিপি দিয়েছে ১১টি সংগঠন।

৭. প্রকাশিতঃ ৯ ফেব্রুয়ারি, ২০২৬, ইনকিলাব: হাসনাত আবদুল্লাহ বলেছে গত একমাস ধরে একটি দল কিছু নারীদের হিজাব, বোরখা, ছায়া টেনে খুলে ফেলতে চেয়েছে এবং এরা যদি ক্ষমতায় আসে বাংলাদেশকে বিবস্ত্র করে ফেলবে।

৮. প্রকাশিতঃ ১ ফেব্রুয়ারি, ২০২৬, The Daily Campus: বিশ্ব হিজাব দিবস উপলক্ষ্যে ডাকসুর উদ্যোগে সেমিনার ও মানববন্ধনের আয়োজন করা হয় এবং প্রায় ১,২০০ হিজাব বিতরণ করা হয়।

৯. প্রকাশিতঃ ২ ফেব্রুয়ারি, ২০২৬, bdnews24.com: জামাতের নারী সংগঠন জানায়, কোরআনে বলা আছে নারীরা নেতৃত্বে যেতে পারবেনা এবং তারা তা মেনে নিয়েছেন।

মে ২০২৬

১. প্রকাশিতঃ ২৫ মে, ২০২৬ কালের কণ্ঠ, bdnews24: ফেসবুক লাইভে সংবাদ বুলেটিন প্রচারের ক্ষেত্রে উপস্থাপকদের জন্য নির্ধারিত পোশাকবিধি অনুসরণের নির্দেশ দিয়ে বাংলাদেশ বেতার আদেশ জারি করে বলেছে যে নারী সংবাদ উপস্থাপকদের ওড়নাসহ ফুলহাতা সাদামাটা সালোয়ার-কামিজ অথবা শাড়ি পরতে হবে, কপালে বড় টিপ এবং একপাশে ওড়না ব্যবহার করা যাবে না। প্রবল সমালোচনার মুখে বাংলাদেশ বেতারের মহাপরিচালক তা বাতিল করেন।

৫

প্রো-৭১ ও আওয়ামী লীগ-সংশ্লিষ্ট নারীদের ওপর হামলা, মামলা ও হয়রানি

অধ্যায় ৫

প্রো-৭১ ও আওয়ামী লীগ-সংশ্লিষ্ট নারীদের ওপর হামলা, মামলা ও হয়রানি

বর্ণিত ঘটনাগুলো ইঙ্গিত করে যে আগস্ট ২০২৪ থেকে বর্তমান সময় পর্যন্ত রাজনৈতিক পরিচয় ও আদর্শিক অবস্থানের কারণে নারীরা ধারাবাহিকভাবে লক্ষ্যবস্তুতে পরিণত হয়েছেন। নারী রাজনীতিবিদ, শিক্ষাবিদ, সাংবাদিক, ক্রীড়াবিদ, শিল্পী, সাংস্কৃতিক কর্মী, শিক্ষার্থী এবং আওয়ামী লীগ ও মুক্তিযুদ্ধপন্থী পরিচয়ের সঙ্গে সম্পৃক্ত নারীদের বিরুদ্ধে মামলা, গ্রেপ্তার, শারীরিক হামলা, সামাজিক অপমান, অনলাইন হুমকি, কর্মক্ষেত্র ও শিক্ষাপ্রতিষ্ঠানে হয়রানি এবং অন্যান্য প্রতিশোধমূলক পদক্ষেপের অসংখ্য ঘটনা এই সময়ে সামনে এসেছে। এসব ঘটনা রাজনৈতিক প্রতিহিংসা, সামাজিক বিদ্বেষ এবং ভিন্নমত দমনের একটি উদ্বেগজনক ধারাবাহিকতার চিত্র তুলে ধরে।

বিশেষভাবে উদ্বেগজনক হলো, বহু প্রো-৭১ নারী, নারী শিক্ষার্থী ও আওয়ামীলীগ এবং ছাত্রলীগের নেত্রীকে আত্মগোপনে যেতে বাধ্য করা হয়েছে, শারীরিক নির্যাতনের শিকার হতে হয়েছে, কারাবরণ করতে হয়েছে এবং দীর্ঘ সময় ধরে স্বাভাবিক জীবনযাপন থেকে বিচ্ছিন্ন থাকতে হয়েছে। অনেকেই শিক্ষাপ্রতিষ্ঠানে উপস্থিত হতে পারেননি, নিয়মিত শিক্ষা কার্যক্রমে অংশগ্রহণের সুযোগ হারিয়েছেন কিংবা পরীক্ষায় বসা থেকেও বঞ্চিত হয়েছেন। ফলে এই নিপীড়নের প্রভাব কেবল ব্যক্তিগত নিরাপত্তা বা রাজনৈতিক অংশগ্রহণের মধ্যেই সীমাবদ্ধ থাকেনি; বরং তা তাঁদের শিক্ষা, কর্মজীবন, সামাজিক অগ্রগতি এবং ভবিষ্যৎ সম্ভাবনাকে গভীরভাবে ক্ষতিগ্রস্ত করেছে।

উদ্বেগের বিষয় হলো, পর্যালোচ্য সময়কালে এই প্রবণতা বিচ্ছিন্ন বা সাময়িক ছিল না; বরং বিভিন্ন পর্যায়ে তা অব্যাহত থেকেছে এবং এখনো চলমান। এসব ঘটনা নারীদের রাজনৈতিক, নাগরিক, সাংস্কৃতিক ও শিক্ষাগত অংশগ্রহণের ক্ষেত্র সংকুচিত করার পাশাপাশি মতপ্রকাশ, সংগঠন এবং গণতান্ত্রিক অংশগ্রহণের মৌলিক অধিকারের ওপরও নেতিবাচক প্রভাব ফেলছে।

আগস্ট, ২০২৪

১. প্রকাশিতঃ ২০ অগাস্ট ২০২৪, Independent TV: দীপু মনিকে আদালতে হাজির করার সময় প্রিজন ভ্যান থেকে নামানো হলে তাঁকে কিল-ঘুষি, গায়ে হাত তোলার চেষ্টা করা হয়

২. প্রকাশিতঃ ২৬ অগাস্ট ২০২৪, সমকালঃ টেলিভিশন প্রোগ্রাম প্রডিউসারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের (টেলিপ্যাব) সহ-সভাপতির পদ থেকে রোকেয়া প্রাচীকে অব্যাহতি দেওয়া হয়েছে। শৃঙ্খলাভঙ্গের দায়ে সম্প্রতি সাংগঠনিকভাবে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানান

সেপ্টেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ৫ সেপ্টেম্বর ২০২৪, ঢাকা ট্রিবিউনঃ রংপুরে গুলিবিদ্ধ হয়ে স্বর্ণশ্রমিক মুসলিম উদ্দিন নিহত হওয়ার ঘটনায় ২৭ আগস্ট শিরীন শারমিন চৌধুরী, সাবেক বাণিজ্যমন্ত্রী টিপু মুনশিসহ ১৭ জনের বিরুদ্ধে হত্যা মামলা করা হয়।

ডিসেম্বর, ২০২৪

১. প্রকাশিতঃ ২৪ ডিসেম্বর, ২০২৪, প্রথম আলোঃ নড়াইলে সংরক্ষিত ওয়ার্ডের আওয়ামী লীগ সংশ্লিষ্ট ইউপি সদস্যকে দলবদ্ধ ধর্ষণের পর মুখে বিষ ঢেলে হত্যা।

ফেব্রুয়ারি, ২০২৫

১. প্রকাশিতঃ ৪ ফেব্রুয়ারি, ২০২৫, প্রথম আলোঃ ফুটবলার মাতসুশিমা সুমাইয়াকে ‘বিদ্রোহী’ ও আওয়ামী লীগের পক্ষের আখ্যা দিয়ে হুমকি প্রদান।

২. প্রকাশিতঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ ঢাকা - মেহেরপুর জেলা পুলিশের অধিযাচনের প্রেক্ষিতে সাবেক জনপ্রশাসনমন্ত্রী ফরহাদ হোসেনের স্ত্রী ও যুব মহিলা লীগের কেন্দ্রীয় কমিটির সহ-সভাপতি সৈয়দা মোনালিসা হোসেনকে গ্রেপ্তার করা হয়েছে।

৩. প্রকাশিত ১৭ ফেব্রুয়ারি ২০২৫, ইত্তেফাক; ঘটনার তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ চট্টগ্রাম - চট্টগ্রামে একাত্তরের ঘাতক দালাল নির্মূল কমিটির মহিলাবিষয়ক সহ-সম্পাদক কানিজ ফাতেমা লিমাকে ১৬ ফেব্রুয়ারি পুলিশে দেন বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের কর্মীরা।

৪. প্রকাশিতঃ ১৭ ফেব্রুয়ারি ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ কুড়িগ্রাম - ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটির সাবেক নেত্রী এবং আওয়ামী লীগের কেন্দ্রীয় কমিটির বন ও পরিবেশবিষয়ক উপকমিটির সদস্য দোলনা আক্তারকে ১৬ ফেব্রুয়ারি ফুলবাড়িতে ছাত্রজনতার উপর হামলার জন্য দায়েরকৃত মামলায় গ্রেপ্তার করেছে পুলিশ।

৫. প্রকাশিতঃ ১৯ ফেব্রুয়ারি ২০২৫, বাংলা ট্রিবিউন; ঘটনার তারিখঃ ১৮ ফেব্রুয়ারি ২০২৫, ঢাকাঃ ইডেন মহিলা কলেজ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক সামিয়া আক্তার বৈশাখী স্নাতকের সনদ তুলতে ক্যাম্পাসে এলে শিক্ষার্থীরা তাকে পুলিশের কাছে ধরিয়ে দেয়। জুলাই ২০২৪ এ শাওন সিকদার হত্যা মামলায় বৈশাখীকে কারাগারে পাঠানো হয়।

৬. প্রকাশিতঃ ২৭ ফেব্রুয়ারি ২০২৫, সমকাল; ঘটনার তারিখঃ ২৬ ফেব্রুয়ারি ২০২৫; স্থানঃ বাজিতপুর, কিশোরগঞ্জ - বাজিতপুর উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মো. শাহজাহানের বাড়িতে ৫ আগস্টের পরেও আগুন, লুটপাট চালানো হয়। মোঃ শাহজাহানের বিরুদ্ধে মামলা থাকায় তিনি পলাতক ছিলেন। ১৮ ফেব্রুয়ারি রাতে একদল লোক আবার তার বাড়িতে আগুন দেয়। এতে ভয় পেয়ে মোঃ শাহজাহানের স্ত্রী আকলিমা বেগম স্ট্রোক করে মারা যান।

মার্চ ২০২৫

১. প্রকাশিতঃ ১৫ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৫ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - বাংলাদেশ সফররত জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেসকে বিশ্ব স্বাস্থ্য সংস্থার দক্ষিণ-পূর্ব এশিয়া অঞ্চলের পরিচালক সায়মা ওয়াজেদের (পুতুল) নিয়োগ পুনর্বিবেচনার আহ্বান জানান বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের মুখপাত্র উমামা ফাতেমা।

২. প্রকাশিতঃ ১৬ মার্চ ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৬ মার্চ ২০২৫; স্থানঃ বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয়, ঢাকা - বাংলাদেশ মেডিকেল বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক অনিন্দিতা দত্তকে ১৬ মার্চ একদল মানুষ হেনস্তা করার চেষ্টা করে। বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে এ ঘটনার এক পর্যায়ে সেনাবাহিনী তাঁকে উদ্ধার করে নিরাপদ স্থানে পৌঁছে দেয়। অনিন্দিতা দত্ত এই বিশ্ববিদ্যালয়ের সাবেক উপাচার্য এবং আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য অধ্যাপক প্রাণ গোপাল দত্তের মেয়ে।

৩. প্রকাশিতঃ ২১ মার্চ ২০২৫, আজকের পত্রিকা; ঘটনার তারিখঃ ২১ মার্চ ২০২৫; স্থানঃ ঢাকা - ২১ মার্চ আওয়ামী লীগের মিছিলের সময় স্থানীয়রা কেন্দ্রীয় যুব মহিলা লীগের সদস্য লাবনী সহ তিনজনকে মারধোর করে পুলিশে ধরিয়ে দেয়।

এপ্রিল ২০২৫

১. প্রকাশিতঃ ২ এপ্রিল ২০২৫, বিডিনিউজ; ঘটনার তারিখঃ ২ এপ্রিল ২০২৫; স্থানঃ লন্ডন - ২ এপ্রিল টিউলিপ সিদ্দিকী বাংলাদেশের কর্তৃপক্ষের অভিযোগগুলোকে 'ভুয়া' দাবি করে তিনি বলেন, "সংবাদমাধ্যমে মাসের পর মাস মিথ্যা প্রচারণা চালানো হলেও তারা আমার সঙ্গে যোগাযোগ করেনি।" তিনি বলেন, দুই সপ্তাহেরও বেশি সময় আগে তার আইনজীবীরা ভিত্তিহীন অভিযোগের তথ্য নিয়ে সংবাদমাধ্যমের সামনে ব্রিফিং বন্ধ করতে চিঠি দিয়েছিলেন। একই সঙ্গে তাদের যেকোনো আইনসিদ্ধ প্রশ্ন দ্রুত তার কাছে পাঠানোর অনুরোধ করেছিলেন। "জবাব দেওয়ার সেই সময়সীমা শেষ হলেও বাংলাদেশ কর্তৃপক্ষ এখনও কোনো প্রশ্ন পাঠায়নি কিংবা উত্তর দেয়নি।

২. প্রকাশিতঃ ১৫ এপ্রিল ২০২৫, প্রথম আলো, ঘটনার তারিখঃ ১৫ এপ্রিল ২০২৫, স্থানঃ ঢাকা - অবৈধ সুবিধা নিয়ে ঢাকার গুলশানে ইস্টার্ন হাউজিং লিমিটেডের ফ্ল্যাট নেওয়ার অভিযোগে টিউলিপ সিদ্দিকসহ তিনজনের বিরুদ্ধে মামলা করেছে দুদক।

মে ২০২৫

১. প্রকাশিতঃ ৭ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৬ মে ২০২৫; স্থানঃ ঢাকা - বাংলাদেশ মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক ইসমত আরা হ্যাপি সহ চার নেতাকে ৬ মে গ্রেপ্তার করা হয়।

২. প্রকাশিতঃ ১০ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ৯ মে ২০২৫; স্থানঃ ঢাকা - সাবেক সংসদ সদস্য কৃষক লীগের নেত্রী শামীমা আক্তার খানমকে ৯ মে ঢাকা থেকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ জানায় শামীমা আক্তারের বিরুদ্ধে একাধিক মামলা রয়েছে।

৩. প্রকাশিতঃ ১০ মে ২০২৫, কালের কণ্ঠ; ঘটনার তারিখঃ ১০ মে ২০২৫; স্থান ঢাকা - ঢাকা উত্তরের ৯৪ নং ওয়ার্ড যুব মহিলা লীগের সভাপতি মুন্নিকে ছাত্রদল ১০ মে পুলিশের হাতে তুলে দেয়।

৪. প্রকাশিতঃ ১২ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১০ মে ২০২৫, স্থানঃ ঢাকা - আওয়ামী লীগের সাবেক সংসদ সদস্য ও জনপ্রিয় সংগীতশিল্পী মমতাজ বেগমকে ১০ মে গ্রেপ্তার করে ঢাকা মহানগর গোয়েন্দা পুলিশ। পুলিশ জানায়, মমতাজ বেগমের বিরুদ্ধে খুনসহ একাধিক মামলা রয়েছে।

৫. প্রকাশিতঃ ২০ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ১৯ মে ২০২৫; স্থানঃ সাতক্ষীরা - সাতক্ষীরায় সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য ও জেলা আওয়ামী লীগের শিক্ষা ও মানবসম্পদবিষয়ক সম্পাদক লায়লা পারভীনকে ১৯ মে গ্রেপ্তার করে পুলিশ। পুলিশ জানায় বিশেষ ক্ষমতা আইনের একটি মামলায় তিনি তদন্তাধীন আসামি।

৬. প্রকাশিতঃ ২২ মে ২০২৫, প্রথম আলো; ঘটনার তারিখঃ ২২ মে ২০২৫; স্থানঃ ঢাকা - হত্যাসহ দুটি পৃথক মামলায় ২২ মে সাবেক সংসদ সদস্য ও জনপ্রিয় সংগীতশিল্পী মমতাজ বেগমের ৬ দিনের রিমান্ড দেয় আদালত। শুনানি শেষে প্রিজন ভ্যানে ওঠানোর সময় মমতাজ বেগমকে লক্ষ্য করে বিএনপির কর্মীরা ডিম ও জুতা নিক্ষেপ করে।

৭. প্রকাশিত: ২৮ মে ২০২৫, প্রথম আলো: বিএনপির আইনবিষয়ক সম্পাদক কায়সার কামালকে নিয়ে মানহানিকর বক্তব্য প্রচারের অভিযোগে ছাত্রলীগ নেত্রী মবিনা জান্নাতের বিরুদ্ধে আদালত গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।

জুন ২০২৫

১. প্রকাশিত: ২ জুন ২০২৫, প্রথম আলো: জুলাই ২০২৪ এ হত্যাচেষ্টার অভিযোগে দায়ের করা মামলায় গ্রেপ্তার হয়ে কারাগারে পাঠানো জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের অবসরপ্রাপ্ত অধ্যাপক এস এম আনোয়ারা বেগম পরে জামিন লাভ করেন।

২. প্রকাশিত: ২ জুন ২০২৫, প্রথম আলো, জুলাই ২০২৪কে কেন্দ্র করে দায়ের হওয়া দুটি হত্যাসহ তিনটি মামলায় সাবেক মেয়র সেলিনা হায়াৎ আইভীর জামিন নামঞ্জুর করা হয়।

৩. প্রকাশিত: ১১ জুন ২০২৫ , সমকাল, গোপালগঞ্জ জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক জি এম সাহাবুদ্দিন আজমের স্ত্রী মরিয়ম বেগমকে সেনাবাহিনীর ওপর হামলা ও গাড়ি ভাঙচুর মামলায় কারাগারে পাঠানো হয়।

৪. প্রকাশিত: ১৪ জুন ২০২৫, যুগান্তর, জুলাই ২০২৪ এর সময় দেওয়া একটি ফেসবুক স্ট্যাটাসের কারণে বিটিভির ঈদ অনুষ্ঠান থেকে অভিনেত্রী শিরিন শিলাকে বাদ দেওয়া হয়। ২০২৪ সালের জুলাই মাসে তথাকথিত কোটা সংস্কার আন্দোলন নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে শিরিন শিলা লেখেন, 'কিসের এত আন্দোলন, সুখে থাকলে ভূতে কিলায়'

৫. প্রকাশিত: ২৪ জুন ২০২৫, যুগান্তর, ২৩ জুন দিবাগত রাতে বরিশাল নগরীর ১০ নম্বর ওয়ার্ড মহিলা আওয়ামী লীগের সাবেক সভাপতি তানিয়া আক্তারকে পুলিশ গ্রেপ্তার করে। পুলিশ দাবি করে, আওয়ামী লীগের প্রতিষ্ঠাবার্ষিকী পালনের নামে দেশবিরোধী ষড়যন্ত্রের তথ্যের ভিত্তিতে অভিযান চালানো হয়েছিল।

জুলাই ২০২৫

১. প্রকাশিত: ১ জুলাই ২০২৫, প্রথম আলো: মাগুরা-১ আসনের সাবেক সংসদ সদস্য সাইফুজ্জামান শিখরের স্ত্রী সীমা রহমানের প্লট, গাড়ি ও তিনটি ব্যাংক হিসাব জব্দ করা হয়।

২. প্রকাশিত: ২ জুলাই ২০২৫, যুগান্তর। ঘটনার তারিখ: ১ জুলাই ২০২৫। স্থান: কবিরহাট, নোয়াখালী: আওয়ামী লীগ নেতা কামাল খানের বৃদ্ধ মা হোসনে আরা বেগমের বাড়িতে ঢুকে দুর্বৃত্তরা হামলা চালায় এবং স্বর্ণালংকার ও নগদ অর্থ লুট করে বলে অভিযোগ ওঠে।

৩. প্রকাশিত: ১০ জুলাই ২০২৫, প্রথম আলো: অন্তর্বর্তী সরকার সরকারি নারী কর্মকর্তাদের ‘স্যার’ বলে সম্বোধনের নির্দেশনা বাতিল করে। সরকার জানায়, নারী কর্মকর্তাদের ‘স্যার’ বলে সম্বোধন করা অস্বাভাবিক। যদিও এটি সরাসরি কোনো হামলা বা মামলা নয়, নারীদের প্রশাসনিক পরিচয়, মর্যাদা ও প্রাতিষ্ঠানিক অবস্থান নিয়ে বিতর্কের অংশ হিসেবে উল্লেখযোগ্য।

আগস্ট ২০২৫

১. প্রকাশিত: ৭ আগস্ট ২০২৫, বণিক বার্তা: আওয়ামী লীগ নেতাকর্মীদের গেরিলা প্রশিক্ষণের অভিযোগে মেজর সাদিকের স্ত্রী সুমাইয়া জাফরিনকে গ্রেপ্তার করা হয়। ভাটারা থানার সন্ত্রাসবিরোধী আইনের মামলায় আদালত তাঁর ৫ দিনের রিমান্ড মঞ্জুর করেন। আদালতে তিনি দাবি করেন যে প্রশিক্ষণের আয়োজন আগে থেকেই করা ছিল এবং তিনি ও তাঁর স্বামী কেবল আমন্ত্রণ পেয়ে সেখানে কিছু সময়ের জন্য গিয়েছিলেন। ডিএমপির তথ্যমতে, এ ঘটনায় এ পর্যন্ত ২৮ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

২. প্রকাশিত: ১২ আগস্ট ২০২৫, প্রথম আলো, ছাত্রলীগের একটি কথিত গোপন বৈঠকের সঙ্গে সম্পৃক্ততার অভিযোগে গ্রেপ্তার সুমাইয়া জাফরিন ১২ আগস্ট স্বীকারোক্তিমূলক জবানবন্দি দেন বলে সংবাদে উল্লেখ করা হয়। প্রতিবেদনে বলা হয়, তাঁকে আওয়ামী লীগ ও ছাত্রলীগের নেতা-কর্মীদের সঙ্গে গোপন সভা, তথ্য সমন্বয় এবং অনলাইন যোগাযোগ কার্যক্রমের সঙ্গে সম্পৃক্ত বলে অভিযোগ করা হয়েছে।

৩. প্রকাশিত: ১৫ আগস্ট ২০২৫, প্রথম আলো: হত্যাচেষ্টা মামলায় গ্রেপ্তার অভিনেত্রী শমী কায়সার কাশিমপুর কেন্দ্রীয় নারী কারাগার থেকে জামিনে মুক্তি পান।

অক্টোবর ২০২৫

১. প্রকাশিত: ৭ অক্টোবর ২০২৫, প্রথম আলো: সন্ত্রাসবিরোধী আইনের একটি মামলায় সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য তামান্না নুসরাতসহ ১৭ জন নেতাকর্মীকে রিমান্ডে নেওয়ার অনুমতি দেন আদালত।

২. প্রকাশিত: ৬ অক্টোবর ২০২৫, প্রথম আলো, আওয়ামী লীগের নেতা ও সাবেক মন্ত্রী ডা. দীপু মনি আদালতে অসুস্থতার কথা উল্লেখ করে উন্নত চিকিৎসার আবেদন জানান। তিনি আদালতে বলেন যে সম্প্রতি সাবেক মন্ত্রী নুরুল

মজিদ হুমায়ুনের মৃত্যু তাঁকে উদ্বিগ্ন করেছে এবং তাঁরও চিকিৎসার প্রয়োজন রয়েছে। তিনি বলেন, “আমাদের কি মরিয়া প্রমাণ করতে হবে আমরা অসুস্থ?”

৩. প্রকাশিত: ১৪ অক্টোবর ২০২৫, ইত্তেফাক। ঘটনার তারিখ: ১৩ অক্টোবর ২০২৫ দিবাগত রাত। স্থান: বরিশাল: ঝালকাঠি জেলা আওয়ামী লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক শারমিন মৌসুমী কেকার মরদেহ উদ্ধার করে পুলিশ। প্রতিবেদনে বলা হয়, জুলাই ২০২৪ এর পর তিনি তিনটি মামলার আসামি ছিলেন এবং গ্রেপ্তারের আশঙ্কায় নিজ জেলা ছেড়ে শ্বশুরবাড়িতে আত্মগোপনে ছিলেন।

ডিসেম্বর ২০২৫

১. প্রকাশিতঃ ১৯ ডিসেম্বর, ২০২৫, পুলিশ রিপোর্টঃ ধানমন্ডি ৩২ নম্বরে এক বয়স্ক নারীকে মারধরের ঘটনায় মূল অভিযুক্ত এনসিপি নেত্রী জান্নাত রুমীর রহস্যজনক মরদেহ জিগাতলার একটি হোস্টেল থেকে উদ্ধার করা হয়েছে।

ফেব্রুয়ারি ২০২৬

১. প্রকাশিতঃ ৬ ফেব্রুয়ারি, ২০২৬, প্রথম আলোঃ সংরক্ষিত নারী আসনের সাবেক সংসদ সদস্য ও আওয়ামী লীগ নেত্রী লায়লা পারভীন সেজুতিকে পুলিশ গ্রেপ্তার করে কারাগারে পাঠিয়েছে।

এপ্রিল ২০২৬

১. প্রকাশিতঃ ২১ এপ্রিল ২০২৬, বাংলা ট্রিবিউনঃ ২১ এপ্রিল দেড় মাসের শিশু সন্তান সহ কারাগারে পাঠানো হয় যুবলীগ নেত্রী শিল্পী বেগমকে।

২. প্রকাশিতঃ ২১ এপ্রিল, ২০২৬, কালের কণ্ঠঃ জামিনের পর লোকচক্ষুর অন্তরালে থাকা শিরিন শারমিন আর রাজনীতি করবেন না মুচলেকা দিয়ে দেশ ছাড়বেন বলে সংবাদ মাধ্যমে জানা গেছে।

শেষকথা

এই প্রতিবেদনের পৃষ্ঠাগুলোয় নথিভুক্ত ঘটনাগুলো কেবল পরিসংখ্যান নয়। এগুলোর পেছনে রয়েছে ধর্ষিত কন্যাশিশুর আর্তনাদ, সহিংসতার শিকার নারীর ন্যায়বিচারের আকুতি, আতঙ্কে দিন কাটানো সংখ্যালঘু পরিবারের অনিশ্চয়তা এবং রাজনৈতিক পরিচয়ের কারণে জীবন ও ভবিষ্যৎ বিপন্ন হয়ে পড়া অসংখ্য নারীর বাস্তব অভিজ্ঞতা। প্রতিটি ঘটনা শুধু একটি ব্যক্তির ওপর আঘাত নয়; বরং আমাদের সমাজ, রাষ্ট্র এবং মানবিক মূল্যবোধের ওপরেও একটি আঘাত।

এই প্রতিবেদনের সবচেয়ে গুরুত্বপূর্ণ অনুসিদ্ধান্ত হলো, নারী, শিশু এবং অন্যান্য অরক্ষিত জনগোষ্ঠীর নিরাপত্তা কখনোই একটি বিচ্ছিন্ন মানবাধিকারের প্রশ্ন নয়। একটি সমাজের প্রকৃত চরিত্র প্রকাশ পায় তার সবচেয়ে অরক্ষিত মানুষগুলোর জীবনে। তারা নিরাপদ থাকলে সমাজ নিরাপদ থাকে; তারা নিরাপত্তাহীন হয়ে পড়লে পুরো সমাজই নিরাপত্তাহীন হয়ে পড়ে। তাই নারী, শিশু এবং অন্যান্য অরক্ষিত জনগোষ্ঠীর প্রতি আচরণই শেষ পর্যন্ত একটি সমাজের ন্যায়বিচার, গণতন্ত্র এবং মানবিকতার প্রকৃত পরিমাপ হয়ে ওঠে।

প্রতিবেদনটি আরও দেখায় যে সহিংসতা শুধু শারীরিক নয়। ভয়, সামাজিক বর্জন, রাজনৈতিক প্রতিশোধ, কণ্ঠরোধ এবং সুযোগ থেকে বঞ্চিত করাও সহিংসতারই রূপ। কারণ সহিংসতার উদ্দেশ্য সবসময় শরীরকে আঘাত করা নয়; অনেক সময় এর উদ্দেশ্য থাকে মানুষকে ভয় দেখানো, প্রান্তিক করে দেওয়া, জনপরিসর থেকে সরিয়ে দেওয়া অথবা তাকে এমন অবস্থায় ঠেলে দেওয়া, যেখানে সে নিজের অধিকার প্রয়োগ করতে ভয় পায়। যখন কোনো নারী রাজনৈতিক পরিচয়ের কারণে শিক্ষাপ্রতিষ্ঠানে যেতে পারেন না, যখন কোনো শিশু নিরাপত্তাহীনতার কারণে স্বাভাবিক শৈশব থেকে বঞ্চিত হয়, যখন কোনো সংখ্যালঘু পরিবার ভয়ের কারণে নিজের পরিচয় প্রকাশ করতে দ্বিধা করে, অথবা যখন মানুষকে কথা বলার অধিকার প্রয়োগের জন্য মূল্য দিতে হয়, তখন সেই ক্ষত শারীরিক আঘাতের মতোই বাস্তব এবং দীর্ঘস্থায়ী। তাই নারী ও শিশুদের নিরাপত্তা নিশ্চিত করা মানে কেবল অপরাধ দমন নয়; বরং এমন একটি সমাজ গড়ে তোলা, যেখানে প্রত্যেক ব্যক্তি মর্যাদা, স্বাধীনতা এবং সমঅধিকার নিয়ে বেঁচে থাকতে পারে।

বাংলাদেশের জন্ম হয়েছিল ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের মধ্য দিয়ে। সেই সংগ্রামের কেন্দ্রবিন্দুতে ছিল মানুষের মর্যাদা, সমতা, গণতন্ত্র, ধর্মনিরপেক্ষতা এবং সামাজিক ন্যায়বিচারের অঙ্গীকার। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে প্রতিষ্ঠিত রাষ্ট্র সেই আদর্শগুলোকে ১৯৭২ সালের সংবিধানের মৌলিক রাষ্ট্রনীতি হিসেবে ধারণ করে। জাতীয়তাবাদ, সমাজতন্ত্র, গণতন্ত্র এবং ধর্মনিরপেক্ষতার যে ভিত্তির ওপর বাংলাদেশের সাংবিধানিক কাঠামো নির্মিত হয়েছিল, তার মূল দর্শন ছিল সকল নাগরিকের সমান মর্যাদা, সমঅধিকার এবং নিরাপত্তা নিশ্চিত করা। পরবর্তী সময়ে

শেখ হাসিনার নেতৃত্বে পরিচালিত রাষ্ট্রব্যবস্থাও এই সাংবিধানিক ও মুক্তিযুদ্ধভিত্তিক আদর্শের আলোকে একটি অন্তর্ভুক্তিমূলক, নারী-অগ্রগতি ও উন্নয়নমুখী বাংলাদেশ গড়ে তোলার প্রচেষ্টায় নিয়োজিত ছিলো।

অতএব, নারী, শিশু, ধর্মীয় সংখ্যালঘু এবং অন্যান্য অরক্ষিত জনগোষ্ঠীর বিরুদ্ধে সহিংসতা কেবল কিছু ব্যক্তির অধিকারের লঙ্ঘন নয়; এটি মুক্তিযুদ্ধের চেতনা, ১৯৭২ সালের সংবিধানে ঘোষিত মৌলিক রাষ্ট্রনীতি, এবং বাংলাদেশের প্রতিষ্ঠাকালীন অঙ্গীকারেরও পরিপন্থী। একটি রাষ্ট্র তার সবচেয়ে ক্ষমতাবান নাগরিকদের নয়, বরং তার সবচেয়ে অরক্ষিত নাগরিকদের কতটা নিরাপত্তা দিতে পারে, তার মাধ্যমেই প্রকৃতভাবে মূল্যায়িত হয়।

এই প্রতিবেদনের লক্ষ্য শুধু আগস্ট ২০২৪-এর পর থেকে এখন পর্যন্ত ঘটে চলা নারী, শিশু, সংখ্যালঘু এবং অরক্ষিত জনগোষ্ঠীর বিরুদ্ধে সংঘটিত সহিংসতার ঘটনাগুলো নথিভুক্ত করা নয়। এর লক্ষ্য স্মরণ করিয়ে দেওয়া যে, ন্যায়বিচার, জবাবদিহিতা, মানবিক মর্যাদা এবং আইনের শাসন শুধুমাত্র কোনো রাজনৈতিক দল বা পক্ষের দাবি নয়; এগুলো বাংলাদেশের রাষ্ট্রীয় অস্তিত্বের ভিত্তি। নারী, শিশু এবং অরক্ষিত জনগোষ্ঠীর নিরাপত্তা ও অধিকার নিশ্চিত করার মধ্য দিয়েই বাংলাদেশ মুক্তিযুদ্ধের চেতনা, সংবিধানের প্রতিশ্রুতি এবং রাষ্ট্র প্রতিষ্ঠার আদর্শের প্রতি সত্যিকার অর্থে বিশ্বস্ত থাকতে পারে।

লেখক পরিচিতি

ড. নওরীন তামান্না একজন আইন শিক্ষক এবং গবেষক । তিনি বর্তমানে যুক্তরাজ্যের রেডিং বিশ্ববিদ্যালয়ে আইন বিষয়ে অধ্যাপনা করছেন এবং দুই দশকেরও বেশি সময় ধরে আইন শিক্ষা, গবেষণা ও মানবাধিকার বিষয়ে কাজ করে আসছেন। নারী অধিকার, ধর্মীয় আইন ও নারীর অধিকার, পারিবারিক আইন, শিশুর অধিকার এবং মানবাধিকার বিষয়ে তাঁর উল্লেখযোগ্য গবেষণা ও প্রকাশনা রয়েছে।

রানা মেহের একজন ইতিহাসের শিক্ষক এবং মানবাধিকারকর্মী। তিনি বর্তমানে যুক্তরাজ্যের একটি বিদ্যালয়ে শিক্ষকতা করছেন। তিনি একজন সুপরিচিত ব্লগার ও দীর্ঘদিন ধরে মুক্তিযুদ্ধ, গণহত্যার স্বীকৃতি, সংখ্যালঘু নির্যাতন, নারী ও শিশু অধিকারসহ সামাজিক ও মানবাধিকার বিষয়ক বিভিন্ন বিষয়ে কাজ করে আসছেন।